বার্ষিক প্রতিবেদন
২০১৮-২০১৯



স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

উপদেষ্টাঃ

১। **জনাব তাজুল ইসলাম, এমপি**
মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নির্দেশনায়ঃ

জনাব হেলালুদ্দীন আহমদ
সচিব, স্থানীয় সরকার বিভাগ।

সম্পাদনা পরিষদঃ

- অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ - আহবায়ক
- অতিরিক্ত সচিব, (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মইই উইং, স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- অতিরিক্ত সচিব (পানি সরবরাহ), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- যুগ্মসচিব (মওমূ), স্থানীয় সরকার বিভাগ - সদস্য
- সহকারী সচিব (মনিটরিং-৩), স্থানীয় সরকার বিভাগ - সদস্য সচিব

সহযোগীতায় ঃ
স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন
সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

প্রকাশনায় ঃ
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা নং
অধ্যায়-১	**স্থানীয় সরকার বিভাগ**	**১-২৯**
১.১	**স্থানীয় সরকার বিভাগের অনুবিভাগসমূহ**	
১.২	অতিরিক্ত সচিবের অধীনস্থ অনুবিভাগ	৩-৭
১.৩	প্রশাসন অনুবিভাগ	৮-১২
১.৪	উন্নয়ন অনুবিভাগ	১৩-১৪
১.৫	নগর উন্নয়ন অনুবিভাগ	১৪-১৮
১.৬	পানি সরবরাহ অনুবিভাগ	১৯-২৫
১.৭	মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন অনুবিভাগ	২৫-২৬
১.৮	পরিকল্পনা অধিশাখা	২৭-২৯
অধ্যায়-২	**স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে সরাসরি বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ**	৩০-৫০
২.১	বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়)	৩০-৩৩
২.২	আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প (২য় পর্যায়)	৩৪-৩৬
২.৪	আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প	৩৭-৩৮
২.৫	সৌহার্দ্য III (SHOUHARDO III) কর্মসূচি	৩৯-৪২
২.৬	লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি:৩)	৪৩-৫০
অধ্যায়-৩	**স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্বায়ত্বশাসিত সংস্থাসমূহ**	৫১-৭১
৩.১	জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)	৫১-৫৪
৩.২	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিআরডি)	৫৫-১১৯
৩.৩	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)	১২০-১৪২
৩.৪	রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় - জন্ম ও মৃত্যু নিবন্ধন	১৪৩-১৪৪
৩.৫	ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)	১৪৫-১৫৪
৩.৬	চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (চট্টগ্রাম ওয়াসা)	১৫৫-১৫৯
৩.৭	খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (খুলনা ওয়াসা)	১৬০-১৬৮
৩.৮	রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (রাজশাহী ওয়াসা)	১৬৯-১৮২
অধ্যায়-৪	**সিটি কর্পোরেশনসমূহ**	**১৮৩-২৬৮**

অধ্যায়-১

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার বিভাগ দেশের সকল নাগরিকের জীবনযাত্রার মান উন্নয়নে বিভিন্ন উন্নয়ন ও নাগরিক সেবা সম্প্রসারণের কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কার্যকর ও শক্তিশালী করা এদেশের জনগণের দীর্ঘ দিনের প্রত্যাশা। এ লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি ও সমন্বয় কার্যক্রম দৃঢ় করার ক্ষেত্রে কার্যকর ভূমিকাও পালন করছে। এ বিভাগের গৃহীত কার্যক্রম ও উদ্যোগসমূহ বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৫৯(২)(গ) ও ৬০ এবং অনুচ্ছেদ ১৬ এ বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতির সঙ্গে সম্পর্ক যুক্ত। স্থানীয় সরকার বিভাগের কার্যক্রম তৃণমূল পর্যায়ে বিস্তৃত। দেশের সকল ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, জেলা পরিষদ, পৌরসভা,সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ওয়াসার মত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান কর্মসংস্থানসহ দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ভৌত ও সামাজিক অবকাঠামোগত সুবিধা সৃষ্টি করছে। এছাড়া এ বিভাগ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি এবং নির্বাচিত জনপ্রতিনিধিদের দক্ষতা উন্নয়নে নিয়মিতভাবে প্রশিক্ষণ আয়োজন করে থাকে।

রূপকল্প এবং অভিলক্ষ্যঃ

রূপকল্প:

জনঅংশগ্রহণে কার্যকর স্থানীয় সরকার।

অভিলক্ষ্য:

স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ এবং আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন।

স্থানীয় সরকার বিভাগের প্রধান কার্যাবলিঃ

স্থানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট সকল দপ্তর, অধিদপ্তর ও সংস্থার জন্য আইন-বিধি ও নীতি প্রণয়ন এবং প্রয়োগ।

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সংস্থাপন ও প্রশাসনিক বিষয়াবলি।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অর্থায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ, পরিদর্শন ও মূল্যায়ন।
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), ওয়াটার এন্ড সুয়ারেজ অথরিটি (ওয়াসা), জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) এবং মশক নিবারণী দপ্তর এর প্রশাসনিক বিষয়াদি, অর্থায়ন এবং এ সকল প্রতিষ্ঠানসমূহের গৃহীত কর্মসূচি/প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
- পল্লী এলাকার ব্রিজ কালভার্টসহ সড়ক ও সামাজিক অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলি। গ্রোথ সেন্টার ও অন্যান্য হাট-বাজার উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা।
- শহর ও পল্লী এলাকায় সুপেয় ও নিরাপদ পানি সরবরাহ, পয়ঃনিষ্কাশন এবং জলাবদ্ধতা নিরসন ব্যবস্থার উন্নয়ন।
- ক্ষুদ্রাকার পানিসম্পদ অবকাঠামো উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং ব্যবস্থাপনা।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা উন্নয়ন, নির্বাচিত জনপ্রতিনিধি ও কর্মকর্তা-কর্মচারীগণের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াদি; এবং
- সরকারের আদেশ বলে অন্যান্য কার্যাদি।

স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক কাঠামো

প্রশাসনিক কাঠামো



দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান

অতিরিক্ত সচিবের অধীনস্থ অনুবিভাগ

অতিরিক্ত সচিবের অধীনস্থ অনুবিভাগে তিনজন উপসচিব, পাঁচজন সিনিয়র সহকারী সচিব ও একজন সিস্টেম এনালিস্ট এর পদ রয়েছে। স্থানীয় সরকার বিভাগের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে যে কোন ধরনের আইনগত কার্যক্রম গ্রহণ, ইউনিয়ন পরিষদ পরিচালনা, ব্যবস্থাপনা, জবাবদিহিমূলক, স্বচ্ছ, আত্মনির্ভরশীল ইউনিয়ন পরিষদ প্রতিষ্ঠার কার্যক্রম গ্রহণ, সমগ্র বিভাগের বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কার্যাবলী এবং ব্যবহারিক ক্ষেত্রে ই-গর্ভনেন্স ও ডিজিটাল প্রশাসনিক কার্যক্রম প্রচলনের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম এ অনুবিভাগের মাধ্যমে বাস্তবায়িত হয়।

আইন ১ ও ২ অধিশাখা

(ক) আইন-১ ও ২ শাখার মূল কাজ: আইন-১ ও আইন-২ শাখা স্থানীয় সরকার বিভাগের দুইটি গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম শাখা। স্থানীয় সরকার বিভাগ এবং এর অধীনস্থ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর/সংস্থাসমূহের সঙ্গে সংশ্লিষ্ট আইনগত কার্য ক্রম এ শাখাদ্বয়ের মাধ্যমে সম্পন্ন হয়। সরকারের আদেশ/সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন, সিভিল রিভিশন, সিভিল রিভিশন, সিভিল রুল, সিভিল পিটিশন, কনটেম্পট পিটিশন এবং প্রশাসনিক ট্রাইব্যুনালে দায়েরকৃত এটি/এএটি মামলা, জেলা জজ আদালতে দায়েরকৃত দেওয়ানী মামলা ও সিআর মামলার কার্য ক্রম আইন১ ও আইন-২ শাখা হতে পরিচালনা করা হয়। এছাড়াও সকল মামলার হালনাগাদ তথ্য/ডাটাবেজ সংরক্ষণের নিমিত্ত ডাটা-এন্ট্রি কার্য ক্রম শুরু করা হয়েছে। ২০১৮-২০১৯ সনে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট মহামান্য হাইকোর্ট বিভাগসহ অন্যান্য আদালতে বিচারাধীন/নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা প্রায় ১০,১৫০ টি।

(খ) মনিটরিং-৩ শাখার চাহিদা অনুযায়ী ২০১৮-২০১৯ সনে আইন-১ ও আইন-২ শাখার মামলা সংক্রান্ত বিবরণ:

ক্রমিক নং	শাখার নাম	পেন্ডিং মামলার জের	২০১৮-২০১৯ অর্থ বছরে দায়েরকৃত মামলার সংখ্যা	এ পর্যন্ত নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	এ পর্যন্ত সরকারের পক্ষে রায়ের সংখ্যা	এ পর্যন্ত সরকারের বিপক্ষে রায়ের সংখ্যা	এ পর্যন্ত দায়েরকৃত আপীল মামলার সংখ্য	মন্তব্য
০১.	আইন-১ শাখা	৯৩৭০	৩৫৯	১৫৮	৮৬	৭২	২৩	
০২.	আইন-২ শাখা	৭৯০	২২৫	-	-	-	-	
	মোট=	১০১৫০	৫৮৪	১৫৮	৮৬	৭২	২৩	

(গ) মামলার তথ্যাদি সংরক্ষণের জন্য একটি ডাটা-বেজ সফটওয়ার তৈরী করা হয়েছে। যাতে এ পর্যন্ত প্রায় ১,৩০০ মামলার তথ্যাদি ইনপুট দেওয়া হয়েছে।

ইউনিয়ন পরিষদ অধিশাখা

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে ইউনিয়ন পরিষদ সর্ব নিম্ন স্তর। বাংলাদেশে মোট ইউনিয়ন পরিষদের সংখ্যা ৪৫৭১। উন্নয়ন কর্ম কান্ডের সকল স্তরে জনগনের অংশগ্রহণ, স্থানীয় পর্যায়ে ক্ষমতা বিকেন্দ্রীকরণ, নারীকে উন্নয়ন কর্ম কান্ডের সাথে সম্পৃক্তকরণের মাধ্যমে নারীর ক্ষমতায়ন ও ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করার লক্ষ্যে সরকার বিভিন্ন কার্য ক্রম গ্রহণ করেছে। ইউনিয়ন পরিষদের আর্থি ক সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়ন কর্ম কান্ডে জনগণকে সরাসরি সম্পৃক্ত করার জন্য লোকাল গর্ভন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-৩) চালু রয়েছে। উচ্চতর আদালতে মামলার জট কমানো এবং স্থানীয় পর্যায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে অ্যাকটিভেটিং ভিলেজ কোর্ট স ইন বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পর্যায়েই অনেক বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা করা হয়েছে। অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং জনগনের দোরগোড়ায় তথ্যসেবা পৌছে দেওয়ার জন্য ইউনিয়ন পর্যায়ে প্রতিষ্ঠিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এছাড়া জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি)

এর মাধ্যমে ইউনিয়ন পরিষদসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি ও কর্ম কর্তা/কর্ম চারীগণকে প্রশিক্ষণ প্রদান করে আসছে। এনআইএলজি প্রশিক্ষণের পাশাপাশি গবেষণা কার্য ক্রমও পরিচালনা করছে। সরকারের সেবামূলক কার্য ক্রম জনগণের নিকট পৌছে দেয়ার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কেন্দ্রিক নিম্নবর্ণি ত বর্ণি ত উন্নয়ন ও সেবামূলক কার্য ক্রম পরিচালিত হচ্ছে

- ইউনিয়ন পরিষদকে শক্তিশালী স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ প্রণয়ন করা হয়। এছাড়া উক্ত আইনের পাশাপাশি ১৬টি বিধিমালা প্রণয়ন করা হয়েছে।
- ইউনিয়ন পর্য ায়েওয়ানস্টপ সার্ভি সপ্রদানের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহে কমপ্লেক্স ভবন নির্ম াণকরা হচ্ছে। ৪৫৭১ টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৩২১৯ টি ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স ভবন নির্মি তহয়েছে। ২২৫টি ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স ভবন নির্ম ানেরকাজ চলমান রয়েছে।
- ২০১৮-১৯ অর্থ বছরে ইউনিয়ন পরিষদের কর্ম চারীদের বেতন-ভাতা, উৎসব, আনুতোষিক, পোষাক সরবরাহ এবং চেয়ারম্যান/সদস্যদের সম্মানীভাতা বাবদ মোট ৭২২ কোটি ১৮ লক্ষ ৫০ হাজার টাকা ছাড় করা হয়েছে।
- ইউনিয়ন উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ হতে ২০১৮-১৯ অর্থ বছরেগ্রাম আদালত পরিচালনার সুবিধার্থে এজলাস নির্ম াণের জন্য ৪১৬টি ইউনিয়নে (প্রতি ইউনিয়নে ১,২০,০০০/= টাকা করে) মোট ৫.০০ কোটি (পাঁচ কোটি) টাকা অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে। পর্য ায়ক্রমেসকল ইউনিয়নে এজলাস নির্ম ান করা হবে। এছাড়া দক্ষতা ও কর্ম তৎপরতা মূল্যায়নের ভিত্তিতে জেলা পর্য ায়ে শ্রেষ্ঠ ইউপি চেয়ারম্যানগণকে ২০১৮-১৯ অর্থ বছরে৫.০০ (পাঁচ) কোটি টাকা অর্থ বরাদ্দ প্রদান করা হয়েছে।
- ইউনিয়ন পরিষদের কার্য ক্রমকেসুষ্ঠুভাকে সম্পাদনের জন্য ৪৫৫৩ টি ইউনিয়ন পরিষদের প্রতিটিতে একজন করে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর পদ সৃজন করা হয়েছে এবং সৃজনকৃত ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর নিয়োগ করার জন্য সকল জেলা প্রশাসককে নির্দে শনাপ্রদান করা হয়েছে।
- গত ০৯/০৮/২০১৭ তারিখে ইউপি চেয়ারম্যানের সম্মানীভাতা ৩৫০০ টাকা হতে বৃদ্ধি করে ১০০০০ টাকা নির্ধ ারণ করা হয়েছে, যার মধ্যে সরকারি অংশ ৪৫০০ টাকা। এছাড়া ইউপি সদস্যগণের সম্মানীভাতা ২০০০ টাকা হতে বৃদ্ধি করে ৮০০০ টাকা নির্ধ ারণকরা হয়েছে, যার মধ্যে সরকারি অংশ ৩৬০০ টাকা। যা ১ জুলাই, ২০১৬ হতে কার্য করহয়েছে।
- ০৪ নভেম্বর ২০১৮ হতে ইউনিয়ন পরিষদে কর্ম রত দফাদারদের বেতন ৩৪০০ টাকা হতে বৃদ্ধি করে ৭০০০ টাকায় এবং মহাল্লাদারদের বেতন ৩০০০ টাকা থেকে বৃদ্ধি করে ৬৫০০ টাকায় নির্ধ ারণকরা হয়েছে। ২৬/০১/২০১৬ তারিখ হতে গ্রামপুলিশগণের অবসরগ্রহণ কালে এককালিন অনুদান হিসেবে ৬০,০০০/- ও ৫০,০০০/- টাকা নির্ধ ারণকরা হয়েছে। এছাড়া গ্রামপুলিশগণ অবসরের পূর্বে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে অবসরকালিন বর্তমান প্রদত্ত সুবিধা মৃত্যুবরণকারীর পরিবারের অনুকুলে প্রদানের বিষয়ে গত ১২/১১/২০১৭ তারিখে নির্দে শনাপ্রদান করা হয়েছে। গ্রামপুলিশগণের সপ্তাহে একদিন থানায় হাজিরার জন্য যাতায়াত ও দৈনিক ভাতা বাবদ ৩০০ টাকা প্রদানের জন্য ০১/০৩/২০১৭ তারিখে পত্র জারি করা হয়েছে।

বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্য ায় প্রকল্প :

পল্লী এলাকার নারী, দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠী যাতে তাদের প্রতি সংঘঠিত অন্যায়ের প্রতিকার স্থানীয় পর্য ায়ে গ্রাম আদালতের মাধ্যমে দ্রুত ও স্বল্প ব্যয়ে পেতে পারে সেলক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে ইউএনডিপি ও ইউরোপীয় ইউনিয়ন-এর আর্থি ক সহযোগিতায় বাংলাদেশের ১৪টি জেলার ৫৭টি উপজেলায় ৩৫১টি ইউনিয়নে ৭ বছর মেয়াদী (২০০৯-১৫) "Activating Village Courts in Bangladesh" শীর্ষ ক প্রকল্পের প্রথম পর্য ায়ের কার্য ক্রম সমাপ্ত হয়েছে। প্রথম পর্য ায় সমাপ্তির পর উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে দেশের ২৭টি জেলার ১৩৫ উপজেলার ১,০৮০টি ইউনিয়নে বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্য ায় প্রকল্পটির (২০১৬-২০১৯) কার্য ক্রম চলমান রয়েছে। প্রকল্পের শুরু থেকে জুন ২০১৯ পর্য ন্ত প্রকল্পভূক্ত বিভিন্ন ইউনিয়নে মোট ১,১৯,৬৯৬ টি মামলা নথিভ,ক্ত করা হয়েছে, যার মধ্যে ৯৪,১৯৩টি মামলার রায় প্রদান করা হয়েছে এবং ৮৮,৪৯৮ মামলার রায় বাস্তবায়িত হয়েছে। ৬৪৫৭টি মামলা উচ্চ আদালত থেকে নিষ্পত্তির লক্ষ্যে গ্রাম আদালতে প্রেরণ

করা হয়েছে। এছাড়া প্রকল্পটির দ্বিতীয় পর্যায়ে গ্রাম আদালতের মাধ্যমে প্রতিবাদীর কাছ থেকে৯২ কোটি ১২ লক্ষ টাকা ক্ষতিপূরণ আদায় করে আবেদনকারীকে প্রদান করা হয়েছে। প্রকল্পটির মাধ্যমে ২৪০০৬ জনকে গ্রাম আদালতের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট৩ (এলজিএসপি-৩) :

স্থানীয় সরকারকে গতিশীল ও কার্যকর প্রশাসনিক ইউনিটে পরিণত করে তৃণমূল পর্যায়ে সেবারমান বৃদ্ধি এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট৩ (এলজিএসপি-৩) এর কার্যক্রম শুরু হয়েছে। প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর, ২০২১। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫,৫৩৫ কোটি (পাঁচ হাজার পাঁচশত পয়ত্রিশ কোটি) টাকা। এ প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদের রাস্তাঘাট, ব্রিজ, কালভার্ট, হাট-বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, পয়নিষ্কাশন, বিশুদ্ধ পানি সরবরাহের সুব্যবস্থাসহ কৃষি উন্নয়নের জন্য সেচ ব্যবস্থায় ব্যাপক অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

- নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নকে এ প্রকল্প বিশেষ গুরুত্ব প্রদান করছে। স্থানীয় পর্যায়ে জনঅংশগ্রহণের মাধ্যমে এলাকার উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহকে প্রকল্প থেকে যে থোক বরাদ্দ প্রদান করা হচ্ছে তার ৩০% অর্থ মহিলাদের দ্বারা বাছাইকৃত স্কিমসমূহ বাস্তবায়নে ব্যয় করা হচ্ছে।

উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) :

তৃনমূল পর্যায়ে সুবিধাবঞ্চিত গ্রামীন হতদরিদ্র মহিলাদের আর্থসামাজিক উন্নয়নের জন্য স্বপ্ন প্রকল্পটি ইউএনডিপি'র কারিগরি সহযোগীতায় স্থানীয় সরকার বিভাগ দেশের ২২টি জেলার ১০৬ টি উপজেলার অধীনে ১০৩০ টি ইউনিয়নে বাস্তবায়ন করছে। গ্রামীন সড়ক ও অন্যান্য অবকাঠামো রক্ষণাবেক্ষনের কাজে হতদরিদ্র মহিলাদেরকে ইউনিয়ন পরিষদের অধীনে চুক্তি ভিত্তিক নিয়োগ দেয়া হয়। এর পাশাপাশি বাধ্যতামূলক সঞ্চয় সৃষ্টি করে কাঙ্খিত মানবিক ও কারিগরী দক্ষতা উন্নয়নের মাধ্যমে হতদরিদ্র মহিলাদেরকে আয়বৃদ্ধিমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরা হয়।

- ২০১৮-১৯ অর্থবছরে উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ উন্নয়ন (স্বপ্ন) শীর্ষক প্রকল্পের মাধ্যমে ৪৪৬৪ জন মহলিা উপকারভোগীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তন্মধ্যে ১০০ জন মহিলা উপকারভোগীকে রপ্তানীমুখী শিল্প কারখানায় নিয়োগ প্রদান করা হয়েছে। উক্ত মহিলা উপকারভোগীকে ১০৬ কর্মদিবসে নগদ মজুরী হিসেবে মোট ৭.১০ কোটি টাকা প্রদান করা হয়েছে। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে মহিলা উপকারভোগীদের জীবনযাত্রার মানোন্নয়নে ভূমিকা রাখবে।

ইউনিয়ন ডিজিটাল সেন্টার :

তৃণমুল পর্যায়ে জনগণের দোড়গোড়ায় তথ্য সেবা পৌছে দেয়ার লক্ষ্যে২০১০ সালে ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র চালু করা হয়, যার বর্তমান নাম ইউনিয়ন ডিজিটাল সেন্টার। বর্তমানে দেশের প্রত্যেকটি ইউনিয়নে ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে, যেখানে সার্ব ক্ষনিক বিদ্যুৎ সংযোগের মাধ্যমে প্রন্তিক জনগণকে ইসেবা প্রদান করা হচ্ছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে ১২২ ধরণের সরকারি ও বেসরকারি সেবা প্রদান করা হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে প্রদত্ত উল্লেখযোগ্যসমূহ হলো : জমির পর্চা, জীবন বীমা, পল্লী বিদ্যুতের বিল পরিশোধ, সরকারি ফরম, পাবলিক পরীক্ষার ফলাফল, অনলাইনে বিশ্ববিদ্যালয়ে ভর্তি, জন্ম ও মৃত্যু নিবন্ধন, ভিজিএফ-ভিজিডি তালিকা, নাগরিক সনদ, নাগরিক আবেদন, কৃষি তথ্য, স্বাস্থ্য পরামর্শ, মোবাইল ব্যাংকিং, কম্পিউটার প্রশিক্ষণ, ছবি তোলা, ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, চাকুরির তথ্য, কম্পোজ, ব্রিটিশ কাউন্সিলের ইংরেজি শিক্ষা, ভিসা আবেদন ও ট্রাকিং, ভিডিও কনফারেন্সি, প্রিন্টিং, স্ক্যানিং, ফটোকপি,লেমিনেটিং, এজেন্ট ব্যাংকিং, ই-কমার্স, অনলাইন পাসপোর্ট আবেদন, ভিসার স্ট্যাটাস চেকিং, অনলাইনে ইন্ডিয়ান ভিসার আবেদন, বিদেশে গমনেচ্ছুদের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ইত্যাদি। ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে ইউনিয়ন ডিজিটাল সেন্টার মূখ্য ভূমিকা পালন করে যাচ্ছে। ডিজিটাল সেন্টারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় আইটি সেবাসমূহ সুলভ ও সহজলভ্য হওয়ায় মানুষের অর্থ ও সময়ের সাশ্রয় হয়েছে।

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন :

অক্টোবর, ২০১০ সাল থেকে অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম শুরু হয়। প্রাথমিক পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মাধ্যমে এর কার্যক্রম চলমান ছিল। অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধন) আইন, ২০১৩ অনুযায়ী ০১ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রতিষ্ঠা করা হয়। এ কার্যালয়ের আওতায়৫১০৭

নিবন্ধক অফিস জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্য ক্রম পরিচালনা করছে।৩০ জুন, ২০১৯ পর্য ন্ত১৭কোটি ০৯ লক্ষ ৭০ হাজার ১৭২ জনের জন্ম নিবন্ধন নিবন্ধন সম্পন্ন করা হয়েছে। জুন, ২০২০ এর মধ্যে সকল ব্যক্তির জন্ম নিবন্ধন ডাটাবেজে অন্তভ,ক্তির লক্ষমাত্রা নির্ধ ারণ করা হয়েছে। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্য ক্রম সহজীকরণের লক্ষ্যে৮ মার্চ, ২০১৮ তারিখে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ প্রণয়ন করা হয়েছে। এর ফলে জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে জনগণের ভোগান্তি লাঘব হয়েছে।

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) :

স্থানীয় সরকার বিভাগের অধীনে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) একমাত্র প্রশিক্ষণ ও গবেষণামূলক প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করে আসছে। বর্তমানে প্রতিষ্ঠানটি জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২ অনুযায়ী পরিচালিত হচ্ছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি, কর্ম কর্তা ও কর্ম চারীদের কর্ম দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এনআইএলজি থেকে২০০৮-০৯ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্য ন্ত৩২৪৩টি প্রশিক্ষণ কোর্সে র মাধ্যমে১,৪৮,৯৬৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২০০৮-০৯ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্য ন্ত৩০২টি গবেষণা কার্য ক্রম পরিচালিত হয়েছে। এছাড়াও১৭টি জার্ন াল ও০৮ নিউজ লেটার প্রকাশিত হয়েছে। স্থানীয় পর্য ায়ে তথ্য প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বিগত ০১ জুলাই, ২০১৮ তারিখে ইনোভেশন কার্য ক্রমের আওতায় স্থানীয় সরকার হেল্পলাইন-১৬২৫৬ চালু করেছে।

সামগ্রিকভাবে ইউনিয়ন পরিষদ এখন দেশের তৃণমূল পর্য ায়ের উন্নয়ন কর্ম কান্ড পরিচালনা ও সেবা প্রদানের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। সরকারের সামাজিক নিরাপত্তা বেষ্টনীর নানা কর্ম সূচী ইউনিয়ন পরিষদের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। এ সকল কর্ম সূচীর আওতায় ইউনিয়ন পরিষদ দ্রুত এবং সহজে জনগণকে সেবা প্রদানের প্রয়াস চালিয়ে যাচ্ছে। এই সেবা প্রদান কার্য ক্রম নিশ্চিত করার জন্য সরকার ইউনিয়ন পরিষদকে অধিকতর শক্তিশালী ও কার্য কর স্থানীয় সরকার প্রতিষ্ঠানে পরিণত করতে কার্য ক্রম অব্যহত রেখেছে।

নব সৃজিত ইউনিয়নের নামসমূহ

ক্রমিক নং	জেলা	উপজেলা	নব সৃজিত ইউনিয়নের নাম
১.	মাদারীপুর	কালকিনি	পূর্ব এনায়েতপুর
২.	কুমিল্লা	লালমাই	বাকই উত্তর
		লামসাম	মুদাফ্ফরগঞ্জ উত্তর
		নাঙ্গলকোট উত্তর	রায়কোট উত্তর, আদ্রা উত্তর, জোড্ডা পশ্চিম, বটতলী
		কুমিল্লা সদর দক্ষিণ	গলিয়ারা উত্তর
৩.	হবিগঞ্জ	হবিগঞ্জ সদর	ব্রাহ্মণডোরা
৪.	চাঁদপুর	হাজীগঞ্জ	১২নং দ্বাদশগ্রাম
৫.	বরিশাল	মেহেন্দীগঞ্জ	শ্রীপুর, জয়নগর
৬.	টাঙ্গাইল	ঘাটাইল	সাগারদিঘী, সংগ্রামপুর, লক্ষিন্দর
		মধুপুর	বেরীবাইদ, কুড়াগাছা, কুড়ালিয়া, মহিষমারা, ফুলবাগচালা
৭.	মুন্সীগঞ্জ	টংগীবাড়ী	বালিগাঁও
৮.	যশোর	কেশবপুর	১০নং সাতবাড়িয়া, ১১নং হাসানপুর
৯.	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর	মাখালডাঙ্গা, নেহালপুর, গড়াইটুপি
		দামুড়হুদা	নাটুদাহ
		জীবননগর	মনোহরপুর, কেডিকে
১০.	দিনাজপুর	বিরল	রাজারামপুর

বাজেট ও বাস্তবায়ন অধিশাখা

বাজেট ও বাস্তবায়ন অধিশাখা একজন উপসচিব ও একজন সিনিয়র সহকারী সচিব সমন্বয়ে গঠিত। স্থানীয় সরকার বিভাগের অর্থ বছর ভিত্তিক বাজেট প্রাক্কলন প্রণয়ন, দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের বিপরীতে বরাদ্দকৃত অর্থ বন্টন, সংশোধিত বাজেট প্রাক্কলন প্রণয়ন ও এ বিভাগের বিপরীতে মঞ্জুরীকৃত বাজেট বাস্তবায়ন কার্য ক্রম এ অধিশাখা তদারক করে। ২০১৮-১৯ অর্থ বছরে এ শাখা বাস্তবায়িত কার্য াবলি নিম্নরূপঃ

(১) মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে০৯(নয়) টি ইন হাউজ সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) অর্থ বিভাগের সাথেমধ্যমেয়াদী বাজেট কাঠামো সংক্রান্ত ০৬(ছয়) টি সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সংশোধিত বাজেট ও পরিপত্র-১ এবং পরিপত্র-২ বিষয়ে সভা-০৪ টি।

(৪) অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দে শনার আলোকে

(ক) স্থানীয় সরকার বিভাগের মিশন স্টেটমেন্ট, প্রধান কার্য াবলী, কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ, দারিদ্র নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য, অগ্রাধিকার খাত/কর্ম সূচীসমূহ ও প্রধান কর্ম কৃতি নির্দে শকসমূহ নির্ধ ারণ করা হয়েছে এবং দপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, ভবিষ্যৎ পরিকল্পনা, প্রধান কার্য ক্রমসমূহ, কার্য ক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য, ফলাফল নির্দে শক এবং লক্ষ্যমাত্রা নির্ধ ারণ করা হয়েছে। রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমার আলোকে প্রস্তুত করা হয়েছে।

(খ) পরিপত্র-২ এর আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপন প্রণয়ন করা হয়েছে।

(গ) অর্থ বিভাগের নির্দে শনা অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে।

(৬) মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় বাজেট শাখা হতে ২০১৮-১৯ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার জন্য ৩৪২৪১.২০ কোটি টাকার বাজেট প্রণয়ন করা হয়েছে; তন্মধ্যে পরিচালন বাজেট ৪৩২১.৫৪ কোটি (চার হাজার তিনশত একুশ কোটি চুয়ান্ন লক্ষ) টাকা এবং উন্নয়ন বাজেট ২৯৯১৯.৬৬ কোটি (উনত্রিশ হাজার নয়শত উনিশ কোটি ছিষট্টি লক্ষ) টাকা। রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা নির্ধ ারণ করা হয়েছে৩৯৬.৭৭ কোটি (তিনশত ছিয়ানব্বই কোটি সাতাত্তর লক্ষ) টাকা।

কম্পিউটার সেল

২০১৮-১৯ অর্থ বছরে প্রণীত নতুন সফটওয়্যার এর বিবরণী : ই- লাইব্রেরি, ICT সমস্যার অভিযোগ, সিটিজেন চার্ট ার(ডিজিটাল ভার্স ন), সেবা গ্রহীতার মতামত।

২০১৮-১৯ অর্থ বছরে ডাটাএন্ট্রি ও প্রস্তুতকৃত প্রতিবেদন : স্থানীয় সরকার বিভাগের আইসিটি যন্ত্রাংশসমূহের (কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার) এর বিস্তারিত কারিগরি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২০১৮-১৯ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে অর্ন্তভুক্ত তথ্যের বিবরণী: বিভিন্ন শাখা হতে প্রাপ্ত ৬০৭০ টি দাপ্তরিক চিঠি আপলোড করা হয়েছে। LAN ব্যবহারকারী ১৫০ জনকে কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।

ই- গর্ভন্যান্স বাস্তবায়নে সম্পাদিত প্রস্তুতিমূলক কার্য ক্রম: ই-ফাইলিং। ডিজিটাল হাজিরা চালু করা হয়েছে

প্রশাসন অনুবিভাগ

প্রশাসন অনুবিভাগে যুগ্ম সচিবের অধীনে তিনজন উপসচিব, নয়জন সিনিয়র সহকারী সচিব ও একজন হিসাবরক্ষণ কর্মকর্তার পদ রয়েছে। এ অনুবিভাগের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের সাধারণ কার্যাবলী, কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত বিষয়াদি ও বেতন-ভাতা সংক্রান্ত কার্যক্রম, হাট-বাজার, জলমহাল, ফেরীঘাট ইজারা অনুমোদন সংক্রান্ত কার্যক্রম, জেলা পরিষদ/উপজেলা পরিষদের প্রশাসনিক কার্যক্রম ও বার্ষিক উন্নয়ন কর্মসূচীর থোক বরাদ্দ প্রদান, এ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করাসহ বিবিধ কার্যক্রম বাস্তবায়ন করা হয়ে থাকে।

প্রশাসন অধিশাখা

প্রশাসন অধিশাখার অধীনে চারটি উপসচিব/সিনিয়র সহকারী সচিব ও একটি হিসাব রক্ষণ কর্ম কর্তার পদ রয়েছে। এ অধিশাখার আওতায় প্রশাসন-১ শাখা স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক কার্য াদিসহ অন্যান্য নিমোক্ত গুরুত্বপূর্ণ কার্য াবলী সম্পাদিত হয়েছেঃ

০১। নিয়োগঃ স্থানীয় সরকার বিভাগে ০৮(আট) জন কম্পিউটার অপারেটর এবং ১৫(পনের) জন অফিস সহায়ক নিয়োগ করা হয়।

০২। স্থানীয় সরকার বিভাগের কর্ম কর্ত/কর্ম চারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ০৩(তিন) টি কোর্সে ১২৮ (একশত আটাশ) জনকে ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৩। স্থানীয় সরকার বিভাগের জনবল সংক্রান্ত তথ্য বিবরণীঃ

শ্রেণী	অনুমোদিত পদ সংখ্যা	কর্ম রত(কর্ম কর্ত/ কর্ম চারী)	প্রেষণে নিযুক্ত কর্ম কর্ত/কর্ম চারী সংখ্যা
১ম শ্রেণী (গ্রেড ১-৯)	৭০	৫৯	-
২য় শ্রেণী(গ্রেড - ১০)	৬৫	৪০	-
৩য় শ্রেণী (গ্রেড ১১-১৯)	৫৫	৫২	২৪
৪র্থ শ্রেণী(গ্রেড-২০)	৬৬	৬৫	২৭
মোট জনবল	২৫৬	২১৬	৫১

জেলা পরিষদ অধিশাখা

জেলা পরিষদ বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রাচীনতম জনসমাদৃত একটি প্রতিষ্ঠান। জেলা পরিষদসমূহের মাধ্যমে বিভিন্ন কর্ম-সৃজন ও আয় বর্ধ ককার্য ক্রমেরআওতায় দুস্থ, অসহায় ও বিধবা মহিলাদের সেলাই, এমব্রয়ডারী, পশুপালন, কেঁচো, মাশরুম ও স্ট্রবেরী চাষ প্রশিক্ষণ দেয়া হচ্ছে। মহিলাদের আধুনিক পদ্ধতিতে ফল চাষ, বাটিক, বুটিক, হাঁস মুরগীর খামার স্থাপন, কম্পিউটার, মোবাইল রিপিয়ারিং প্রশিক্ষণ ছাড়াও আত্মকর্ম সংস্থানের লক্ষ্যে বেকারদের মাঝে রিক্সা ভ্যান এবং সেলাই মেশিন বিতরণ করা হচ্ছে। যুদ্ধাহত ও পঙ্গু মুক্তিযোদ্ধাদের পুনর্ব াসনেজেলা পরিষদ কর্তৃক হুইল চেয়ার সরবরাহ ও আর্থি কঅনুদান প্রদান করা হচ্ছে। জেলা পরিষদের মাধ্যমে স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, মন্দির, সমিতি ইত্যাদিতে আর্থি ক সহায়তা প্রদান করা হচ্ছে। দারিদ্র বিমোচন, নারী উন্নয়ন, শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া, আত্মকর্ম সংস্থানেউদ্বুদ্ধকরণসহ মানুষের জীবনমান উন্নয়নে সহায়তা প্রদান করা হচ্ছে।

জেলা পরিষদের কার্য ক্রমকেআরও গতিশীল করার লক্ষ্যে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করার জন্য প্রতি বছর জেলা পরিষদসমূহের অনুকূলে এডিপি'র থোক বরাদ্দ প্রদান করা হয়।

উপজেলা পরিষদ

সরকারের প্রশাসনিক বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে ১৯৮২ সালে এক অধ্যাদেশের মাধ্যমে উপজেলা পরিষদ ব্যবস্থার প্রবর্তন হয়। প্রথম মেয়াদে উপজেলা পরিষদের নির্বাচন হয় ১৯৮৫ সালে। দ্বিতীয় মেয়াদে ১৯৯০ সালে

উপজেলা পরিষদ নির্বাচন হলেও নির্বাচিত পরিষদ তার পূর্ণ মেয়াদ সম্পন্ন করতে পারেনি। ১৯৯১ সালে এক অধ্যাদেশের মাধ্যমে উপজেলা পরিষদ পদ্ধতি বাতিল করা হয়। পরবর্তীতে ১৯৯৮ সালে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ প্রণীত হয়। তবে উক্ত সময়ে উপজেলা পরিষদে কোন নির্বাচন অনুষ্ঠিত হয়নি। এর দীর্ঘ সময় পর ২০০৮ সালে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ রহিত করত: স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ, ২০০৮ জারির মাধ্যমে উপজেলা পদ্ধতি পুনঃপ্রচলন করা হয়। এর ধারাবাহিকতায় ২০০৯ সালে সারাদেশে সুষ্ঠুভাবে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয় এবং প্রায় একই সময়ে উপজেলা পরিষদ (রহিত পুনঃপ্রচলন ও সংশোধন) আইন, ১৯৯৮ প্রণয়ন করা হয়। ৩য় উপজেলা পরিষদের পূর্ণ মেয়াদ অতিক্রান্ত হওয়ার পর ২০১৪ সালে ৪র্থ উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

উপজেলা-১ শাখা

ক	উপজেলা -১শাখার মূল কার্য ক্রম	ক) নতুন উপজেলা গঠন এবং পদ সৃজন; খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ,সদস্যও মহিলা সদস্যগণের ছুটি মঞ্জুর ; গ) উপজেলা পরিষদের বরাদ্দকৃত জীপগাড়ি মেরামত; ঘ) উপজেলা পরিষদের চেযারম্যান ,ভাইচ চেয়ারম্যান ও কর্ম কর্তাদের বিরুদ্ধে আনিত অভিযোগ তদন্ত সাপেক্ষ ব্যবস্থা গ্রহণ। ঙ)উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দে শিকা,২০১৪ অনুযায়ী বিভিন্ন প্রমাসনিক কার্য ক্রমের অনুমোদন;এবং চ) উপজেলা পরিষদের মালিকানাধীন ভবন পরিত্যাক্ত ঘোষনা।
খ	২০১৮-২০১৯ অর্থ বছরের উপজেলা পরিষদের জীপ /নৌযান চালকদের প্রশাসনিক / সংস্থাপন /জ্বালানী ব্যয় /বেতন ভাতা /রক্ষণাবেক্ষণ ব্যয় /অতিরিক্ত ব্যয় সংক্রান্ত তথ্য।	২০১৮-১৯ অর্থ বছরের উপজেলা পরিষদে নিয়োজিত কর্ম চারিদের বেতন-ভাতা এবং জীপ গাড়ির জ্বালানী বাবদ সবমোট ৬৮,৭৫,০০,০০০/-(আটসট্টি কোটি পঁচাত্তর লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।
গ	উপজেলা পরিষদের নতুন গাড়ি / নৌযান ক্রয় সংক্রান্ত বিবরণী ।	২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিষদের জন্য নতুন গাড়ি /নৌযান ক্রয় করা হয়নি।
ঘ	উপজেলা পরিষদ পরিচালনা সংক্রান্ত আইন /বিধি/ পরিপত্রের বিবরণী	উপজেলা পরিষদ পরিচালনার জন্য বিদ্যমান আইন /বিধি/পরিপ্রত্র মোতাবেক উপজেলা পরিষদ কার্য ক্রম পরিচালিত হচ্ছে। ২০১৮-১৯ অর্থ বছরে উপজেলা পরিষদ পরিচালনার জন্য নতুন কোন আইন/বিধি /পরিপত্র জারি করা হয়নি।
ঙ	উপজেলা পরিষদের উন্নয়ন ও প্রশাসনিক কার্য ক্রম সংক্রান্ত তথ্য	উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দে শিকা ,২০১৪ অনুযায়ী উপজেলা পরিষদের প্রস্তাব মোতাবেক প্রশানিক কার্য ক্রমের অনুমোদন প্রদান করা হলো।
চ	২০১৮-১৯ অর্থ বছরে ছাড়কৃত অর্থে র খাত ভিত্তিক বিবরণী:	মূল বেতন: ২৪৮৬৫৮০৩০ ভাতাদি: ২৪,১৩,১৮,৯৭০ অধিকাল ভাতা: ৫,৫০,০০,০০০ ভ্রমণবিল: ১,০০,০০,০০০ পোশাক: ৪৪,৫৮,০০০ জ্বালানী: ১২,৭০,৬৫,০০০
ছ	২০১৮-১৯ অর্থ বছরের বার্ষি ব সম্পাদিত অন্যান্য বিশেষায়িত কার্য াবলী	প্রযোজ্য নয়।
জ	২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষি ব প্রতিবেদনে উল্লেখযোগ্য কোন বিষয়(যদি থাকে)।	উপজেলা পরিষদ নির্ব াচন অনুষ্ঠিত হয়েছে। নির্ব াচিত উপজেল পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণ শপথ গ্রহণপূর্ব ক উপজেলা পরিষদের কার্য ক্রম পরিচালনা করছেন।

উপজেলা-২ শাখা

বিভিন্ন আইন, বিধি, পরিপত্র, নির্দেশিকা ইত্যাদির আলোকে ঢাকা, চট্টগ্রাম, সিলেট ও ময়মনসিংহ বিভাগের উপজেলা পরিষদসমূহের বিভিন্ন প্রশাসনিক বিষয়াদি নিস্পন্ন করা হয়।

গত ২০১৮-১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়নের কর্ম সূচিতে উপজেরা উন্নয়ন সহায়তা(কোর্ড ২২১০০০৪০০০) ৫৫০.০০ কোটি (পাঁচশত পঞ্চাশ কোটি) টাকা (সংশোধিত) বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত অর্থের মধ্যে সাধারণত বরাদ্দত প্রদান হিসেবে৩৯৫.২০ কোটি (তিনশত পচাঁনব্বই কোটি বিম লক্ষ) টাকা ৪৯২ টি উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দ প্রদান প্রদান করা হয় ।এছাড়া

ক্রমিক	উল্লেখযোগ্য কর্ম কান্ড	মন্তব্য
১	এডিপির উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ খাতের খাতের ‘‘৫০০ আসন বিশিষ্ট অডিডটোরিয়াম কাম মাল্লিপারাি্স হল নির্মাণে উপখাতের আওতায়৩২ উপজেলা পরিসদের অনুকূলে২৬.৯০০ কোটি (ছাব্বিশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে,প্রতিটি হলের এক ও অভিন্ন ডিজাইনের অনুমোদিত প্রাক্কালিত ব্যয় ৭.০০ কোটি হতে ৮.০০ কোটি টাকা।	
২	এডিপির বুপজেলা উন্নয়ন সহায়তার খাতের উপজেলা পরিষদের কমপ্লেক্র ভবনয়াদি নির্মান / মেরামত ইপক্সাত ’ হকে ৯টি উপজেলা ও ৩১ টি উডচজলা নির্বাহি অফিসারের নতুন বাসভবন নির্মাণে লক্ষ্য১৩,১৮ কোটি (তের কোটি আঠার লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়ছে। প্রতিটি বাসভবনের নির্সাণ/প্রাক্কলত ব্যয় ৫ুপয ১.২০ কোটি হতে ১.৪০ কোটি টাকা ্ এছাড়া উপজেলা পরিষদের ভবনয়াদি মেরামত জন্য ১৮৭টি উপজেলা পরিষদের অনুকূলে ৩৮.৬৪ কোটি (আটত্রিশ কোটি চৌষট্টি লক্ষে) টাকা বরাদ্দ প্রদান করা হয়েচে।	
৩	এডিপির উপজেলা ইন্নয়ন সহায়তা খাতের ‘অপ্রত্যাশিত উপখাত হতে পআকূদওী ৩ টি জেলার ১৯ টি উপজেলা পরিষদে ডিজিটাল নেন্টার সরঞ্জাম ক্রয়পর্ব ক সাথাপনের লকোষ্য প্রতিটি উপজেলা পরিষদের অনুকূলে ৫.১৫ লক্ষ (পাঁচ লক্ষ পনের হাজার) টাকা করে সর্ব মোট৯৭.৮৫ রক্ষ (সাতানব্বই লক্ষ পঁচাশি হাজার)টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।	
৪	এডিপির উপজেলা উন্নয়ন সহায়তা থোক বরাদ্দ হতে (প্রাকৃতিক দুযোগ , অগ্রাধীকারমূলক উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ও অগ্রসর উপজেলা বিবেচনায়) টাকা চব্বিশ উপজেলা পরিষদে অনূকূলে ১৯.৩০ কোটি (উন্নিম কোটি ত্রিশ লক্ষ) টাকা উপজেরা পরিষতের অনুকুলে বরাদ্দ প্রদান করা হয়েছে।	
৫	সাাি্ইজক প্রতিষ্ঠান (কবরস্থান/শশ্মান /মসজিদ / মন্তির) াুপখাতে ২০৩ সামাজিক প্রতিষ্টান অনুকুলে ২০.৮০ কোটি (বিশ কোটি আশি লক্ষ) টকাকা বরাদবদগ প্রদান করা হয়েছে।	
৬	বিশেষ বরাদ্দ (মাননীয় ম্নত ্যীর অভিপ্রায়ন অনুযায়ি) হতে ৪৯২ টি উপজেলা পরিষদের অনুকূলে ৩০.০০ কোটি (ত্রিশ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েচে।	
৭	২০১৮-১৯ অর্থ বছরে;দেশ বিদেশে প্রমিক্ষণমূলক পরিদর্শন উপকাতে রক্সিত ৫.২০ কোটি (পাঁচ কোটি বিশ লক্ষ)টাকা ব্যয়ে ৫ম উপজেরা পরিষদ নির্বাচনে নবনির্মিত ৬০/৭০ জন উপচজরা পরিসদ চেয়ারম্যান /ভাইস চেয়ারম্যান গনকে থাইল্যান্ড ও ফিলিপাউন এ অনুষ্ঠিতব্য বৈদেমিক প্রশিক্সন /স্টার্ডি ট্যুরের কার্য ক্রম চলমান রয়েছে	
৮	বাষিক উন্নয়ন কর্ম সুচির উপচেজলা উন্নয়ন সহায়তা ‘ খাতে বরাদ্দ াার্থ দ্বারা উপজেলা পরিসদ কর্তৃক যথাযথ প্রকল্প গ্রহন ও বাসতবায়নের লক্ষ্যে ‘উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্রবহারের নির্দে শিকা,২০১৪ অনুসরণে সময়বদ্ধ পরিকল্পনা ব্যবস্তা গ্রহনেরজিন্য নির্দে শনা জারি করা হয়েছে	

অডিট অধিশাখা

স্থানীয় সরকার বিভাগের প্রশাসন অনুবিভাগাধীন অধিশাখাসমূহের মধ্যে অডিট একটি অধিশাখা। অধিশাখার প্রধান যুগ্মসচিব (অডিট)। এ অধিশাখার ৩টি শাখা রয়েছে। শাখাগুলো হচ্ছে অডিট-১, অডিট-২, অডিট-৩। স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার উপর সংশ্লিষ্ট অডিট আধিদপ্তর কর্তৃক উত্থাপিত সাধারণ, অগ্রিম এবং রির্পোটভুক্ত এ তিন ধরণের অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির কার্য ক্রম পরিচালিত হয়। মন্ত্রণালয়/বিভাগে কেবলমাত্র অগ্রিম অডিট আপত্তিসমূহের উপর কার্য ক্রম গ্রহণ করা হয়। স্থানীয় সরকার বিভাগের অডিট অধিশাখা শুধুমাত্র অগ্রিম আপত্তিসমূহের ব্রডশীট জবাব এবং দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয়/বিশেষ সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তি নিষ্পত্তির সুপারিশপূর্ব ক ব্রডশীট জবাব সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করে থাকে। সাধারণ আপত্তিসমূহ অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক সরাসরি অডিট অধিদপ্তরের মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হয়। অডিট অধিশাখার অধীন শাখাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের তথ্য একনজরে নিম্নরূপ:

অডিট-১,২, ও ৩ অধিশাখা/শাখা
ছক-'ক' (অগ্রিম ও সাধারণ আপত্তি)

সংস্থা/দপ্তর/অধিদপ্তর	পেন্ডিং আপত্তি (সৃষ্টিকাল/১৯৭২ হতে অধ্যাবধি)	নিষ্পত্তির জন্য সুপারিশকৃত (২০১৮-২০১৯)	নিষ্পন্ন	মন্তব্য
১	২	৩	৪	৫
সিটি কর্পো রেশন	৪৩৬৩ টি	৮১ টি	৪০ টি	অডিট আপত্তি যেহেতু একটি চলমান প্রক্রিয়া সেহেতু ছকে উল্লিখিত অনিষ্পন্ন/নিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা হ্রাস-বৃদ্ধি হওয়া স্বাভাবিক।
পৌরসভা	৩০০৫৭ টি	৫৬০ টি	২৮৪ টি	
জেলা পরিষদ	১৫২৬০ টি	৪৫৬ টি	১২২টি	
ডিডিএলজি	১২০ টি	-	-	
এলজিইডি	৪৩৪৭ টি	১২৩৩ টি	৩৯৪ টি	
উপজেলা	৪৮৬৫০	২৯৭ টি	২৬ টি	
সিভিল অডিট	১২১৫৯	-	১৪৪ টি	
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	৩০৪৮ টি	৭০০	১৫৫ টি	
ওয়াসা	১৯৩৯ টি	৬০ টি	১২২ টি	
এনআইএলজি	৬	৬টি	-	
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) (এলজিইডি, ডিপিএইচই ও ওয়াসা একত্রে)	৬০২৪ টি	২৫০ টি	১৪৩ টি	
মোট=	১২৫৯৭৩ টি	৩৬৪৩ টি	১৪৩০ টি	

ছক-'খ' (রিপোর্ট ভুক্ত আপত্তি

সংস্থা/দপ্তর/অধিদপ্তর	পেন্ডিং আপত্তি	নিষ্পত্তির জন্য সুপারিশকৃত	নিষ্পন্ন	মন্তব্য
১	২	৩	৪	৫
সিটি কর্পোরেশন	৩৩	১২	১১ টি	অনিষ্পন্ন আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অনুরোধ করা হয়েছে। সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা হতে নিষ্পত্তিমূলক জবাব সংগ্রহ করা হয়েছে। পিএ কমিটির পরবর্তী নিরীক্ষায় উপস্থাপন করার জন্য ব্রডশীট জবাব মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ও পূর্ত অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।
পৌরসভা	৪২	২৫	২১ টি	
জেলা পরিষদ	১৩	১১	৮ টি	
ডিডিএলজি	-	-	-	
এলজিইডি	-	-	-	
উপজেলা	১৯	১৪	১২	
সিভিল অডিট	-	-	-	
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২৬২ টি	-	-	
ওয়াসা	১৬৭ টি	-	-	
এনআইএলজি		-	-	
মোট=	৫৩৬ টি	৬২ টি	৫২ টি	

গৃহীত পদক্ষেপসমূহ :

- অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনাসম্বলিত একটি পরিপত্র গত ২০-০৩-২০১৬ খ্রি: তারিখের ৪৬.৪৯.০২০.০২.০০.০০১.২০১৫-৯৬ নং স্মারকে জারি করা হয়েছে।
- স্থানীয় সরকার বিভাগের বিপরীতে পুঞ্জীভুত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অক্টোবর/২০১৭ মাসকে অডিট আপত্তি নিষ্পত্তির মাস ঘোষণা করা হয়েছে।
- স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত ১৭টি টীম কর্তৃক স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মাট পর্যায়ে দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয়/বিশেষ সভার কার্যক্রম চলমান রয়েছে।
- বিভাগ/অঞ্চল ভিত্তিক দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয়/বিশেষ সভা অনুষ্ঠান করে স্থানীয় সরকার বিভাগের বিভিন্ন দপ্তর/সংস্থার ১২,০০৭ টি আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশসমূহ সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরসমূহে প্রেরণ করা হয়েছে।
- অডিট অধিশাখার অধীন ৩টি শাখা হতে নথিতে উপস্থাপনের মাধ্যমে মোট ৩৫৫২টি অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তির জন্য সুপারিশসহ সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।
- অডিট অধিদপ্তর/সংস্থাসমূহের সঙ্গে পত্র যোগাযোগ/সভার মাধ্যমে সাধারণ, অগ্রিম ও সিএন্ডএজি কার্যালয়েররির্পোটভুক্তআপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।

ত্রি-পক্ষীয়/দ্বি-পক্ষীয় সভা চলমান থাকায় ও সংস্থা/প্রতিষ্ঠানসমূহের আপত্তি নিষ্পত্তিতে সচেতনতা বৃদ্ধির কারণে অডিট আপত্তির সংখ্যা ক্রমশ: হ্রাস পাচ্ছে।

উন্নয়ন অনুবিভাগ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের জনবল ব্যবস্থাপনা ও প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্য াদি উন্নয়ন অনুবিভাগে সম্পাদিত হয়ে থাকে। এ অনুবিভাগের অধীনে এলজিইডি'র প্রথম শ্রেণীর কর্ম কর্তাদের নিয়োগ, চাকুরী স্থায়ীকরণ, পদোন্নতি, শ্রান্তি-বিনোদন ছুটি, অর্জিত ছুটি, বহিঃ বাংলাদেশ ছুটি, বৈদেশিক প্রশিক্ষণ, জেষ্ঠ্যতা নির্ধ ারণ, অবসর ও অবসর উত্তর ছুটি(পিআরএল), লাম্প গ্রান্ট মঞ্জুর, পেনশন ও আনুতোষিক মঞ্জুর, পদ সৃজন ও সংরক্ষণ, প্রেষণে নিয়োগ, সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি প্রণয়ন সংক্রান্ত কার্য াবলি সম্পাদন করা হয়। এছাড়া অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়, ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন, প্রকল্পের পদ সৃষ্টি ও সংরক্ষণ, প্রকল্প তদারকি, উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ ও সভা অনুষ্ঠান ইত্যাদি কার্য ক্রম সম্পাদন করা হয়। উন্নয়ন অনুবিভাগের আওতায়০২(দুই)টি শাখা রয়েছে;

১.১ উন্নয়ন-১ শাখাঃ

এলজিইডি'র প্রথম শ্রেণীর কর্ম কর্তাদের নিয়োগ, চাকুরী স্থায়ীকরণ, পদোন্নতি, শ্রান্তি-বিনোদন ছুটি, অর্জিত ছুটি, বহিঃ বাংলাদেশ ছুটি, বৈদেশিক প্রশিক্ষণ, জেষ্ঠ্যতা নির্ধ ারণ, অবসর ও অবসরত্তোর ছুটি, লাম্প গ্রান্ট মঞ্জুর, পদ সৃজন ও সংরক্ষণ, প্রেষণে নিয়োগ, সাংগঠনিক কাঠামো ও নিয়োগবিধি প্রণয়ন সংক্রান্ত কার্য ক্রম এ শাখা হতে সম্পাদন করা হয়ে থাকে। এ সংক্রান্ত প্রস্তাব এলজিইডি থেকে পাওয়ার পরে প্রযোজ্য আইন ও বিধি পর্য ালোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে। বিবেচ্য সময়ে এ শাখা হতে এলজিইডির নিম্নোক্ত গুরুত্বপূর্ণ কার্য াবলি সম্পাদন করা হয়েছেঃ

১) পল্লী অবকাঠামো উন্নয়ন, নগর অবকাঠামো উন্নয়ন এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের কাজে গতিশীলতা আনয়নের উদ্দেশ্যে তথা বিদ্যমান জনবলের সংকট সমাধানের লক্ষ্যে বিবেচ্য সময়ে সহকারী প্রকৌশলী(পুর/যান্ত্রিক) পদে মোট ২৭ জন কর্ম কর্তা নিয়োগ করা হয়েছে।

২) এলজিইডি'র নবম গ্রেড থেকে প্রথম গ্রেডে কর্ম রত মোট২৮০ জন কর্ম কর্তাকে পদোন্নতি প্রদান করা হয়েছে।

৩) এলজিইডি'র নবম গ্রেড থেকে প্রথম গ্রেডের কর্ম রত মোট৬৩ জন কর্ম কর্তাকে অবসর প্রদান, অবসর উত্তর ছুটি (পিআরএল) ও লাম্প গ্রান্ট মঞ্জুর করা হয়েছে।

৪) ১২৫ জন প্রথম শ্রেণীর কর্ম কর্তার অনুকূলে অবসরভাতা ও আনুতোষিক মঞ্জুর করা হয়েছে।

৫) শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুর করা হয়েছে ০৪ জন কর্ম কর্তার অনুকূলে।

৬) এলজিইডি'র নবম গ্রেড থেকে প্রথম গ্রেডের ১৬৪ জন কর্ম কর্তাকে অর্জিত ছুটি(বহিঃ বাংলাদেশ) মঞ্জুর করা হয়েছে।

৭) কারিগরি জ্ঞান বৃদ্ধি, প্রকল্পের আওতায় ক্রয় প্রক্রিয়াধীন যন্ত্রপাতি সম্পর্কে সম্যক ধারণা লাভ, অভিজ্ঞতা অর্জন এবং দক্ষতা বৃদ্ধির জন্য এলজিইডি'র নবম গ্রেড থেকে প্রথম গ্রেডের ৬১ জন কর্ম কর্তার অনুকূলে বিদেশ প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হয়েছে।

৮) ০৭ জন কর্ম কর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছে।

৯) আলোচ্য সময়ে রাজস্ব খাতের মোট ২৩১২ টি পদ নতুন করে সৃজন করা হয়েছে।

পর্য বেক্ষণঃ

সরকারের এবং উন্নয়ন সহযোগীদের আস্থা অর্জন এবং দ্রুত প্রকল্প বাস্তবায়নের কারণে দিন দিন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর কর্ম পরিধি বিস্তৃত হচ্ছে। কিন্তু কর্ম সম্পাদনের পরিমান বৃদ্ধির প্রেক্ষাপটে সকল পর্য ায়ে যোগ্য জনবল নিয়োগ প্রদান করা সম্ভব হচ্ছে না। উল্লেখ্য বিবেচ্য সময়ে মোট ১২৫ জন অভিজ্ঞ কর্ম কর্তা অবসর গ্রহণ করেছেন। অভিজ্ঞ কর্ম কর্তাদের এ স্বাভাবিক অবসর গ্রহণ যাতে সংস্থার কার্য ক্রম সম্পাদনে কোন ব্যাঘাত সৃষ্টি করতে না পারে সে জন্য সকল স্তরে জনবল বিশেষ করে তৃতীয় এবং ৪র্থ শ্রেণীর সকল স্তরে যোগ্য কর্ম চারি নিয়োগ করা জরুরী। এটা অত্যন্ত আশাবাঞ্জক যে সাম্প্রতিক সময়ে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ অথচ ক্যাডার পদের জন্য সুপারিশ প্রাপ্ত হননি এমন উল্লেখযোগ্য সংখ্যক প্রার্থীদের

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের মাধ্যমে প্রথম শ্রেণীর নবম গ্রেডে সহকারী প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী পদে নিয়োগ প্রদান করা সম্ভব হয়েছে। নিয়োগের এই ধারাবাহিকতা ভবিষ্যতেও অব্যাহত রাখা প্রয়োজন। এলজিইডি'র প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এ অনুবিভাগ হতে নিম্নোক্ত উদ্যোগসমূহ গ্রহণ করা হয়েছে, যা প্রক্রিয়াধীন রয়েছেঃ

১. এলজিইডি'র ১ম শ্রেণীর কর্ম কর্তাদের পার্সোনাল ডাটা শিট (PDS) উন্নয়ন।
২. এলজিইডি (কর্ম কর্তা ও কর্ম চারী) নিয়োগ বিধিমালা ২০০৯ এর সংশোধন।
৩. এলজিইডি'র ১ম শ্রেণীর কর্ম কর্তাদের জ্যৈষ্ঠতা তালিকা হালনাগাদকরণ।
৪. এলজিইডি'র TO&E হালনাগাদকরণ।
৫. এলজিইডি'র অর্গোনোগ্রাম হালনাগাদকরণ।
৬. এলজিইডি কর্ম কর্তা/কর্ম চারী এবং নির্মাণ শ্রমিকদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ ইনস্টিটিউট সংক্রান্ত কার্যক্রম।

উন্নয়ন-২ শাখা

উন্নয়ন-২ শাখার কার্যাবলী নিম্নরূপঃ

- ❖ অনুমোদিত উন্নয়ন প্রকল্পের বিপরীতে অর্থ ছাড়;
- ❖ ভূমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদান;
- ❖ প্রকল্পের পদ সৃষ্টি ও সংরক্ষণ;
- ❖ প্রকল্প তদারকি;
- ❖ উন্নয়ন সহযোগীদের সাথে যোগাযোগ ও সভা অনুষ্ঠান।

নগর উন্নয়ন অনুবিভাগ

স্থানীয় সরকার বিভাগের অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুবিভাগ হচ্ছে নগর উন্নয়ন অনুবিভাগ। সভ্যতার বিকাশ ও শিল্পায়নের সাথে সাথে অধিকহারে মানুষ বিভিন্ন প্রকারের জীবিকার অন্বেষণে ও আধুনিক অন্যান্য সুবিধা যেমন, শিক্ষা, চিকিৎসা, চাকুরী, ব্যবসা-বাণিজ্য ইত্যাদির জন্য দ্রুত নগরমুখী হচ্ছে। নগরের জন্য হঠাৎ করে জনসংখ্যা বৃদ্ধির কারণে নানাবিধ সমস্যা যেমন- নগরে চলাচলের অসুবিধা, আবাসন সমস্যা, চিকিৎসা সেবা প্রদানে অপ্রতুলতা, যানজট, বর্জ্য ব্যবস্থাপনা ইত্যাদি সমস্যা প্রকট হয়ে পড়েছে। ২০৫০ সালের মধ্যে শহরের জনসংখ্যা অর্ধেকের বেশি হবে। শহরের এই সমস্যা নিরসনের জন্য স্থানীয় সরকার বিভাগের উন্নয়ন অনুবিভাগকে দু'ভাগ করে নগর উন্নয়ন নামে আরেকটি অনুবিভাগ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের এই অনুবিভাগ দেশের ১২টি সিটি কর্পোরেশন এবং ৩২৮ পৌরসভার অর্থ বরাদ্দ, উন্নয়নমূলক কাজের তদারকি, নির্বাচন সীমানা নির্ধারণ, প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও সিটি কর্পোরেশনের সেবামূলক কাজের তত্ত্বাবধান, বিভিন্ন প্রকার আইন প্রণয়ন, বিদ্যমান আইনের সংশোধন ও বিধিমালা তৈরীর ব্যবস্থা গ্রহণ করে থাকে।

মানুষের মাথাপিছু আয় বৃদ্ধির কারণে consumption (ভোগ) বৃদ্ধি পেয়েছে। ফলে গৃহস্থালী বর্জ্যের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে। নগর এলাকায় উৎপাদিত বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা বর্তমানে একটি অন্যতম বৃহৎ চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে। উন্নত দেশসমূহে অনুসৃত বর্জ্য ব্যবস্থাপনা প্রযুক্তি অনুসরণে পরিবেশসম্মতভাবে Incineration বা বর্জ্য পুড়িয়ে ফেলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া, ডেঙ্গুসহ মশাবাহিত রোগ মোকাবেলায় ঢাকা মহানগরীসহ সারাদেশে মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে দীর্ঘ মেয়াদী সমন্বিত কর্ম পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন করা হচ্ছে। সারাদেশে পরিকল্পিত, বাসযোগ্য ও জলবায়ু পরিবর্তন সহিষ্ণু নগর ব্যবস্থা নিশ্চিত করার জন্য উন্নত সড়ক ও ড্রেনেজ অবকাঠামো নির্মাণ, জলাবদ্ধতা নিরসন ও সবুজায়ন কার্য ক্রমঅব্যহত রয়েছে।

Urban Public and Environmental Health Services Delivery Project এর মাধ্যমে Secondary Transfer Station নির্মাণ, ময়লার জন্য প্ল্যাস্টিক ঝুড়ি এবং প্রাথমিক Waste সংগ্রহের জন্য ভ্যান সরবরাহ ইত্যাদি বাস্তবায়িত হচ্ছে। বিভিন্ন সিটি কর্পোরেশনের মাধ্যমে Medical Waste সংগ্রহ করে তার ব্যবস্থাপনা

করা হচ্ছে। জমি অধিগ্রহণের মাধ্যমে অথবা সিটি কর্পোরেশনের নিজস্ব জমিতে Landfill নির্মাণ করে বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকীকরণের প্রকল্প নেয়া হয়েছে। একটি আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত নগর ও উন্নত নাগরিক সেবা প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ তথা নগর উন্নয়ন অনুবিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

শহর এলাকায় দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ১ এপ্রিল ২০১৮ হতে ৩১ মার্চ ২০২৩ মেয়াদে Urban Primary Health Care Services Delivery Project (২য় পর্যায়) (UPHCSDP-II) বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় মোট ২৫টি নগর মাতৃসদন, ১১৩ নগর স্বাস্থ্য কেন্দ্র এবং ২২৬টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে জনগণকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে।

নগরের জলাবদ্ধতা নিরসনের জন্য ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ও নতুন করে ড্রেন নির্মাণের কার্যক্রম চলছে। যানজট নিরসনের জন্য রাস্তা প্রশস্তকরণসহ নতুন নতুন রাস্তা নির্মাণ, ফ্লাইওভার নির্মাণ করা হয়েছে। যত্রতত্র এবং রাস্তার পাশে গাড়ি পার্কিং করে যানজট হতে রেহাই পাওয়ার জন্য কার পার্কিংয়ের ব্যবস্থা করা হয়েছে। আধুনিক কাঁচাবাজার নির্মাণ করা হয়েছে। নগরের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য সড়ক দ্বীপে আধুনিক বাতি, বৃক্ষরোপনসহ হাতির ঝিলের মত প্রকল্প বাসত্মবায়ন করা হয়েছে।

নগর উন্নয়ন অনুবিভাগের দু'টি অধিশাখা রয়েছে। নগর উন্নয়ন-১ অধিশাখা দেশের ১২টি সিটি কর্পোরেশনের অর্থ বরাদ্দ, উন্নয়নমূলক কাজের প্রশাসনিক ও নীতি নির্ধারণীকাজ করে থাকে।

নগর উন্নয়ন-১ অধিশাখা

সিটি কর্পোরেশন১ ও ২ শাখা

১। ভূমিকা: বর্তমানে বাংলাদেশের মোট সিটি কর্পোরেশনের সংখ্যা১২টি। যথা: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, রাজশাহী সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, বরিশাল সিটি কর্পোরেশন, সিলেট সিটি কর্পোরেশন, রংপুর সিটি কর্পোরেশন, কুমিল্লা সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এবং ময়মনসিংহ সিটি কর্পোরেশন। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৩০% বাংলাদেশে নগর এলাকায় বাস করেন। এ নগরবাসীকে তাঁদের প্রত্যাশিত ও আধুনিক পৌর সুবিধাদি নিশ্চিত করার লক্ষ্য নিয়ে নগর উন্নয়ন অনুবিভাগ নিরন্তর কাজ করে যাচ্ছে।

২। সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা/ এলাকা সম্প্রসারণ: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) প্রতিষ্ঠা বিধিমালা, ২০১০ এর বর্ণিত মানদন্ড ও পদ্ধতি অনুসরণে পৌরসভা এলাকায় সিটি কর্পোরেশনসমূহ প্রতিষ্ঠা করা হয়। ফরিদপুর বিভাগ প্রতিষ্ঠার অব্যবহিত পরই ফরিদপুর সিটি কর্পোরেশন সিটি কর্পোরশন প্রতিষ্ঠিত হবে।

৩। ২০১৮-১৯ অর্থ বছরে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে অর্থ বরাদ্দ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তাথোক বরাদ্দ বাবদ মোট ৪৩০.০০ কোটি টাকা অর্থ বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দের মধ্যে ৩৫৫.০০ কোটি টাকা সিটি কর্পোরেশনসমূহের আয়তন, জনসংখ্যা, চলমান উন্নয়ন কর্মসূচি, দুর্যোগ, বন্যায় ক্ষতিগ্রস্ত অবকাঠামো উন্নয়ন কার্যক্রমসমূহ বিবেচনায় সিটি কর্পোরেশনওয়ারি বিভাজন করে ৪(চার) কিস্তিতে বরাদ্দ প্রদান করা হয়। উল্লেখ্য, অবশিষ্ট ৭৫.০০ কোটি টাকা ব্যয়ে সিটি কর্পোরেশনসমূহের বর্জ্য ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজ পরিচালনার জন্য বিভিন্ন যান-যন্ত্রাদি ক্রয় করে বিতরণ করা হয়েছে।

৪। নগর উন্নয়ন-১ অধিশাখার প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত প্রকল্পসমূহ: স্থানীয় সরকার বিভাগের নগর উন্নয়ন-১ অধিশাখার প্রত্যক্ষ তত্ত্বাবধানে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার অনুদান/ঋণে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নাধীন রয়েছে:

(১) Urban Primary Health Care Services Delivery Project;
(২) Urban Public Environmental Health Sector Development Project,
(৩) 'European Union (EU) Support to Health and Nutrition to the Poor in Urban Bangladesh' শীর্ষক প্রকল্প

(৪) ‘Procurement of Equipment for Solid Waste Management’ শীর্ষ কপ্রকল্প;

(৫) JICA এর সহায়তায় ‘Capacity Development of City Corporation)C4C)’ শীর্ষ ককারিগরি সহায়তা প্রকল্প;

(৬) প্রান্তিক জনগোষ্ঠীর জন্য জীবনমান উন্নয়ন প্রকল্প।

৫। বার্ষি ক উন্নয়ন কর্ম সূচির আওতায় সিটি কর্পো রেশনসমূহ পরিচালিত প্রকল্পসমূহবার্ষি ক উন্নয়ন কর্ম সূচির আওতায় সিটি কর্পো রেশনসমূহ কর্তৃক৩৪(চৌত্রিশ)টি উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে।

৬। ২০১৭-১৮ অর্থ বছরের উল্লেখযোগ্য কার্য াবলী

- ঢাকা মহানগরীর সড়ক খনন নীতিমালা, ২০১৯ চূড়ান্ত করা হয়েছে।
- কুমিল্লা সিটি কর্পো রেশন মার্কেট উপ-আইন, ২০১৯ প্রণয়ন করা হয়েছে।
- ঢাকা মহানগরীতে গণপরিবহনে শৃঙ্খলা আনয়ন এবং যানজট নিরসনে Bus Route Rationalization ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন এবং এ সংক্রান্ত কার্য ক্রম সমন্বয় করারলক্ষ্যে ঢাকা দক্ষিণ সিটি কর্পো রেশনের মাননীয় মেয়রকে সভাপতি করে১২(বার) সদস্যের সমন্বয় কমিটি গঠন করা হয়।
- সিটি কর্পো রেশনসমূহের বর্জ্য ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজ পরিচালনার জন্য ৭৬টি যান-যন্ত্রাদি ক্রয় করে বিতরণ করা হয়েছে।
- Urban Public Environmental Health Sector Development Project শীর্ষ ক প্রকল্পের আওতায় ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম সিটি কর্পো রেশনে রাজস্ব ও হিসাব বিভাগের কার্য ক্রম Automation এর আওতায় আনা হয়েছে। অনলাইনভিত্তিক ট্রেড লাইসেন্স ইস্যু কার্য ক্রম গ্রহণকরা হয়েছে।
- ৬টি সিটি কর্পো রেশনে কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য২৬ Secondary Transfer Stations (STSs) নির্ম াণ করা হয়েছে
- চট্টগ্রাম সিটি কর্পো রেশনে রাজস্ব খাতে৪৪৯টি পদ সৃজন করা হয়েছে।
- চট্টগ্রাম সিটি কর্পো রেশনের কর্ম চারী চাকুরি প্রবিধানমালা২০১৯ প্রণয়ন করা হয়েছে।
- রাজশাহী সিটি কর্পো রেশনে রাজস্ব খাতে ১৭৯টি পদে সরাসরি নিয়োগ/ পদোন্নতির ছাড়পত্র প্রদান করা হয়েছে।
- পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে বিগত বছরের ন্যায় দেশের সকল সিটি কর্পো রেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদে নির্দি ষ্ট স্থানে পশু জবেহ্ করার কর্ম সূচি বাস্তবায়ন করা হয়।রাজধানী ঢাকা মহানগরীসহ বিভাগীয় শহরসমূহে পশু কোরবানীর ২৪ ঘণ্টার মধ্যে বর্জ অপসারণ করা হয়।
- ঢাকা উত্তর সিটি কর্পো রেশনে ৩৯টি পদে সরাসরি নিয়োগ এবং ৩৩৮টি সেবা আউটসোর্সি ং এর মাধ্যমে প্রেষণে ছাড়পত্র প্রদান করা হয়েছে।
- ঢাকা দক্ষিণ সিটি কর্পো রেশনের৮৫টি পদে সরাসরি নিয়োগ এবং ২২৯টি সেবা আউটসোর্সি ং এর মাধ্যমে নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়েছে।

নগর উন্নয়ন- ২ অধিশাখা

নগর উন্নয়ন-২ অধিশাখার অধীনে পৌরসভা-১ শাখা ও পৌরসভা-২ শাখা বিদ্যমান। এ অধিশাখার মাধ্যমে দেশের সকল পৌরসভার প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত যাবতীয় কার্য ক্রমপরিচালিত হয়ে থাকে। পৌরসভার সাধারণ তথ্যাবলি এবং পৌরসভা-১ শাখা ও পৌরসভা-২ শাখার ২০১৮-১৯ অর্থ বছরের কার্য ক্রম নিম্নরূপঃ

নং	প্রশ্ন	উত্তর
ক.	পৌরসভার মেয়র/কাউন্সিলর অপসারণ/পুনঃবহাল/পদশূন্য ঘোষণাকরণ সংক্রান্ত তথ্য।	মৃত্যু জনিত কারণে চার জন কাউন্সিলরের পদ শূন্য ঘোষণা করা হয়েছে।
খ.	পৌরসভা গঠন/সম্প্রসারণ/সংকোচন সংক্রান্ত তথ্য।	• ২০১৮-১৯ অর্থ বছরে ১০ টি পৌরসভার শ্রেণী উন্নীত করা হয়েছে। তম্মধ্যে ৯ টি 'খ' শ্রেণীর পৌরসভাকে 'ক' শ্রেনীতে উন্নীত করা হয়েছে এবং ১ টি 'গ' শ্রেণীর পৌরসভাকে 'খ' শ্রেণীতে উন্নীত করা হয়েছে। • ফরিদপুর পৌরসভা, নাটোর জেলার বনপাড়া পৌরসভা, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া পৌরসভা, জয়পুরহাট জেলার পাঁচবিবি পৌরসভা সীমানা সম্প্রসারণ হয়েছে।
গ.	২০১৮-১৯ অর্থ বছরে পৌরসভাভিত্তিক অর্থ ছাড়ের বিবরণ।	২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় পৌরসভা উন্নয়ন সহায়তা সংশোধিত থোক বরাদ্দ খাতে ৪৭০.০০ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ হতে ৩২৭ টি পৌরসভার অনুকূলে সাধারণ বরাদ্দ হিসেবে ২৪০.০০ কোটি টাকা, বিশেষ থোক উপ-খাতের (দুর্যোগ/বন্যায় ক্ষতিগ্রস্থ অবকাঠামো উন্নয়ন/কবরস্থান ও শশ্মান ঘাট উন্নয়ন ইত্যাদি) ২২.০০ কোটি টাকা, বিশেষ থোক বরাদ্দ উপ-খাতের (মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী) ৩০.০০ কোটি টাকা, সাম্প্রতি সম্প্রসারিত/নবগঠিত পৌরসভার উপ-খাতে ২২.০০ কোটি টাকা, পার্ক ও বিনোদন কেন্দ্র নির্মাণ ও উন্নয়ন উপ-খাতে ১০.০০ কোটি টাকা, পৌরভবন/অডিটরিয়াম নির্মাণ/সম্প্রসারণ এবং সংস্কার উপ-খাতে ৬৬.০০ কোটি টাকা, পৌরসভার যান যন্ত্রপাতি ক্রয় (এলজিইডি'র মাধ্যমে) উপ-খাতে ৭৫.০০ কোটি টাকা, বিদেশ প্রশিক্ষণ/শিক্ষা সফর উপ-খাতের ৩.০০ কোটি টাকা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ(এনআইলজি/এলজিইডি/ডিপিএইচই) উপ-খাতের ২.০০ কোটি টাকা ছাড় করা হয়েছে।
ঘ.	২০১৮-২০১৯ অর্থ বছরে সম্পাদিত অন্যান্য বিশেষায়িত কার্যাবলী।	পৌরসভাসমূহে বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করার লক্ষ্যে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অর্থে ১৯৬ টি ডাম্পার ট্রাক পৌরসভাসমূহের অনুকূলে বিতরণ করা হয়েছে।
ঙ.	মহাপরিকল্পনা	স্থানীয় সরকার বিভাগের ব্যবস্থাপনায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর(এলজিইডি) কর্তৃক বাস্তবায়িত উপজেলা শহর অবকাঠামো উন্নয়ন ও জেলা শহর অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় ৩২৮টি পৌরসভার মধ্যে ২৪০ টি পৌরসভার মাস্টার প্লান প্রণয়ন করা হয়েছে। অবশিষ্ট ৮৮টি পৌরসভার মহাপরিকল্পনা প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে।
চ.	ডিজিটাল সেন্টার স্থাপন	জনগণের দোরগড়ায় ই-সেবা নিশ্চিত করার লক্ষ্যে কোন রকম প্রকল্প গ্রহণ ছাড়াই স্থানীয় সরকার বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় পৌরসভাসমূহের নিজস্ব প্রচেষ্টা ও অর্থায়নে ৩২১ টি পৌরসভায়

		পৌর ডিজিটাল সেন্টার স্থাপিত হয়েছে। এসকল সেন্টার উদ্যোক্তাদের মাধ্যমে পৌর পরিষদের সেবা প্রদান করা হচ্ছে। তাছাড়া পৌরসভা ওয়েব পোর্টাল এর মাধ্যমে পৌরসভা সম্পর্কিত তথ্য, পৌর পরিষদের মাধ্যমে জনপ্রতিনিধি/জনবলের তথ্য, নাগরিক সেবা সমূহ, নগর পরিকল্পনা বিষয়ক তথ্য, উন্নয়ন ও ভৌত অবকাঠামো সংক্রান্ত এবং বিভিন্ন বিষয়ে তথ্য প্রকাশ করা হচ্ছে। পৌর নাগরিকগণের যে কোন মতামত/অভিযোগ পৌরসভার ওয়েবসাইটের মাধ্যমে প্রদানের ব্যবস্থা গৃহিত হচ্ছে।
ছ.	ই-জিপি	উন্নয়ন ও ক্রয় কার্যক্রমে সচ্ছতা, জবাবদিহিতা ও অর্থ অপচয় এবং টেন্ডার সংক্রান্ত সকল ধরণের দুর্নীতি প্রতিরোধের জন্য নতুন প্রকল্প গ্রহণ ছাড়াই স্থানীয় সরকার বিভাগের নিজস্ব প্রচেষ্টায় ই-টেন্ডারিং (ই-জিপি) কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ৩২৮ টি পৌরসভার মধ্যে ২৯৭টি পৌরসভার ই-জিপি এর রেজিস্টেশন সম্পন্ন হয়েছে এবং ই-টেন্ডারিং কার্যক্রম শুরু হয়েছে। অচিরেই অবশিষ্ট ৩১ টি পৌরসভার রেজিস্টেশন সম্পন্ন হবে এবং শীঘ্রই দেশের সকল পৌরসভায় শতভাগ ই-জিপি বাস্তবায়ন কার্যক্রম চালু হবে।
জ.	জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প	• ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৫ টি পৌরসভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে ১৫ টি প্রকল্প বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে। • জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতিকর প্রভাব মোকাবেলায় জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বর্তমানে ৩৪ টি পৌরসভায় জলবায়ু সংশ্লিষ্ট প্রকল্প চলমান রয়েছে। জলবায়ু প্রভাব মোকাবেলা, ড্রেনেজ ব্যবস্থা উন্নয়ন, গভীর নলকূপ স্থাপনের মাধ্যমে সুপেয় পানি সরবরাহ, সৌর বিদ্যুতায়িত সড়ক বাতি স্থাপন ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন এসব প্রকল্পের উদ্দেশ্য।
ঝ.	স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি কর্তৃক বিভিন্ন পৌরসভায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ:	স্থানীয় সরকার বিভাগের আওতায় এলজিইডি কর্তৃক পৌরসভা পর্যায়ে ২৫টি উন্নয়ন প্রকল্প বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে। এসকল প্রকল্পের প্রধান অংশ হচ্ছে- • পৌরসভায় রাস্তা নির্মাণ, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ; • ব্রিজ/কালভার্ট নির্মাণ; • খাল পুন:খনন/খালের পাড় রক্ষণাবেক্ষণ; • কমিউনিটি ল্যাট্রিন/ল্যাট্রিন নির্মাণ;

পানি সরবরাহ অনুবিভাগ

স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অনুবিভাগে একজন অতিরিক্ত সচিবের অধীনে একজন যুগ্ম সচিব এবং তিনজন উপসচিব দায়িত্ব পালন করছেন। উক্ত অনুবিভাগের আওতায় ঢাকা, চট্টগ্রাম, খুলনা ও রাজশাহী ওয়াসার প্রশাসনিক কার্যাবলী, উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়করণ এবং উন্নয়নমূলক কর্মকান্ড তত্ত্বাবধন করা হয়। এছাড়া জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রশাসনিক বিষয়াদি, উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়, উন্নয়ন কর্মকান্ডের সমন্বয় ও তদারকি এবং শহর ও গ্রামাঞ্চলে বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হয়।

পানি সরবরাহ অধিশাখা

স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অধিশাখার আওতায় একজন যুগ্ম সচিব এবং তিনজন উপসচিব দায়িত্ব পালন করছেন। পানি সরবরাহ-১ শাখার মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পানি সরবরাহ-২ শাখার আওতায় ঢাকা ও চট্টগ্রাম ওয়াসা এবং পানি সরবরাহ-৩শাখার মাধ্যমে খুলনা ও রাজশাহী ওয়াসার প্রশাসনিক ও উন্নয়ন কর্মকান্ড তদারকী করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরে পানি সরবরাহ-১, পানি সরবরাহ-২ এবং পানি সরবরাহ-৩ শাখা হতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে ঃ

পানি সরবরাহ-১ শাখা

প্রশাসনিক কার্য ক্রমঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে ০৩(তিন) জনকে চলতি দায়িত্বে এবং ২৮(আটাশ) জন সহকারী প্রকৌশলীকে নির্ব াহীপ্রকৌশলী পদে চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে।

০২। পানি সরবরাহ-১ অধিশাখা হতে ডিপিএইচই এর ২৪(চব্বিশ) জন কর্ম কর্তারঅবসরোত্তর ছুটি মঞ্জুর ও ১৬ (ষোল) জন কর্ম কর্তারপেনশন মঞ্জুর করা হয়েছে।

০৩। নির্ব াহীপ্রকৌশলী ও তদূর্ধ্ব পর্য ায়েরকর্ম কর্তারমধ্যে ২০(বিশ) জন নির্ব াহীপ্রকৌশলী, ০২(দুই) জন উপ-প্রকল্প পরিচালক এবং ০৬(ছয়) জন তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে প্রকল্প পরিচালক হিসেবে বদলী/পদায়ন করা হয়েছে।

উন্নয়ন কার্য ক্রমঃ

০১। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরে ৩৫(পয়ত্রিশ) টি পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ৩৫ (পয়ত্রিশ) টি প্রকল্পের মধ্যে ০২(দুই)টি প্রকল্পের কার্য ক্রমজুন ২০১৯ তারিখে সমাপ্ত হয়েছে। অপরদিকে ২০১৮-২০১৯ অর্থ বছরে জিওবি অর্থ ায়নে নিম্নবর্ণি তনতুন ০৯(নয়)টি প্রকল্প অনুমোদিত হয়েছেঃ

(১) পিরোজপুর জেলাধীন ভান্ডারিয়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প।

(২) রাজশাহী, নওগাঁ ও চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নিম্ন পানিস্তর এলাকায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ প্রকল্প।

(৩) চা বাগান কর্মীদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প।

(৪) ভু-উপরিস্থ পানি পরিশোধনের মাধ্যমে রাঙ্গামাটি, বাগেরহাট ও ফরিদপুর জেলার নিরাপদ পানি সরবরাহ প্রকল্প।

(৫) পরিবেশবান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প।

(৬) সুনামগঞ্জ জেলার দক্ষিণ সুরমা উপজেলার পল্লী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প।

(৭) সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার পল্লী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প।

(৮) নোয়াখালী জেলার চৌমুহনী পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প।

(৯) খাগড়াছড়ি জেলার বিভিন্ন গ্রামসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাপন প্রকল্প।

০২। ডিপিএইচই কর্তৃক বাস্তবায়নাধীন পানি সরবরাহ ও নলকূপ স্থাপন ও স্যানিটেশন সেবা সংক্রান্ত ৩৫ (পয়ত্রিশ)টি প্রকল্পের অর্থ ছাড়করণসহ প্রকল্পের কার্য ক্রমসন্তোষজনকভাবে বছর ভিত্তিক সম্পন্ন করা হয়েছে।

০৩। স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে সচেতনতা সৃষ্টির জন্য জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর, ২০১৮ সফলতার সাথে উদযাপন করা হয়েছে।

০৪। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের আওতায় ২১০১৮-১৯ অর্থ বছরে পল্লী এলাকায় ৮৭,৭১৯ (সাতাশি হাজার সাতশত উনিশ) টি এবং পৌর এলাকায় ১৫০০(এক হাজার পাঁচশত)টি বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৫। ২০১৮-১৯ অর্থ বছরে পল্লী এলাকায় ৩৫০৩০ (পয়ত্রিশ হাজার ত্রিশ) স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মাণকরা হয়েছে;

০৬। ২০১৮-১৯ অর্থ বছরে পৌর এলাকায় ২৬৬ (দুইশত)টি পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন, ১,৭৭০ (এক হাজার সাতশত সত্তর)টি শেয়ার্ড ল্যাট্রিন এবং বিশ্ব ইজতেমায় আগত ধর্মপ্রাণ মুসল্লীদের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকল্পে টঙ্গীর ইজতেমা ময়দানে ০৩(তিন)টি তলাবিশিষ্ট টয়লেট বিল্ডিং স্থাপন করা হয়েছে ও ১০(দশ)টি টয়লেট বিল্ডিং স্থাপন করা হয়েছে;

০৭। ২০১৮-১৯ অর্থ বছরে বেসিক স্যানিটেশন কভারেজ ৯৯% এ উন্নীত হয়েছে এবং উন্নত স্যানিটেশন ৬১% এ উন্নীত হয়েছে;

০৮। Water, Sanitation And Hygiene (WASH) সেক্টরের সাথে জড়িত বিভিন্ন প্রতিষ্ঠানের পেশাজীবী ও কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রায় ২৫৭ (দুইশত সাতান্ন) জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০৯। ১৫ অক্টোবর, ২০১৮ তারিখে বিশ্ব হাত ধোয়া দিবসের কর্ম সূচীসফলভাবে উদযাপন করা হয়েছে;

১০। ২০১৮-১৯ অর্থ বছরে ১৫৪ (একশত চুয়ান্ন)টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে;

পানি সরবরাহ-২ শাখা

(১) ঢাকা ওয়াসা ঃ

"ঘুরে দাঁড়াও ঢাকা ওয়াসা" কর্মসূচীর আওতায় বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ডিজিটাল বাংলাদেশ ভিশন ২০২১ এর লক্ষ্য অর্জনে ঢাকা ওয়াসার সার্বিক কর্মকান্ড অটোমেশনের মাধ্যমে ডিজিটাল ওয়াসা গঠনের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক নির্দেশনা ও সহযোগিতার ফলে ঢাকা ওয়াসা বর্তমানে পরিবেশ-বান্ধব, টেকসই ও গণমূখী পানি ব্যবস্থাপনার দিকে অগ্রসর হচ্ছে। সে লক্ষ্যে ঢাকা ওয়াসা ইতোমধ্যে

একটি Water Master Plan প্রনয়ন করেছে। মাষ্টার প্ল্যানের সুপারিশ মতে ২০২১ সাল নাগাদ শতকরা ৭০ ভাগ ভূ-উপরিস্থ পানির উৎস থেকে এবং শতকরা ৩০ ভাগ ভূ-গর্ভস্থ পানি সরবরাহ নিশ্চিত করার জন্য ঢাকা ওয়াসা কাজ করছে। ইতোমধ্যে ঢাকা ওয়াসার অর্জিত সাফল্যে উন্নয়ণ সহযোগি সংস্থাগুলি সেবাদানকারি সংস্থা হিসেবে দক্ষিণ এশিয়ার মধ্যে 'রোল মডেল' হিসেবে বিবেচনায় নিয়েছে। সম্প্রতি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) "The Dhaka Water Services Turnaround" শিরোনামে একটি পুস্তিকা প্রকাশ করেছে যেখানে ঢাকা ওয়াসাকে "One of South Asia's Best Public Water Utilities" হিসেবে উল্লেখ করেছে।

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার উপখাত ভিত্তিক লক্ষ্য, লক্ষ্যমাত্রা, কৌশল এবং কর্মসূচি (অনুচ্ছেদ - ৯.৭) সংক্রান্ত বিষয়াবলি হিসেবে উল্লেখ আছে যে, 'ঢাকা শহরের নিরাপদ পানি, পয়: নিষ্কাশন সরবরাহ সুনিশ্চিত করতে এবং জলাবদ্ধতা দূর করতে ঢাকা ওয়াসার কৌশলগত লক্ষ্য রয়েছে। টেকসই পানি সরবরাহ কৌশলের অংশ হিসেবে ঢাকা ওয়াসা পানি উৎপাদিন ব্যবস্থা নিশ্চিত করতে চায়, যেখানে ৭০ভাগ পানি আসবে ভূ-পৃষ্ঠস্থ উৎস হতে এবং বাকি ৩০ ভাগ আসবে ভূ-গর্ভস্থ উৎস হতে। সপ্তম পরিকল্পনার মেয়াদে ঢাকা ওয়াসা নগরবাসীর জন্য স্যানিটেশন সুবিধা ৪০ ভাগ থেকে ৬০ ভাগে উন্নীত করার কৌশল গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে শহর থেকে জলাবদ্ধতা দূরীকরণসহ নগরবাসীর জন্য স্বাস্থ্যকর জীবনযাপন নিশ্চিত করতে ঢাকা ওয়াসা নিষ্কাশন সুবিধা ৬০% থেকে ৮০% এ উন্নীত করবে।

(২) চট্টগ্রাম ওয়াসা ঃ

চট্টগ্রাম ওয়াসার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডসমূহ Sustainable Development Goals আওতাভূক্ত SDG-6 (Ensure Access to Water and Sanitation for All) এর সাথে সরাসরি সম্পর্কযুক্ত। এছাড়াও চট্টগ্রাম শহরের নিরাপদ ও সুপেয় পানি সরবরাহ এবং পয়: নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিতকল্পে চট্টগ্রাম ওয়াসার কৌশলগত লক্ষ রয়েছে। Sustainable পানি সরবরাহের কৌশলের অংশ হিসেবে চট্টগ্রাম ওয়াসা পানি সরবরাহ ব্যবস্থায় ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরশীলতা হ্রাস করে ১০০% ভূ-পৃষ্ঠস্থ পানির উৎস ব্যবহার করার পরিকল্পনা গ্রহণ করেছে। সে লক্ষ্যে বিভিন্ন পানি সরবরাহ প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। যাতে ৯ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন 'মোহরা পানি শোধনাগার', ১৪.৩০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন 'শেখ হাসিনা পানি শোধনাগার' এবং ৯ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন 'মদুনাঘাট পানি সরবরাহ প্রকল্প' বাস্তবায়ন করা হয়েছে। তাছাড়া ১৪.৩ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন "কর্ণফুলি পানি সরবরাহ প্রকল্প (ফেজ-২)" এবং ৬ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন "ভান্ডাল জুড়ি পানি শোধনাগার" প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পসমূহ সপ্তম পঞ্চবার্ষিক কর্মপরিকল্পনার মেয়াদে বাস্তবায়িত হবে। এছাড়া চট্টগ্রাম ওয়াসা নগরবাসীর জন্য স্যানিটেশন সুবিধা প্রদানের লক্ষ্যে ৩৮০৮.০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয় ধরে "চট্টগ্রাম মহানগরীর প্রথম পয়:নিষ্কাশন ব্যবস্থা স্থাপন" নামে একটি প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে"।

পানি সরবরাহ-৩ অধিশাখা

খুলনা ওয়াসা : ২০১৮-১৯ অর্থ বছরে খুলনা ওয়াসার অনুন্নয়ন বাজেটের আওতায় ১৫.৫০ (পনের কোটি পঞ্চাশ লক্ষ) কোটি টাকা এবং উন্নয়ন বাজেটের আওতায় ৪৬৭.৬৯ (চারশত সাতষট্টি কোটি ঊনসত্তর লক্ষ) কোটি টাকা ছাড় করা হয়েছে। "খুলনা পানি সরবরাহ প্রকল্প" টি ২৫৫৪ (দুই হাজার পাঁচশত চুয়ান্ন) কোটি টাকা ব্যয়ে জুন, ২০১৯ তারিখে সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের আওতায় নির্মিত সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট এর নাম "বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট" হিসেবে নামকরণ করা হয়েছে। "খুলনা শহরে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ" প্রকল্পের জিওবি অংশের বরাদ্দকৃত ৫০০০.০০ (পঞ্চাশ কোটি) লক্ষ টাকা ছাড় করা হয়েছে। এ প্রকল্পের জন্য ৩০.৯৩১১ (ত্রিশ দশমিক নয় তিন এক এক) একর জমি অধিগ্রহণের

প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। খুলনা ওয়াসার জন্য অস্থায়ীভাবে সৃজিত ৭৬(ছিয়াত্তর)টি পদ ৩১/০৫/২০২০ তারিখ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সংরক্ষণের অনুমতি পাওয়া গেছে। খুলনা ওয়াসার রাজস্বখাতে ১৩৩(একশত তেত্রিশ)টি পদ স্থায়ী করা হয়েছে। খুলনা ওয়াসার জন্য ১৩৪(একশত চৌত্রিশ)টি পদ অস্থায়ীভাবে সৃজনের অনুমোদন পাওয়া গেছে। কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য দেশে ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকল্পে নিয়োজিত বিদেশি বিশেষজ্ঞদের নিরাপত্তা ছাড়পত্র এবং ভিসার মেয়াদ বৃদ্ধির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খুলনা ওয়াসা খুলনা মহানগরীতে বসবাসকারী প্রায় ১৫ লক্ষ মানুষের জন্য সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করেছে এবং খুলনা ওয়াসার আওতায় চলমান "খুলনা শহরে পয়ঃনিষ্কাশন ব্যবস্থা নির্মাণ" প্রকল্পটি বাস্তবায়িত হলে উন্নত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত হবে।

রাজশাহী ওয়াসা : ২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় ২৪.০০ (চব্বিশ) কোটি টাকা ছাড় করা হয়েছে। "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থ পানি শোধনাগার" প্রকল্পটি বাস্তবায়নের জন্য 'ফিজিবিলিটি স্ট্যাডি রিপোর্ট' অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে চীনা দূতাবাসে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের ঋণ চুক্তি সম্পাদনের কার্যক্রম চলমান রয়েছে এবং ঋণ চুক্তি সম্পাদন হলে শীঘ্রই প্রকল্পের মূল কাজ শুরু করা হবে। দৈনিক ২০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন এ প্রকল্পটি সম্পন্ন হলে রাজশাহী ওয়াসার পানির কাভারেজ শতভাগে উন্নীত হবে। উক্ত প্রকল্পটি বাস্তবায়িত হলে রাজশাহী মহানগরীতে বসবাসকারী প্রায় ১০ লক্ষ মানুষের জন্য আর্সেনিকমুক্ত সুপেয় পানি সরবরাহ করা সম্ভব হবে। ইতোমধ্যে প্রশাসনিক কার্যক্রম পরিচালনার জন্য বরাদ্দকৃত জিওবি অংশের ০৩(তিন) লক্ষ টাকা ছাড় করা হয়েছে। "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থ পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ" প্রকল্পের জিওবি অংশের ৭৮৬৯ (সাত হাজার আটশত ঊনসত্তর) লক্ষ টাকার ব্যয় বিভাজন করা হয়েছে। উক্ত প্রকল্পের জন্য ৫০.৪৯৩৯ (পঞ্চাশ দশমিক চার নয় তিন নয়) একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। ৯(নয়) জন কর্মচারীকে রাজশাহী ওয়াসায় আত্মীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। রাজশাহী ওয়াসার জন্য ৮২(বিরাশি)টি পদ স্থায়ী করা হয়েছে। দৈনিক মজুরীভিত্তিক ৪০(চল্লিশ) জন শ্রমিক নিয়োগের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়েছে। কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য দেশে ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

হাইসাওয়া : **(ক) হাইসাওয়া গঠনের সংক্ষিপ্ত ইতিহাস :** হাইজিন, স্যানিটেশন এন্ড ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম (হাইসাওয়া) স্থানীয় সরকার বিভাগের অধীন পরিচালিত একটি স্বায়ত্তশাসিত ও অলাভজনক প্রতিষ্ঠান। এটি বাংলাদেশ কোম্পানি আইন, ১৯৯৪ এর ২৮ ধারা অনুসারে নিবন্ধিত। ২০০৭ সালে যাত্রা শুরু করা এই প্রতিষ্ঠানটি কোম্পানি আইন ও মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন অব হাইসাওয়া অনুযায়ী ১৩-সদস্য বিশিষ্ট একটি গভর্নিং বোর্ড কর্তৃক পরিচালিত হয়। স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয় পদাধিকার বলে হাইসাওয়া গভর্নিং বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।

(খ) হাইসাওয়ার কার্যক্রম : হাইসাওয়া মূলত বাংলাদেশের গ্রামীণ ও দুর্গম এলাকাসমূহে স্বাস্থ্য বিধি, উন্নত স্যানিটেশন ও নিরাপদ পানি সরবারহ সেবা নিশ্চিতকরণে ইউনিয়ন পরিষদকে সহায়তা প্রদান করে থাকে। তিনটি প্রধান উদ্দেশ্য নিয়ে হাইসাওয়ার সার্বিক কার্যক্রম পরিচালিত হয় :-

- ইউনিয়ন পরিষদের মাধ্যমে স্থানীয় জনগণের জন্য নিরাপদ পানির স্থাপনা তৈরি করা।
- স্থানীয় জনগণের স্বাস্থ্যসম্মত আচরণ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন নিশ্চিত করা।
- ইউনিয়ন পরিষদ সমূহের দক্ষতাও সক্ষমতা বৃদ্ধি, এবং তাদের আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা।

বিগত ১২ বছরে ১১০০-এর অধিক ইউনিয়ন পরিষদকে আর্থিক ও কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে ও তাদের ব্যবস্থাপনায় হাইসাওয়া ৮৫ হাজারেরও অধিক নিরাপদ পানির উৎস স্থাপন ও ৪ হাজারের ও বেশি পাবলিক ও প্রাতিষ্ঠানিক ল্যাট্রিন এবং প্রায় ১৬ লাখ পরিবারভিত্তিক ল্যাট্রিন নির্মাণ অথবা সংস্কার করেছে। এছাড়াও প্রায় ৯৫ লাখ গ্রামীণ জনগণকে স্বাস্থ্যকর আচরণ ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়েছে।

(গ) হাইসাওয়ার অনুদানের উৎস : বাংলাদেশ সরকার, ডেনমার্ক, অস্ট্রেলিয়া, জার্মানী ও সুইজারল্যান্ড সরকার এবং অ্যাকশন এগেনস্ট হাঙ্গার (এসিএফ) -এর আর্থিক অনুদানে হাইসাওয়া বাংলাদেশের বিভিন্ন স্থানে কার্যক্রম পরিচালনা করেছে। হাইসাওয়ার প্রকল্পসমূহে প্রধান অংশীদারিত্ব ইউনিয়ন পরিষদের হওয়ায় প্রতিষ্ঠানটির মোট বাজেটের প্রায় ৯০ শতাংশ অর্থ ইউনিয়নগুলোর মাধ্যমে ব্যয় করা হয়ে থাকে।

(ঘ) হাইসাওয়ার ২০১৮-১৯ সালের অগ্রগতি : ২০১৮-১৯ অর্থ বছরে ডেনমার্ক, সুইজারল্যান্ড, অস্ট্রেলিয়া সরকারও অ্যাকশন এগেনস্ট হাঙ্গার (এসিএফ)-এর অর্থায়নে হাতিয়া, রামগতি, রাঙ্গাবালি, খুলনা, যশোর, বাগেরহাট, সাতক্ষীরা, নড়াইল, কক্সবাজার, উখিয়া, টেকনাফ উপজেলা ও কিছু নির্বাচিত রোহিঙ্গা শরণার্থী ক্যাম্পে হাইসাওয়ার ৫টি প্রকল্প চলমান রয়েছে। এ বছর হাইসাওয়া এসব উপজেলার অন্তর্ভুক্ত ১০৭টি ইউনিয়ন পরিষদকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করছে এবং এসব ইউনিয়ন পরিষদের ১,৩৩৫ জন কর্মকর্তা, পানি ও স্যানিটেশন সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যবৃন্দ ও কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষন প্রদান করেছে। সেই সাথে এসব এলাকার প্রায় ৫ লাখ মানুষকে স্বাস্থ্যকর আচরণ সম্পর্কে ব্যবহারিক শিক্ষা প্রদান করা হয়েছে। পাশাপাশি ২,৪৬৪টি নিরাপদ পানির উৎস স্থাপন করা হয়েছে - যা থেকে প্রায় ১ লাখ ২০ হাজার মানুষ উপকৃত হচ্ছে এবং ২৫,৬৭২টি পরিবারভিত্তিক ল্যাট্রিন ও ১০৯টি পাবলিক ও প্রাতিষ্ঠানিক ল্যাট্রিন নির্মাণ করা হয়েছে।

(ঙ) হাইসাওয়ার বিভিন্ন কার্যক্রমের ছবি :

HYSAWA

কমিউনিটিভিত্তিক
স্বাস্থ্যবিধি
শিক্ষা উপকরণ
ACTION AGAINST HUNGER

GAZI

GAZI
GAZI

মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন অনুবিভাগ

মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন অনুবিভাগ স্থানীয় সরকার বিভাগের একটি অন্যতম অনুবিভাগ। এ অনুবিভাগে মহাপরিচালক এর অধীনে দুইটি পরিচালক, ১টি যুগ্ম সচিব, ১টি উপ-সচিব, ১টি উপ-প্রধান, ৭টি সিনিয়র সহকারী সচিব এবং ৩টি সিনিয়র সহকারী প্রধানের পদ রয়েছে। স্থানীয় সরকার বিভাগের অধীনে সরাসরি ও বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত প্রকল্পসমূহ প্রক্রিয়াকরণ ও অনুমোদন করা এবং এ বিভাগের আওতাধীন চলমান ও সমাপ্ত প্রকল্পসমূহ পরিবীক্ষণ, সরেজমিন পরিদর্শন ও মূল্যায়ন সংক্রান্ত কার্যাবলী এ অনুবিভাগ থেকে সম্পাদন করা হয়।

মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা

মনিটরিং ও মূল্যায়ন অধিশাখায় যুগ্ম সচিবের অধীনে ছয়টি সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিবের পদ রয়েছে। স্থানীয় সরকার বিভাগের অধীনে বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/সিটি করপোরেশনের মাধ্যমে চলমান বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন পরবর্তী সময়ে প্রকল্পের মূল্যায়ন এ অধিশাখার মাধ্যমে সম্পাদন করা হয়।

মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন অনুবিভাগে ২জন পরিচালক রয়েছেন। তাঁদের অধীনে পরিদর্শন শাখা রয়েছে। স্থানীয় সরকার বিভাগের অধীনে বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান/সিটি করপোরেশনের মাধ্যমে চলমান বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম তারা পরিদর্শন করে থাকেন।

মনিটরিং শাখা

ক) ২০১৮-১৯ অর্থ বছরে বিভাগ পর্যায়ে পরিচালক, স্থানীয় সরকার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ ৫ কোটি ৪৭ লক্ষ ৫৮ হাজার টাকা ছাড় করা হয়েছে।

খ) ২০১৮-১৯ অর্থ বছরে জেলা পর্যায়ে উপপরিচালক, স্থানীয় সরকার কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভাতা বাবদ ১৬ কোটি ৯৫ লক্ষ ৩২ হাজার টাকা ছাড় করা হয়েছে।

গ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত পরিদর্শন টিম্ ডিএলজি ও ডিডিএলজিগণ ২০১৮-১৯ অর্থ বছরে প্রায় ৬৩০০টি স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও ২৪৫০টি উন্নয়ন প্রকল্প পরিদর্শন করেছেন, যা বিগত অর্থ বছরের চেয়ে প্রায় দ্বিগুণ। ফলে কাজের গুণগতমান অধিকতর নিশ্চিতকরণ ও বাস্তবায়নে সক্রিয় সহায়ক ভূমিকা পালন করেছে।

ঘ) ২০১৭-১৮ অর্থ বছরে ২৯৭টি পৌরসভার এবং ৬১টি জেলা পরিষদের কর্মদক্ষতা মূল্যায়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্ম দক্ষতা মূল্যায়নের ফলে নির্ব াচিত জন প্রতিনিধিদের মধ্যে কাজের গুণগতমান বৃদ্ধির ক্ষেত্রে অনুপ্রেরণা যোগাচ্ছে।

ঙ) ২০১৮-১৯ অর্থ বছরে বিভিন্ন ডিএলজি/ডিডিএলজি কার্য ালয়ে মোট১৩ (তের) জন কর্ম চারী নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদান করা হয়েছে। ডিএলজি/ডিডিএলজি কার্য ালয়ে নতুন কর্ম চারী নিয়োগ করা ফলে কর্ম সংস্থান বৃদ্ধি ও বেকারত্ব হ্রাস পেয়েছে এবং কাজের গতিসীমা বৃদ্ধি পেয়েছে।

চ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-এ গৃহীত সিদ্ধান্তের আলোকে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট বিষয়াদি বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। ফলে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের কাজের প্রতি দায়বদ্ধতা বৃদ্ধি পেয়েছে।

ছ) ২০১৭-১৮ অর্থ বছরে সকল ইউনিয়ন পরিষদের কর্মদক্ষতা মূল্যায়ন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। ফলে ইউনিয়ন পরিষদসমূহের সক্ষমতা বৃদ্ধিসহ কাজে স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে।

জ) স্থানীয় সরকার বিভাগের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে। এর ফলে এ বিভাগের বিভিন্নমুখী কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং উপকারভোগীগণ অবহিত হতে পেরেছেন।

ঝ) ২০১৭-১৮ অর্থ বছরে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ সরেজমিন মনিটরিং করা হয়েছে। ফলে কাজের গুণগতমান নিশ্চিতকরণসহ স্বচ্ছতা, জবাবদিহিতা এবং কাজের গতি বৃদ্ধি পেয়েছে।

মূল্যায়ন শাখা

(ক) স্থানীয় সরকার বিভাগ থেকে এডিপি/থোক/অতিরিক্ত বরাদ্দ দ্বারা সকল সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের ব্যয় সংক্রান্ত ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মূল্যায়ন করা হয়েছে। ফলে বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহের কাজের প্রতি দায়বদ্ধতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাচ্ছে।

(খ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি বাস্তবায়িত প্রকল্পসমূহের ব্যয় সংক্রান্ত প্রতিবেদনের মূল্যায়ন করা হয়েছে। ফলে সুশাসন ও জবাবদিহিতা অধিকতর বৃদ্ধি পেয়েছে।

(গ) স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও ওয়াসাসমূহের সকল বাস্তবায়িত প্রকল্পের পিরিওডিক মূল্যায়ন ও বাস্তবায়িত প্রকল্পসমূহের ব্যয় সংক্রান্ত প্রতিবেদনের মূল্যায়ন করা হয়েছে। ফলে এ সকল প্রতিষ্ঠানের কাজের গুণগতমান ও স্বচ্ছতা ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে।

(ঘ) ডিএলজি ও ডিডিএলজিগণ কর্তৃক স্থানীয় সরকারের বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠান/উন্নয়ন প্রকল্পসমূহের পরিদর্শন প্রতিবেদনসমূহ সঠিকভাবে মূল্যায়ন করা হয়েছে। ফলে তাদের সক্ষমতা বৃদ্ধিসহ প্রকল্প কাজের গুণগতমান অধিকতর নিশ্চিত হয়েছে।

পরিদর্শন শাখা

স্থানীয় সরকার বিভাগের অধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানমূহ ও তাদের কার্যক্রম পরিদর্শনপূর্বক প্রতিবেদন উপস্থাপন করে থাকে। দাখিলকৃত সকল পরিদর্শন প্রতিবেদনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ফলে সুশাসন ও জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে এবং নিয়মিত পরিদর্শনের ফলে কাজের গুণগতমান বৃদ্ধিসহ প্রকল্পের বাস্তবায়নের গতি ত্বরান্বিত হয়েছে।

পরিকল্পনা অধিশাখা

স্থানীয় সরকার বিভাগের পরিকল্পনা অধিশাখায় দুইজন উপ-প্রধানের অধীনে সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান পর্যায়ের ৩টি শাখা রয়েছে। স্থানীয় সরকার বিভাগের যুগ্মপ্রধান এর সার্বিক তত্ত্বাবধানে অধিশাখাটি পরিচালিত হয়। তৃণমূল পর্যায় হতে শহর/নগর পর্যন্ত দেশের আর্থ-সামাজিক উন্নয়নে স্থানীয় সরকার বিভাগ উল্লেখযোগ্য ভূমিকা রেখে আসছে। শহর ও গ্রামাঞ্চলের ভৌত অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, রাস্তাঘাট, সেতু/কালভার্ট ও বাস টার্মিনাল নির্মাণ ও সংরক্ষণের মাধ্যমে দেশের সামগ্রিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন, কমিউনিটি ল্যাট্রিন, নগর স্বাস্থ্য/মাতৃসদন কেন্দ্র, পৌর মার্কেট ইত্যাদি নির্মাণ, বস্তি উন্নয়নসহ বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক যে সকল প্রকল্প প্রণয়ন করা হয় তা পরিকল্পনা অধিশাখার মাধ্যমে অনুমোদনের জন্য প্রক্রিয়াকরণ করা হয়ে থাকে। এ ছাড়া জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন প্রভৃতি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র আওতায় উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দ প্রাপ্তির বিষয়টি এ অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত এডিপি-তে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অনুকূলে উন্নয়ন সহায়তা বরাদ্দের বিবরণ নিম্নরূপঃ

খাতের নাম	বরাদ্দ (কোটি টাকায়)	অবমুক্তি/ব্যয় (কোটি টাকায়)
১. উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তা	৫৫০.০০	৫৪৪.৮০
২. ইউনিয়ন পরিষদের জন্য উন্নয়ন সহায়তা	১০.০০	১০.০০
৩. পৌরসভাসমূহের জন্য উন্নয়ন সহায়তা	৪৭০.০০	৪৭০.০০
৪. জেলা পরিষদসমূহের জন্য উন্নয়ন সহায়তা	৫৬০.০০	৫৬০.০০
৫. ১১টি সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা	৪৩০.০০	৪৩০.০০
সর্বমোট	**২০২০.০০**	**২০১৪.৮**

২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত এডিপিতে মোট জাতীয় বরাদ্দ ছিল ১৭৬৬১৯.৭১ কোটি টাকা। এর মধ্যে স্থানীয় সরকার বিভাগের জন্য বরাদ্দ ছিল ২৬৬১৩.৭৪ কোটি টাকা, যা মোট আরএডিপি বরাদ্দের ১৫.০৬%। এ বরাদ্দের মধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোট ২৭৩টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ছিল মোট ২৪৫৯৩.৭৪ কোটি টাকা (জিওবি ১৬৬২৬.৫২ কোটি এবং প্রকল্প সাহায্য ৭৯৬৭.২২ কোটি) এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, এবং সিটি কর্পোরেশন) অনুকূলে উন্নয়ন সহায়তা হিসেবে বরাদ্দ ছিল ২০২০.০০ কোটি টাকা। **সার্বিকভাবে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে অর্থ অবমুক্তি ও ব্যয় হয়েছে যথাক্রমে ২৫৭৬৭.৩০ কোটি টাকা (বরাদ্দের ৯৬.৮২%) ও ২৫৩৯৪.৫২ কোটি টাকা (বরাদ্দের ৯৫.৪২%)।**

প্রকল্প এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দ ও ব্যয়ের সার্বিক অগ্রগতি

(কোটি টাকায়)

প্রকল্প ও উন্নয়ন সহায়তা	আরএডিপি বরাদ্দ	অবমুক্তি (বরাদ্দের %)	ব্যয় (বরাদ্দের %)
প্রকল্পের অনুকূলে (২৭৩টি)	২৪৫৯৩.৭৪	২৩৭৫২.৫০ (৯৬.৫৮%)	২৩৩৭৯.৭২ (৯৫.০৬%)
উন্নয়ন সহায়তা	২০২০.০০	২০১৪.৮০ (৯৯.৭৪%)	২০১৪.৮০ (৯৯.৭৪%)
মোট	**২৬৬১৩.৭৪**	**২৫৭৬৭.৩০ (৯৬.৮২%)**	**২৫৩৯৪.৫২ (৯৫.৪২%)**

২০১৮-১৯ অর্থ বছরে সর্বমোট ৪২টি প্রকল্প সমাপ্ত হয়েছে (এলজিইডি'র ৩১টি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর ২টি, ঢাকা ওয়াসা'র ৩টি, চট্টগ্রাম ওয়াসা'র ১টি, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর ১টি, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ১টি, রাজশাহী সিটি কর্পোরেশন এর ১টি, সিলেট সিটি কর্পোরেশন এর ১টি, খুলনা সিটি কর্পোরেশন এর ১টি)। ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত এডিপি'র বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের সংস্থাওয়ারী বিবরণ **পরিশিষ্ট-"ক"** এ দেয়া হলো। ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত এডিপিতে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে প্রদত্ত উন্নয়ন সহায়তা বরাদ্দের বিবরণ **(পরিশিষ্ট-খ)**। ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের সংশোধিত এডিপিভূক্ত প্রকল্পসমূহের সংস্থাওয়ারী অর্থ বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ের তুলনামূলক বিবরণী **পরিশিষ্ট-"গ"** এ উল্লেখ রয়েছে। ২০১৮-১৯ সালের মূল এডিপি ও সংশোধিত এডিপি বরাদ্দের তুলনামূলক বিবরণী **পরিশিষ্ট-"ঘ"** এ উল্লেখ রয়েছে।

- ২০১৭-১৮ অর্থ বছরে আরএডিবি'র অগ্রগতি ছিল ৯৭.৩৬%।

পরিকল্পনা অধিশাখা হতে ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়িত কার্যক্রম নিম্নরূপ

(১) এ অধিশাখা হতে সর্বমোট ৬৭টি নতুন প্রকল্প প্রস্তাব অনুমোদিত হয়েছে এবং ৪৭টি প্রকল্প সমাপ্ত হয়েছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের মেয়াদ বৃদ্ধি ও সংশোধন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

(২) মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় স্থানীয় সরকার বিভাগের তিন বছর মেয়াদী বাজেট প্রণয়নে সক্রিয় সহায়তা প্রদান করা হয়েছে।

(৩) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির ৯টি মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

(৪) বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে জিওবি ও প্রকল্প সাহায্য বাবদ প্রয়োজনীয় বরাদ্দ নির্ধারণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

(৫) উন্নয়ন প্রকল্পের কর্ম-পরিকল্পনা প্রণয়ন, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ক্রয় সংক্রান্ত অগ্রগতির তথ্যাদিসহ প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন এবং সমাপ্তকৃত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন আইএমইডি-তে প্রেরণ করা হয়েছে।

(৬) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

(৭) ১০ম জাতীয় সংসদে ২০১৯ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তর্ভূক্তির জন্য এবং ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ও সরকারের নির্বাচনী ইশতেহারের আলোকে এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

(৮) দাতাগোষ্ঠীর সাথে প্রকল্পে অর্থায়নের বিষয়ে ঋণচুক্তির ওপর বিভিন্ন পর্যায়ে নেগোশিয়েশন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

(৯) বিভিন্ন দাতা দেশ/সংস্থা'র মিশনসমূহের সাথে Wrap-Up সভার আযোজন করা হয়েছে।

(১০) সহশ্রাব্দ উন্নয়ন এবং দারিদ্র নিরসন কৌশলপত্রের সূচক, কৌশল ও নীতিসমূহের আলোকে এ বিভাগের কর্মকান্ডের প্রভাব সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

(১১) পরিকল্পনা সংশ্লিষ্ট সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর প্রণয়ন ও প্রেরণ।

পরিকল্পনা-১ শাখার বর্তমান কার্যক্রম নিম্নরূপ

(১) এ শাখা হতে স্থানীয় সরকার বিভাগের অধীন এলজিইডি, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সরাসরি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহের (বিনিয়োগ/কারিগরী সহায়তা) অনুমোদন প্রক্রিয়াকরণ, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম, প্রকল্পের সংশোধন সংক্রান্ত কার্যক্রম এবং প্রকল্পের অনুমোদন ও বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন তদন্ত/পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম করা হয়ে থাকে।

(২) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/ প্রতিবেদন প্রেরণ করা হয়।

(৩) দাতাগোষ্ঠীর সাথে এলজিইডি কর্তৃক প্রস্তাবিত প্রকল্পে অর্থায়নের বিষয়ে ঋণচুক্তির ওপর বিভিন্ন পর্যায়ে নেগোশিয়েশন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

(৪) বিভিন্ন দাতা দেশ/সংস্হা'র মিশন সমূহের সাথে Wrap-Up সভার আয়োজন করা হয়।

পরিকল্পনা-২ শাখার বর্তমান কার্যক্রম নিম্নরূপ

(১) এ শাখা হতে স্থানীয় সরকার বিভাগের অধীন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন,

(২) রাজশাহী সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, খুলনা সিটি কর্পোরেশন, বরিশাল সিটি কর্পোরেশন, সিলেট সিটি কর্পোরেশন, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, কুমিল্লা সিটি কর্পোরেশন, রংপুর সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন, Sustainable Development Goal এবং Five Year Plan জলবায়ু পরিবর্তন

অভিযোজন মোকাবেলার জন্য ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের আওতায় গৃহীতব্য প্রকল্পসমূহ সরাসরি বাস্তবায়নের জন্য প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহের (বিনিয়োগ/কারিগরী সহায়তা) অনুমোদনের প্রক্রিয়াকরণ, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম, প্রকল্পের সংশোধন সংক্রান্ত কার্যক্রম এবং প্রকল্পের অনুমোদন ও বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন তদন্ত/পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম করা হয়ে থাকে।

(৩) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/ প্রতিবেদন প্রেরণ করা হয়।

(৪) জাতীয় সংসদের বিভিন্ন অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তর্ভূক্তির জন্য এবং বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের আলোকে এ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।

(৫) দাতাগোষ্ঠীর সাথে সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট প্রকল্পে অর্থায়নের বিষয়ে ঋণচুক্তির ওপর বিভিন্ন পর্যায়ে নেগোশিয়েশন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

(৬) বিভিন্ন দাতা দেশ/সংস্থা'র মিশন সমূহের সাথে Wrap-Up সভার আয়োজন করা হয়।

(৭) পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য স্থানীয় সরকার বিভাগের Input প্রতিবেদন প্রণয়ন করা হয়।

(৮) সংসদে মাননীয় অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য Input প্রতিবেদন প্রণয়ন করা হয়। সহশ্রাব্দ উন্নয়ন এবং দারিদ্র্য নিরসন কৌশলপত্রের সূচক, কৌশল ও নীতিসমূহের আলোকে এ বিভাগের কর্মকান্ডের প্রভাব সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করা হয়।

পরিকল্পনা-৩ শাখার বর্তমান কার্যক্রম নিম্নরূপ

(১) এ শাখা হতে স্থানীয় সরকার বিভাগের অধীন ডিপিএইচই, ঢাকা ওয়াসা, চট্টগ্রাম ওয়াসা, খুলনা ওয়াসা এবং রাজশাহী ওয়াসা কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহের (বিনিয়োগ/কারিগরী সহায়তা) অনুমোদনের প্রক্রিয়াকরণ, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম, প্রকল্পের সংশোধন সংক্রান্ত কার্যক্রম এবং প্রকল্পের অনুমোদন ও বাস্তবায়ন পর্যায়ে বিভিন্ন তদন্ত/পরিদর্শন সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়ে থাকে।

(২) উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির মাসিক পর্যালোচনা সভা অনুষ্ঠান সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

(৩) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল সংস্থার প্রকল্পসমূহের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে জিওবি ও প্রকল্প সাহায্য বাবদ প্রয়োজনীয় বরাদ্দ নির্ধারণ, অতিরিক্ত বরাদ্দ এবং উপযোজন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

(৪) উন্নয়ন প্রকল্পের কর্ম-পরিকল্পনা প্রণয়ন, কর্ম-পরিকল্পনা অনুযায়ী ক্রয় সংক্রান্ত অগ্রগতির তথ্যাদিসহ প্রকল্পের মাসিক, ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন এবং প্রকল্প সমাপ্ত প্রতিবেদন পর্যালোচনার পর আইএমইডি-তে প্রেরণ করা হয়।

(৫) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও উন্নয়ন কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/ প্রতিবেদন প্রেরণ করা হয়।

(৬) দাতাগোষ্ঠীর সাথে পানি সরবরাহ ও স্যানিটেশন সংশ্লিষ্ট প্রকল্পে অর্থায়নের বিষয়ে ঋণচুক্তির ওপর বিভিন্ন পর্যায়ে নেগোশিয়েশন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

(৭) বিভিন্ন দাতা দেশ/সংস্থা'র মিশনসমূহের সাথে Wrap-Up সভার আয়োজন করা হয়।

(৮) বিভিন্ন মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টরের সাথে উন্নয়ন প্রকল্প অনুমোদন/বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়ে সমন্বয় সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করা হয়।

অধ্যায়-২
স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে সরাসরি বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প

১। প্রকল্পের ভূমিকা

সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে গ্রাম আদালতের কার্যক্রমকে শক্তিশালী করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তার স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে ইউএনডিপি ও ইউরোপিয়ান ইউনিয়ন- এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় ৭ বছর মেয়াদী (২০০৯-২০১৫) "Activating Village Courts in Bangladesh" শীর্ষক প্রকল্পটি বাংলাদেশের ১৪টি জেলার ৫৬টি উপজেলার ৩৫১টি ইউনিয়নে সফলভাবে বাস্তবায়ন করেছে। বিভিন্ন নিরপেক্ষ গবেষণায় এই প্রকল্পকে স্থানীয়ভাবে বিরোধ নিষ্পত্তির মাধ্যমে সুশাসন নিশ্চিতকরণের একটি সফল মডেল হিসাবে স্বীকৃতি দিয়েছে এবং সারা দেশে এমনকি দেশের বাইরেও এই মডেল বাস্তবায়নের পরামর্শ প্রদান করেছে। উন্নয়ন সহযোগী সংস্থার কাছে বিবেচিত এই Flagship প্রকল্পটি ২০১৫ সালের ডিসেম্বর মাসে সমাপ্ত হওয়ার পরে উন্নয়ন সহযোগী সংস্থা ও সরকার এই প্রকল্পটির দ্বিতীয় পর্যায় অর্থাৎ **"বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়)"** প্রকল্পটি ৪ বছরের (২০১৬-২০১৯) জন্য দেশের ১,০৮০টি ইউনিয়নে বাস্তবায়ন শুরু করেছে। প্রকল্পটি গ্রাম আদালত ব্যবস্থা কার্যকরীকরণের মাধ্যমে বাংলাদেশের প্রত্যন্ত এলাকার সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠী বিশেষ করে নারী, দরিদ্র ও বিপদাপন্ন জনগোষ্ঠীকে বিচার ব্যবস্থায় প্রবেশাধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে ক্ষমতায়ন করবে যাতে তারা তাদের প্রতি সংঘঠিত অন্যায়সমূহের প্রতিকার চাইতে পারে এবং স্থানীয় পর্যায়ে অল্প সময়ে ও স্বল্প খরচে বিরোধ নিষ্পত্তি করতে পারে। এ প্রকল্পের মূল ভিত্তি হল গ্রাম আদালত আইন, ২০০৬ (২০১৩ সালে সংশোধিত) ও গ্রাম আদালত বিধিমালা, ২০১৬। প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে মোট বাজেট ধরা হয়েছে ৩১,১৭৪.০৮ লক্ষ টাকা (ইউরোপিয়ান ইউনিয়ন ও ইউএনডিপি- ২৭,১১১.৫৮ লক্ষ টাকা এবং বাংলাদেশ সরকার- ৪,০৬২.৫০ লক্ষ টাকা)।

২। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্যঃ বাংলাদেশের সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর বিচার ব্যবস্থায় প্রবেশাধিকার নিশ্চিতকরণে অবদান রাখা।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- স্থানীয় কর্তৃপক্ষকে সুসংগঠিত গ্রাম আদালতের মাধ্যমে স্থানীয় বিচারিক চাহিদা এবং যথাযথ আইনী সেবা প্রদানের ক্ষেত্রে অধিকতর সংবেদনশীল করা।
- স্থানীয় জনগণের বিশেষ করে নারী, দরিদ্র ও বিপদাপন্ন জনগোষ্ঠীর ক্ষমতায়ন করা যাতে তারা তাদের প্রতি সংঘঠিত অন্যায়সমূহের প্রতিকার চাইতে পারে এবং স্থানীয় পর্যায়ে দ্রুততম সময়ে, স্বল্প খরচে ও স্বচ্ছতার সাথে বিরোধ নিষ্পত্তি করতে পারে।

কার্যক্রমসমূহঃ সরকার এই প্রকল্পটির মাধ্যমে নির্বাচিত ১,০৮০টি ইউনিয়নের স্থানীয় জনগণকে গ্রাম আদালতের মাধ্যমে বিচারিক সেবা প্রদান করছে। প্রকল্পটি তার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে নিম্নোক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করছে।

- প্রকল্পের মেয়াদান্তে নতুন নির্বাচিত ইউনিয়নসমূহে গ্রাম আদালতকে সক্রিয়ভাবে কার্যকরী করতে জাতীয় এবং স্থানীয় পর্যায়ে সংশ্লিষ্ট উপকারভোগীদের সক্ষমতা এবং দক্ষতার উন্নতিসাধন করা।
- গ্রাম আদালতের দক্ষতা এবং কার্যকারিতাকে বৃদ্ধি করার লক্ষ্যে আইনী কাঠামো ও নীতিমালা পুনঃসংশোধন করা।
- গ্রাম আদলতের পারফরমেন্স পদ্ধতিমাফিক মূল্যায়নে সরকারের পরিবীক্ষণ সক্ষমতা বৃদ্ধি করা।
- প্রকল্পভুক্ত এলাকায় উপকারভোগীদেরকে গ্রাম আদালতের ভুমিকা এবং এর কার্যক্রম সম্পর্কে সচেতন করা যাতে তারা প্রয়োজনানুসারে গ্রাম আদালত হতে বিচারিক সেবাসমূহ গ্রহণে সক্ষম হয়।
- গ্রাম আদালত সম্পর্কিত প্রামাণিক তথ্য এবং জ্ঞান-ব্যবস্থাপনা বৃদ্ধি করা।

৩। কর্ম এলাকা ও কর্মপন্থা

বাংলাদেশের ৮টি বিভাগের ২৭টি জেলার অন্তর্ভুক্ত ১২৮টি উপজেলার ১,০৮০টি ইউনিয়নে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। নিম্নের টেবিলে কর্ম এলাকা তুলে ধরা হয়েছে।

বিভাগ	জেলা	উপজেলার সংখ্যা	ইউনিয়নের সংখ্যা
ঢাকা	গাজীপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর	১৮	১৩৬
ময়মনসিংহ	জামালপুর, ময়মনসিংহ, নেত্রকোনা	১০	৯৯
চট্টগ্রাম	চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী	২২	১৭২
সিলেট	মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট	১৩	১১১
রাজশাহী	নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ	১৬	১৩১

রংপুর	রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, পঞ্চগড়	২০	১৮৩
বরিশাল	ভোলা, বরগুনা, পটুয়াখালী	১৩	১১৮
খুলনা	বাগেরহাট, খুলনা, সাতক্ষিরা	১৬	১৩০
৮টি বিভাগ	**২৭টি জেলা**	**১২৮টি**	**১,০৮০টি**

এই প্রকল্প ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধি, গ্রাম পুলিশ এবং গ্রাম আদালতের বিচারকদের দক্ষতা বৃদ্ধি ও আদালতের কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে চারটি বিভাগে চারটি বেসরকারি উন্নয়ন সংস্থাকে নিয়োগ প্রদান করেছে। টেকসই দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এনআইএলজিসহ অন্যান্য সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের সাথে কাজ করে যাচ্ছে। এছাড়া এই প্রকল্প MoLJPA ও MOHA এর সাথে partnership এ কাজ করছে।

৪। প্রকল্প এলাকায় ২০১৮-১৯ অর্থবছরে সম্পাদিত কার্যক্রম

- প্রকল্পভুক্ত ১,০৭৮টি ইউনিয়নে ৭৩,৪১৫টি মামলা নথিভুক্ত হয়েছে যার মধ্যে ৬০,৭৯৭টি মামলায় গ্রাম আদালতের মাধ্যমে সিদ্ধান্ত (রায়) প্রদান করা হয়েছে এবং ৫৮,২৭৮টি সিদ্ধান্ত (৯৫%) বাস্তবায়িত হয়েছে।
- ৩,৩৩৫টি মামলা উচ্চ আদালত থেকে নিষ্পত্তির লক্ষ্যে গ্রাম আদালতে স্থানান্তর করা হয়েছে যা উচ্চ আদালতে মামলার জট কমাতে বিশেষ ভূমিকা রাখছে।
- ২১,২২৬ জন নারী (প্রায় ২৯%) গ্রাম আদালত থেকে বিচারিক সেবা প্রাপ্তির লক্ষ্যে মামলা দায়ের করেছে।
- ৮০,৪১৫ জন স্থানীয় লোক গ্রাম আদালতের বিচারিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে যার মধ্যে প্রায় ১৭% নারী।
- গ্রাম আদালতের মাধ্যমে সর্বমোট ৬৯ কোটি ৯৮ লক্ষ টাকা সমমূল্যের আর্থিক পাওনা/সুবিধা আদায় করে আবেদনকারীকে প্রদান করা হয়েছে।
- প্রকল্পের মধ্যমেয়াদী মূল্যায়ন (এমটিআর) সম্পন্ন হয়েছে এবং এর চূড়ান্ত প্রতিবেদন সংশ্লিষ্টদের মাঝে বিতরণ করা হয়েছে। মধ্যমেয়াদী মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী গ্রাম আদালতে ৬ সপ্তাহের মধ্যে মামলা নিষ্পত্তি হয়েছে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৯২ শতাংশ। পুলিশ, উপজেলা নির্বাহী অফিসার, ইউনিয়ন পরিষদের প্রতিনিধি প্রমুখ একমত পোষণ করেছেন যে, যেখানে গ্রাম আদালত সঠিকভাবে কার্যকর, সেখানে অপরাধও কম।
- প্রকল্পভুক্ত এলাকায় ৯৯৭ জন চেয়ারম্যান, ১,০৮৯ জন প্যানেল চেয়ারম্যান, ৯৬২ জন ইউনিয়ন পরিষদের সচিব, ৮৯ জন সহকারী হিসাব রক্ষক কাম কম্পিউটার অপারেটর ও ৯৩২ জন গ্রাম আদালত সহকারীকে (মোট-৪,০৬৯) **গ্রাম আদালতের** উপর রিফ্রেসার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২০১৯ সালে প্রকল্পভুক্ত এলাকায় নতুন যোগদান করেছেন এমন ১৩২ জন উপজেলা নির্বাহী অফিসার ও উপ-পরিচালক, স্থানীয় সরকারকে টিওটি প্রদান করা হয়েছে।
- ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর ও প্রকল্প অফিসের সংশ্লিষ্ট স্টাফসহ মাঠ পর্যায়ের ৬৫ জন স্টাফদেরকে প্রকল্পের **ওয়েবভিত্তিক তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির** উপর ১ দিনের অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- এ প্রকল্পের অধীনে সমাজের মানুষকে গ্রাম আদালত সম্পর্কে উদ্বুদ্ধ করার জন্য জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ৬৬টি সভা/কর্মশালা আয়োজন করা হয়। এ সকল সভা/কর্মশালায় প্রায় ২,৯৮৬ জন সরকারি ও বেসরকারি কর্মকর্তা, সাংবাদিক, সমাজের গণ্যমান্য

ব্যক্তি, স্থানীয় সরকারের প্রতিনিধি প্রমুখ উপস্থিত ছিলেন।

- স্থানীয় জনসাধারণ, সেবা প্রদানকারী ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের গ্রাম আদালতের উপর সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রকল্পভুক্ত বিভিন্ন ইউনিয়নে ১১৬,১৮৪টি উঠান বৈঠক, ১১৭,৫৪৭টি কাউন্সেলিং সেশন, ২,২০৯টি কমিউনিটি সভা এবং ২,২৯৮টি মাল্টিমিডিয়া ড্রামা শো, ১৭৪টি নারী উন্নয়ন ফোরামের সাথে কর্মশালা আয়োজন করা হয়েছে যার মাধ্যমে প্রায় ২,৫৪৫,৩২৭ জন স্থানীয় লোককে (নারী ৬০%) গ্রাম আদালতের বিচারিক সেবা সংক্রান্ত বার্তা প্রদান করা হয়েছে।
- জেন্ডার সচেতনতা বিষয়ে কৌশলপত্র ও জেন্ডার গাইডলাইন চূড়ান্ত করা হয়েছে।
- গ্রাম আদালত পরিচালনা ম্যানুয়েল ছাপানো (২,৮০০ কপি) হয়েছে এবং তা মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে।
- ঢাকায় উপ-পরিচালক, উপজেলা নির্বাহী অফিসার, স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তা, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, প্রকল্প কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি প্রমুখদের নিয়ে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনার উপর একটি কর্মশালা আয়োজন করা হয়েছে।

- গ্রাম আদালত কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে ২৭টি জেলা ও ১২৮টি উপজেলায় যথাক্রমে ২৭টি জেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি ও ১২৮টি উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি কার্যকরীকরণে প্রকল্প থেকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।
- গ্রাম আদালতের সংখ্যাতাত্ত্বিক পারফরমেন্স সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য প্রকল্পটি একটি ওয়েবভিত্তিক গ্রাম আদালত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Project-MIS) তৈরি করা হয়েছে। এখন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব-স্ব কর্মস্থলে বসেই গ্রাম আদালতের মামলা দায়ের, নিষ্পত্তি, সিদ্ধান্ত বাস্তবায়ন, বিচার প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ- যাবতীয় তথ্যাদি পর্যবেক্ষণ ও প্রতিবেদন তৈরি করতে পারবেন।

৫। প্রকল্পের ক্রমপুঞ্জিভূত অর্জন (প্রকল্পের শুরু থেকে জুন, ২০১৯ পর্যন্ত)

- গ্রাম আদালত (সংশোধন) আইন ২০১৩ এর আলোকে গ্রাম আদালত বিধিমালা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে।
- প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ৭৬১টি ইউনিয়ন পরিষদে প্রকল্প থেকে নতুন এজলাস বিতরণ করা হয়েছে। এছাড়া স্থানীয় সরকার বিভাগ প্রকল্পভুক্ত ৩১৭টি ইউনিয়ন পরিষদে এজলাস বিতরণ করেছে যার মধ্যে ২৬৯টি এজলাস ব্যবহার অনুপযোগী হয়ে পড়ায় প্রকল্প থেকে সেগুলো মেরামত করে দেওয়া হয়েছে।
- প্রকল্পের কার্যক্রম পরিচালনা ও সঠিকভাবে ডকুমেন্টেশনে ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবকে সহায়তা করার জন্য প্রকল্পভুক্ত ১,০৭৮টি উইনিয়নে রেজিস্টার (৫টি) ও ফরম (২২ সেট), স্টীলের আলমারী, কাঠের তাকসহ ১,০৭৮ জন গ্রাম আদালত সহকারী দেওয়া হয়েছে।
- প্রকল্পভুক্ত ১,০৭৮টি ইউনিয়নে ১,১৯,৬৯৬টি মামলা নথিভুক্ত হয়েছে যার মধ্যে ৯৪,১৯৩টি মামলায় গ্রাম আদালতের মাধ্যমে সিদ্ধান্ত (রায়) প্রদান করা হয়েছে এবং ৮৮,৪৯৮টি সিদ্ধান্ত (৯৪%) বাস্তবায়িত হয়েছে।
- ৬,৪৫৭টি মামলা উচ্চ আদালত থেকে নিষ্পত্তির লক্ষ্যে গ্রাম আদালতে প্রেরণ করা হয়েছে।
- ৩৪,৪২৮ জন নারী (প্রায় ২৯%) গ্রাম আদালত থেকে বিচারিক সেবা প্রাপ্তির লক্ষ্যে মামলা দায়ের করেছে।
- ১,২৪,৯৩২ জন স্থানীয় লোক গ্রাম আদালতের বিচারিক প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে যার মধ্যে প্রায় ১৫.৫% নারী।
- গ্রাম আদালতের মাধ্যমে সর্বমোট ৯২ কোটি ১২ লক্ষ টাকা সমমূল্যের আর্থিক পাওনা/সুবিধা আদায় করে আবেদনকারীকে প্রদান করা হয়েছে।
- সরকার এ প্রকল্পের মাধ্যমে 'গ্রাম আদালত প্রশিক্ষণ' ম্যানুয়েলটি হালনাগাদ করেছে যা জাতীয় স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এনআইএলজি) কর্তৃক গৃহীত হয়েছে এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিতরণ করা হয়েছে (৪৫০ কপি)।

- প্রকল্প কার্যক্রমে সংশ্লিষ্টজনদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য ২৭ জেলায় ২৭টি DTP (District Training Pool) তৈরি করা হয়েছে। মাস্টার প্রশিক্ষক দ্বারা ডিটিপি সদস্যদেরকে (৩১৫ জন) প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ (টিওটি) প্রদান করা হয়েছে। এছাড়া, ২০১৯ সালে প্রকল্পভুক্ত এলাকায় নতুন যোগদান করেছেন এমন ১৩২ জন উপজেলা নির্বাহী অফিসার ও উপ-পরিচালক, স্থানীয় সরকারকে টিওটি প্রদান করা হয়েছে।
- প্রকল্পভুক্ত ২৭টি জেলায় ১,০৪২ জন চেয়ারম্যান, ১,১২৮ জন প্যানেল চেয়ারম্যান, ১,১২০ জন ইউনিয়ন পরিষদের সচিব, ১০,৬৩৬ জন ইউপি সদস্য, ৮৯ জন সহকারী হিসাব রক্ষক কাম কম্পিউটার অপারেটর, ৮,৮২১ জন গ্রাম পুলিশ, ১,১৭০ জন গ্রাম আদালত সহকারীকে (মোট-২৪,০০৬; নারী-১৬%) **গ্রাম আদালতের** উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, ২০১৯ সালে ৮৮৪ জন চেয়ারম্যান, ৯৭১ জন প্যানেল চেয়ারম্যান, ৮০৭ জন ইউনিয়ন পরিষদের সচিব, ২,৫৫১ জন ইউপি সদস্য ও ৮৩৪ জন গ্রাম আদালত সহকারীকে (মোট-৬০৪৭; নারী-২১%) **গ্রাম আদালতের** উপর রিফ্রেসার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরসহ মাঠ পর্যায়ের ১৯১ জন স্টাফদেরকে প্রকল্পের **পরিবীক্ষণ ও মূল্যায়ন** বিষয়ে ২ দিনের আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরসহ মাঠ পর্যায়ের ৬৮ জন স্টাফদেরকে **প্রকল্পের গুণগত অর্জন ও ডকুমেন্টেশন প্রক্রিয়া পরিবীক্ষণ** বিষয়ে ৩ দিনের আবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর ও প্রকল্প অফিসের সংশ্লিষ্ট স্টাফসহ মাঠ পর্যায়ের ৬৫ জন স্টাফদেরকে প্রকল্পের **ওয়েবভিত্তিক তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির** উপর ১ দিনের অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এ প্রকল্পের অধীনে সমাজের মানুষকে গ্রাম আদালত সম্পর্কে উদ্বুদ্ধ করার জন্য জাতীয়, বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ২৪৩টি সভা/কর্মশালার আয়োজন করা হয়। এ সকল সভা/কর্মশালায় প্রায় ১০,১৩৫ জন সরকারি ও বেসরকারি কর্মকর্তা, সাংবাদিক, সমাজের গণ্যমান্য ব্যক্তি, স্থানীয় সরকারের প্রতিনিধি প্রমুখ উপস্থিত ছিলেন।
- স্থানীয় জনসাধারণ, সেবা প্রদানকারী ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের গ্রাম আদালতের উপর সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রকল্পভুক্ত বিভিন্ন ইউনিয়নে ২,৮৩,৮২৫টি উঠান বৈঠক, ৪,০৫২টি কমিউনিটি সভা এবং ১১,৭৯৯টি মাল্টিমিডিয়া ড্রামা শো, ১,০৭৬টি যুব কর্মশালা, ৩৪৮টি নারী উন্নয়ন ফোরামের সাথে কর্মশালা এবং ১,৯০৬টি র‍্যালী আয়োজন করা হয়েছে যার মাধ্যমে প্রায় ৭৮,৪৬,২৩৭ জন স্থানীয় লোককে (নারী ৫৪%) গ্রাম আদালতের বিচারিক সেবা সংক্রান্ত বার্তা প্রদান করা হয়েছে।
- জেন্ডার সচেতনতা বিষয়ে কৌশলপত্র ও জেন্ডার গাইডলাইন চূড়ান্ত করে মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে।
- গ্রাম আদালত পরিচালনা ম্যানুয়েল ছাপানো (২,৮০০ কপি) হয়েছে এবং তা মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে।
- গ্রাম আদালত কার্যক্রম মনিটরিং করার লক্ষ্যে ২৭টি জেলা ও ১২৮টি উপজেলায় যথাক্রমে ২৭টি জেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি ও ১২৮টি উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটি কার্যকরীকরণে প্রকল্প থেকে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।
- বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়) এর বেইজলাইন সম্পন্ন করে চূড়ান্ত প্রতিবেদন তৈরি করা হয়েছে।
- বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়) এর মধ্যমেয়াদী মূল্যায়ন সম্পন্ন হয়েছে এবং এর চূড়ান্ত প্রতিবেদন তৈরি করা হয়েছে।
- গ্রাম আদালতের সংখ্যাতাত্ত্বিক পারফরমেন্স সংক্রান্ত তথ্য সংরক্ষণের জন্য প্রকল্পটির মাধ্যমে একটি ওয়েবভিত্তিক গ্রাম আদালত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (PMIS) তৈরি করা হয়েছে। এর ফলে এখন সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ নিজ নিজ কর্মস্থলে বসেই গ্রাম আদালতের সংখ্যাতাত্ত্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করতে এবং প্রতিবেদন তৈরি করতে পারেন।
- বার্ষিক প্রতিবেদন (২০১৭ ও ২০১৮) ছাপানো ও বিতরণ করা হয়েছে (২,০০০ কপি)।
- গ্রাম আদালত আইন ২০০৬ (২০১৩ সালে সংশোধিত), সহজ পাঠ (২০,০০০ কপি)।
- গ্রাম আদালত বিষয়ক প্রশ্নোত্তর (Freequently Ask Question) নামক একটি পুস্তিকা তৈরি করে মাঠ পর্যায়ে বিতরণ করা হয়েছে (৩,০০০ কপি)।
- গ্রাম আদালত ও এর বিচারিক সেবা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ১,০৭৮টি ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত-এর সাইনবোর্ড স্থাপন সম্পন্ন হয়েছে।

আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভি সেস ডেলিভারী প্রজেক্ট (২য় পর্য ায়)

উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ:স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ
বাস্তবায়নকারী সংস্থা :স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন সহযোগী সংস্থা: এশিয়ান ডেভেল্পমেন্ট ব্যাংক (এডিবি)

৫। **প্রকল্পের ভূমিকা:** স্থানীয় সরকার (সিটি কর্পে ারেশন) আইন ২০০৯ এবং স্থানীয় সরকার (পৌরসভা) ২০০৯ আইন অনুসারে নগরবাসীকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান সিটি কর্পে ারেশন এবং পৌরসভাসমূহের দায়িত্ব। বাংলাদেশে দ্রুত নগরায়নের ফলে শহরবাসী মানুষের স্বাস্থ্যসেবার বর্ধি তচাহিদার তুলনায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান কাঠামো দুর্ব লএবং অপ্রতুল। গ্রামাঞ্চলে কমিউনিটি ক্লিনিক, ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং উপজেলা স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা এবং পরিবার পরিকল্পনা সেবার শক্তিশালী নেটওয়ার্ক রয়েছে। কিন্তু নগর এলাকায় অনুরুপ স্বাস্থ্যসেবা নেটওয়ার্ক ও কার্য ক্রমেরঅপর্য াপ্ততারয়েছে। এ শূন্যতার নেতিবাচক প্রভাবে শহরবাসী বিশেষত দরিদ্র মানুষ অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছে। এ প্রেক্ষাপটে অত্যাবশ্যকীয় স্বাস্থ্যসেবা প্রদান কাঠামো আরো উন্নত করে নগরবাসী বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীকে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ১৯৯৮ সন থেকে স্থানীয় সরকার বিভাগের অধীনে এ প্রকল্পের কার্য ক্রমচলমান রয়েছে। ইতিপূর্বে সমাপ্ত প্রকল্প 'আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট, 'দ্বিতীয় আরবান প্রাইমারী হেলথ কেয়ার প্রজেক্ট' এবং 'আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভি সেস ডেলিভার প্রজেক্ট'- এর ধারাবাহিকতায় নগর/শহর কেন্দ্রিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

৬।প্রাক্কলিত ব্যয় (কোটি টাকায়) :

(ক) মোট : ১১৩৬
(খ) জিওবি : ২৪০
(গ) প্রকল্প সাহায্য : ৮৯৬

[এডিবি লোন ৮৮০ কোটি টাকা (১১০ মিলিয়ন মার্কিন ডলার) এবং এডিবি অনুদান (Urban Climate Change Resilience Trust Fund) ১৬ কোটি টাকা (২ মিলিয়ন মার্কিন ডলার)]

৭। **প্রকল্পের মেয়াদকাল:**

আরম্ভ: ০১ এপ্রিল ২০১৮
সমাপ্তি:২৩ মার্চ ২০২৩

৮। প্রকল্পের লক্ষ্য: নগর এলাকার জনগণের স্বাস্থ্য ও পুষ্টি সেবা গ্রহনের সুযোগ ও অভিগম্যতা উন্নয়নের লক্ষ্যে গুনগত স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করা

৯। প্রকল্পের উদ্দেশ্য:

শহর এলাকায় বসবাসকারী জনসাধারণ, বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্যের মান উন্নত করা। প্রকল্পের সুনির্দি ষ্ট উদ্দেশ্যসমূহ হচ্ছে

- প্রকল্পের আওতাভুক্ত এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের আর্থি ক ও ভৌত অভিগম্যতার (Accessibility) উন্নয়ন;
- নগরবাসীদের জন্য মানসম্মত প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, মাতৃ ও শিশু স্বাস্থ্য সম্পর্কিত অপরিহার্য সেবা প্যাকেজের মাধ্যমে বিশেষ করে দরিদ্রদের সেবা নিশ্চিত করা;
- প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহীতার সংখ্যা বৃদ্ধিকরণ, বিশেষ করে দরিদ্র মহিলা, নবজাতক এবং শিশুদের প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান;

- প্রকল্প এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক ব্যবস্থা শক্তিশালীকরণ;
- ম্যান্ডেট অনুসারে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানে নগর স্থানীয় প্রতিষ্ঠানসমূহের (ULBs) সক্ষমতা বৃদ্ধিকরণ; এবং
- নগর স্থানীয় প্রতিষ্ঠানসমূহের অধিকার ও প্রতিশ্রুতি শক্তিশালীকরণের মাধ্যমে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান কার্য ক্রমটেকসইকরণ।

১০। কর্ম এলাকা ও কর্ম পন্থা

সকল (১২ টি)সিটি করপোরেশন ও নির্ধারিত১৩টি পৌরসভা (সিরাজগঞ্জ, কুষ্টিয়া, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ, ফরিদপুর, শরীয়তপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নেত্রকোনা, যশোরের বেনাপল, নারায়নগঞ্জের তারাবো, সুনামগঞ্জের জগন্নাথপুর ও দিরাই)।

কর্ম পন্থা

- স্থানীয় সরকার বিভাগের অধীন প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট সার্বিকভাবেপ্রকল্প পরিচালনাকারী;
- সিটি কর্পোরেশন ও পৌরসভার স্বাস্থ্য বিভাগ প্রকল্প বাস্তবায়নকারী। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশনএবং প্রধান নির্বাহীকর্মকর্তা,পৌরসভা প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।
- প্রকল্প
- ব্যবস্থাপনা ইউনিট কর্তৃক প্রকল্প এলাকায় Advance Procurement Action এর আওতায় দরপত্র আহবান করে এনজিও নির্বাচনের মাধ্যমে ৩৫ নির্বাচিতপার্টনারশীপএলাকা পরিচালিত হবে। সিটি কর্পোরেশন ও পৌরসভা কর্তৃক ১০ পার্টনারশীপএলাকা সরাসরি পরিচালিত হবে (ঢাকা দক্ষিণ-৩টি, ঢাকা উত্তর – ২টি, চট্রগ্রাম-২টি, গোপালগঞ্জ-১টি, কুষ্টিয়া-১টি, তারাবো – ১টি)।
- ২৩টি প্রকল্প এলাকায় Advance Procurement Action এর আওতায় দরপত্র আহবান করে এনজিও নির্বাচনসম্পন্ন হয়েছে
- ১২টি প্রকল্প এলাকায় দরপত্র যথাশিঘ্র আহ্বানের কার্য ক্রমগ্রহণ করা হবে।

১১। **প্রকল্পের প্রধান প্রধান কার্য ক্রম**

- প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটের সার্বিক তত্ত্বাবধানে ৪৫টি পার্টনারশীপএলাকায় সরকারী ও বেসরকারী অংশীদারিত্ব চুক্তির মাধ্যমে স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ।
- নগর মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ
- প্রকল্পের আর্থিক,প্রশাসনিক ও ক্রয় কার্য ক্রমপরিচালনা ও ব্যবস্থাপনা।
- প্রকল্প সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদেরদক্ষতা বৃদ্ধিকরণে নিয়মিত প্রশিক্ষণ প্রদান।
- প্রকল্পের পারফরমেন্স ও পরিবীক্ষণ ও মূল্যায়ন, আচরণগত পরিবর্তন, যোগাযোগ ও বিপণন, অপারেশনাল রিসার্চ, অডিট ও হেলথ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম কার্য ক্রম ব্যবস্থাপনা ও সমন্বয় সাধন।
- কম্পিউটার সামগ্রী সংগ্রহ, যানবাহন সংগ্রহ, মেডিকেল ও অফিস যন্ত্রপাতি সংগ্রহ, আসবাবপত্র সংগ্রহ

প্রকল্পে প্রদত্ত স্বাস্থ্যসেবা সমূহ

১.প্রজনন স্বাস্থ্যসেবা

২.শিশু স্বাস্থ্যসেবা ও টিকা কার্য ক্রম

৩. অন্যান্য সংক্রমন ও সাধারন রোগের চিকিৎসা – সাধারন জ্বর, কাশি, কাটা-ছেড়া ইত্যাদি
৪. সাধারণ রোগের চিকিৎসা
৫. স্বাস্থ্য শিক্ষা ও যোগাযোগের মাধ্যমে আচরণ পরিবর্তন সেবা
৬. স্বল্প মূল্যে রোগ নিরূপণ সেবা
৭. এ্যাম্বুলেন্স সেবা
৮. বাজার মূল্যের চেয়ে কম মূল্যে ওষধ সেবা

১২। কর্ম এলাকায়২০১৮-১৯ অর্থ বছরে সম্পাদিত কার্য ক্রম

প্রকল্পের আওতাধীন ২২টি কর্ম এলাকায় এনজিও নিয়োগ

- গোপালগঞ্জ ও কুষ্টিয়া কর্ম এলাকা পৌরসভার কতৃক সরাসরি পরিচালিত হচ্ছে।
- Individual consultant ও firm নিয়োগ প্রক্রিয়াধীন

১৩। **প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন:**

- নতুন রোগীর সংখ্যা ৬,৬৩,৮৯৬ জন,
- মোট রোগীর সংখ্যা ৩৩,৪৮,৮১৭ জন,
- প্রজনন স্বাস্থ্যসেবা ১২,৫৪,৪৭১ জন,
- নিরাপদ প্রসব সেবা ১৫,৪০৩ জন,
- প্রসব পূর্ব সেবা ৩,২৭,৫৩২ জন,
- শিশু স্বাস্থ্যসেবা ৮,২৮,৮২৫ জন।

আরবান পাবলিক এন্ড ভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রকল্প

প্রকল্পের ভূমিকা:

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেল্থ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রকল্পটির বাস্তবায়ন কাল ২০১০ সাল হতে জুন ২০১৮ পর্য ন্ত। পুনরায় প্রকল্পটির২য় সংশোধিত হওয়ায় বাস্তবায়ন কাল জুন ২০২০ পর্য ন্ত বর্ধি ত হয়েছে। বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থি ক ও কারিগরী সহযোগীতার মাধ্যমে প্রকল্প ভূক্ত ০৭(সাত) (ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) সিটি কর্পো রেশন এলাকায় নগর জনস্বাস্থ্য সুস্থ পরিবেশ, সিটি কর্পো রেশন সমূহের আর্থি ক ব্যবস্থাপনার উন্নয়ন, গাইড লাইন, উপবিধি প্রণয়ন, কারিগরী ও আর্থি ক সহায়তা প্রদান করা হবে। ইতোমধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ০৪টি গাইড লাইন/ নির্দে শিকা সংশ্লিষ্ট সিটি কর্পো রেশন সমূহকে অনুসরণ করার জন্য প্রদান করা হয়েছে। এ প্রকল্পটি প্রোগ্রাম লোন এবং প্রকল্প সাহায্য সমন্বয় গঠিত। প্রকল্পটির বাস্তবায়ন কাল জুন ২০২০ পর্য ন্ত বর্ধি ত হওয়ায় প্রকল্পের মোট প্রকল্প ব্যয়(রাজস্ব ব্যয় সহ) ঃ ৭০,৮২০.০০ লক্ষ টাকা, এর মধ্যে প্রকল্প সাহায্যঃ ১৮,৮৪৫.০০ লক্ষ টাকা (২৪.১৬ মিলিয়ন ইউ এস ডলার) এবং জিওবি (রাজস্ব ব্যয়) ঃ ৫১,৯৭৫.০০ লক্ষ টাকা।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য:

(ক) প্রকল্পভূক্ত সিটি কর্পো রেশন সমূহকে প্রাতিষ্ঠানিক শক্তিশালী করণের মাধ্যমে নগর এলাকার জনগোষ্ঠীর স্বাস্থ্যগত ও পরিবেশগত অবস্থার উন্নয়ন সাধন করা।

(খ) প্রকল্পভূক্ত সিটি কর্পো রেশন ও পৌরসভা সমূহের আর্থি ক ব্যবস্থাপনার উন্নয়ন এবং স্বনির্ভ রতা অর্জনের লক্ষ্যে কম্পিউটারাইজেশনের কার্য ক্রম গ্রহণ।

(গ) নগর বর্জ্য ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য ও পানীয় ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে নাগরিক সুস্বাস্থ্য নিশ্চিত করা।

কর্ম এলাকা ও কর্ম পন্থা

প্রকল্পভূক্ত ০৭টি সিটি কর্পো রেশন(ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) এলাকায় বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, নিরাপদ খাদ্য ও পানীয় ব্যবস্থার উন্নয়ন, আর্থি ক ব্যবস্থাপনার উন্নয়ন এবং স্বনির্ভ রতা অর্জনের লক্ষ্যে কম্পিউটারাইজেশনের কার্য ক্রম গ্রহণ।

কর্ম এলাকায়২০১৮-২০১৯ অর্থ বছরে সম্পাদিত কার্য ক্রম

(ক) বর্জ্য ব্যবস্থাপনা: বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রকল্পভূক্ত সিটি কর্পো রেশন(ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) এ মোট ২৮টি সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন নির্ম াণ কাজ সম্পন্ন হয়েছে। এ ছাড়া বর্জ্য ব্যবস্থাপনার কাজে ৬৭৫টি রিক্সা ভ্যান, ১৮টি হাইড্রোলিক ডাম্প ট্রাক, ০৪টি ট্রাক্টর, ০৮টি ট্রেইলর ও ১,০২,৬০০ টি প্লাস্টিক বিন সরবরাহ করা হয়েছে।

(খ) খাদ্য নিরাপত্তা: ঢাকা দক্ষিণ সিটি কর্পো রেশন এর আওতাধীন০১টি আধুনিক খাদ্য পরিক্ষাগার ও একটি প্রশিক্ষণ কেন্দ্র এবং চট্টগ্রাম সিটি কর্পো রেশনে ০১টি আধুনিক খাদ্য পরিক্ষাগার নির্ম াণ কাজ সম্পন্ন হয়েছে। সংশ্লিষ্ট খাদ্য পরিক্ষাগার ০২টির জন্য প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি, গ্লাস ওয়ার এবং কেমিক্যাল সরবরাহ করা হয়েছে। ইতোমধ্যে সরবরাহকৃত যন্ত্রপাতিগুলো স্থাপন এবং কেলিব্রেশন সম্পন্ন শেষে কার্য ক্রম চলমান আছে। এ ছাড়া চুক্তি অনুযায়ী সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক ০২ বছরের জন্য সার্ভি স ডেলিভারীর কাজ চলমান আছে। নির্মি ত আধুনিক খাদ্য পরিক্ষাগার দুইটির জন্য০৩টি মাইক্রোবাস ও ০২টি রেফ্রিজারেটর ভ্যান সরবরাহ করা হয়েছে।

(গ) ফাইন্যানসিয়াল ম্যানেজমেন্ট এন্ড মিউনিসিপাল ফিন্যান্স: এই কম্পোনেন্টের আওতায় ০৭টি সিটি কর্পো রেশনের (ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) প্রচলিত ব্যবস্থার উন্নয়ন, পাইলটিং, Double Entry Accrual Accounting সিস্টেম এবং Revenue Management সিস্টেম উন্নয়ন এবং সংস্কারের জন্য ওয়েব বেস্ড এপ্লিকেশন সফট্ওয়ার সরবরাহ এবং স্থাপন করা হয়েছে। দুইটি পাইলটিং সিটি কর্পো রেশনে (ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ) প্রয়োজনীয় হার্ড ওয়্যার এবং নেটওয়ার্কিং সিস্টেম এর কাজ সম্পন্ন হয়েছে। উক্ত কাজের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মধ্যে ন্যাশনাল আরবান ডাটা সেন্টার স্থাপন করা হয়েছে। Double Entry Accrual Accounting সিস্টেম এবং Revenue Management সিস্টেম উন্নয়নের জন্য সফট্ওয়ার উন্নয়ন সম্পন্ন হয়েছে এবং দুইটি পাইলটিং সিটি কর্পো রেশন (ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ) এর কাজ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক উদ্বোধন করা হয়েছে। অবশিষ্ট ০৫ সিটি কর্পো শেনে (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল ও সিলেট) সফট্ওয়ার স্থাপন করা হয়েছে এবং ডাটা এন্ট্রির কাজ সমাপ্ত হয়েছে।

(ঘ) পৌরসভার হিসাব ও রাজস্ব বিভাগ অটোমেশন করা: ৩২৮টি পৌরসভার হিসাব ও রাজস্ব বিভাগ অটোমেশন করার লক্ষ্যে দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে। ইতোমধ্যে উক্ত অটোমেশন বাস্তবায়নের লক্ষ্যে ০৮ জন Individual Consultant নিয়োগ করা হয়েছে।

<u>প্রকল্পের ক্রমপুঞ্জিত অর্জন:</u>

প্রকল্পের জুন ২০১৯ পর্য ন্ত ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৬০% এবং আর্থি ক অগ্রগতি৩৩%।

সৌহার্দ্য (SHOUHARDO) III কর্মসূচি

ভূমিকাঃ সৌহার্দ্য III (Strengthening Household Ability to Respond to Development Opportunities III) কর্মসূচি United States Agency For International Development (USAID) ও বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় এবং স্থানীয় সরকার বিভাগের সহযোগিতায় কেয়ার বাংলাদেশ কর্তৃক বাস্তাবায়নাধীন একটি খাদ্য নিরাপত্তা উন্নয়ন কর্মসূচি।

কর্মসূচির লক্ষ্যঃ "২০২০ সালের মধ্যে বাংলাদেশের চর এবং হাওর এলাকায় বসবাসরত বিপদাপন্ন জনগোষ্ঠির জেন্ডার সাম্যতা ভিত্তিক খাদ্য ও পুষ্টির নিরাপত্তা সুনিশ্চিতকরণ।"

কর্মসূচির সারসংক্ষেপঃ

কর্মসূচির বাস্তবায়ন কাল	২৯ সেপ্টেম্বর ২০১৫ ইং থেকে ২৮ সেপ্টেম্বর ২০২০ ইং পর্যন্ত।
কর্মসূচির মোট প্রাক্কলিত ব্যয় ও অর্থায়ন	৮৮ মিলিয়ন ইউএস ডলার যা স্থানীয় মুদ্রায় ৬৮২,০০,০০,০০০/-কোটি টাকা মাত্র ক। ইউএসএআইডি হতে ৮০ মিলিয়ন ইউএস ডলার, যা স্থানীয় মুদ্রায় ৬২০,০০,০০,০০০/-কোটি টাকা মাত্র। খ। বাংলাদেশ সরকার পক্ষ হতে ৮ মিলিয়ন ইউএস ডলার, যা স্থানীয় মুদ্রায় ৬২,০০,০০,০০০/-কোটি টাকা মাত্র।
কর্মএলাকা	চর অঞ্চলঃ কুড়িগ্রাম, গাইবান্ধা, সিরাজগঞ্জ ও জামালপুর জেলা হাওর অঞ্চলঃ কিশোরগঞ্জ, নেত্রকোনা, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলা
কর্ম পরিধি	লক্ষ্যিত জনগোষ্ঠী ঃ ৬৭৪,৮৫৬ দরিদ্র ও অতিদরিদ্র পরিবারের সংখ্যা ঃ ১৬৮,৫২১ মোট গ্রামের সংখ্যা ঃ ৯৪৭ মোট ইউনিয়নের সংখ্যা ঃ ১১৫ মোট উপজেলার সংখ্যা ঃ ২৩ মোট জেলার সংখ্যা ঃ ০৮

কর্মসূচির উদ্দেশ্যগুলো : কর্মসুচির লক্ষ্য অর্জনে সমূদয় কর্মসুচি নিম্নে বর্ণিত ৫টি উদ্দেশ্যকে সামনে রেখে বাস্তবায়ন করে যাচ্ছে ঃ

উদ্দেশ্য ১: কৃষি ও জীবিকায়নঃ নারী ও পুরুষের আয বৃদ্ধি এবং নারী, পুরুষ, ছেলে-মেয়ে সকলের জন্য সাম্যতা ভিত্তিত্বে পুষ্টিমান সম্পন্ন খাদ্য প্রাপত্যা নিশ্চিত করণ।

উদ্দেশ্য ২: স্বাস্থ্য, পরিস্কার পরিচাছন্নতা ও পুষ্টিমান উন্নয়নঃ গর্ভবতী ও প্রসূতি মা, কিশোরী এবং পাঁচ বৎসরের কম বয়সী শিশুদের স্বাস্থ্য ও পুষ্টিমানের **উন্নয়ন**।

উদ্দেশ্য ৩: সক্ষমতাঃ প্রাকৃতিক এবং মানব সৃষ্ট দুর্যোগ ও দুর্ভোগ প্রশমন, অভিযোজন, অভিঘাত মোকাবেলায় ও উত্তরণে নারী পূরুষ নির্বিশেষে সক্ষমতা বৃদ্ধিকরণ।

উদ্দেশ্য ৪: নারী ক্ষমতায়নঃ পরিবার ও কমিউনিটিতে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি ও জেন্ডার সাম্যতা **নিশ্চিতকরণ**।

উদ্দেশ্য ৫: সুশাসনঃ কমিউনিটিতে বিশেষ করে দরিদ্র ও অতিদরিদ্র নারীদের জন্য সরকারী সেবাসমূহের প্রাপ্যতা নিশ্চত করণ (স্থানীয় নির্বাচিত পর্ষদ ও জাতি গঠনমূলক দপ্তরসমূহের সেবা)।

বাস্তবায়ন কৌশল: এই কর্মসূচি কেয়ার বাংলাদেশ দেশীয় ৬টি বেসরকারী সংস্থা (NGO) এর সাথে যৌথ অংশীদারিত্বের ভিত্তিতে, মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে যাচ্ছে। এই কর্মসুচির সার্বিক সমন্বয়, সহায়তা ও পরামর্শ প্রদানের দায়িত্ব বাংলাদেশ সরকারের ১৩ টি মন্ত্রণালয়, USAID ও কেয়ার বাংলাদেশ সমন্বয়ে গঠিত কর্মসুচি উপদেষ্টা ও সমন্বয় পরিষদ (Program Advisory and Coordination Committee – PACC) এর নিকট ন্যস্ত। স্থানীয় বিভাগের সচিব এর নেতৃত্বে উক্ত কমিটি কার্যকরী ভূমিকা পালন করে যাচ্ছে। অনুরুপ ভাবে সংশ্লিষ্ট বিভাগ,জেলা ও উপজেলা পর্যায়ে যথাক্রমে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক

ও উপজেলা নির্বাহী অফিসারগণদের নেতৃত্বে সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত সৌহার্দ্য সমন্বয় কমিটি কর্মসুচি বাস্তবায়নে সমন্বয়, সহায়তা ও পরামর্শ প্রদান করে যাচ্ছে।

চ্যালেঞ্জ সমূহ :

- জীবনযাত্রায় বৈচিত্র্য আনার ক্ষেত্রে সীমিত সুযোগ
- প্রত্যন্ত এলাকার দরিদ্র জনগোষ্ঠীদের জন্য ফসল উৎপাদনে প্রতিবন্ধকতা ও পয়োঃনিষ্কাশন ব্যবস্থা
- ঘন ঘন নদীর পাড় ভাঙা, আকস্মিক বন্যা এবং কৃষিজমি প্লাবিত হওয়া
- কিশোর ও তরুণদের কর্মসুচিতে অংশগ্রহণে স্বতঃস্ফূর্তার অভাব

অর্জন ও মাইলফলক:

- আয়সংশ্লিষ্ট কার্যক্রমে ৯৩,১২৭ জন অংশগ্রহণকারী রয়েছেন। সংশ্লিষ্ট রয়েছে প্রায় ১০৫,৮৩০টি গবাদি পশুপাখি ও ২৯,৯১০টি কৃষিজমি
- ৯৪৭টি গ্রামে দুই বছরের কম বয়সী ৪৭,১১৩টি শিশু বৃদ্ধি পর্যবেক্ষণ ও প্রচারণা (GMP) কর্মসূচির আওতায় এসেছে
- ৫১,৩৭৯ জন গর্ভবতী ও প্রসূতি মা মাসিক খাদ্য সহায়তার আওতায় এসেছে
- দুর্যোগ প্রস্তুতিমূলক প্রশিক্ষন কর্মসূচিতে অংশগ্রহণকারী ১১,৫১৭ জন
- ৯৪৭টি গ্রামে ক্ষমতায়ন, জ্ঞান ও রূপান্তরমূলক কার্যক্রমের (EKATA) বৈঠক হয়েছে

কর্মসূচির অগ্রগতির হালনাগাদ তথ্য:

উদ্দেশ্য ১: কৃষি ও জীবিকায়ন

ফলাফল/বিষয়	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
মোট কৃষক মাঠ ও বিজনেস স্কুল (FFBS)	৯৭	৯৭	৫,৮৬৬	৬,৪১৮
সহায়তা পাওয়া পেশাভিত্তিক দলের (COG) সদস্য	১৪৯,২০৩	১৪৯,২০৩	১৬৮,৫২১	১৬৪,৭৫৮
কৃষি	২৮,১৮১	২৮,১৮১	৩২,৬২৯	২৯,৯১০
ভিটেবাড়ির সমুন্বিত উন্নয়ন	২৮,১১৫	২৮,১১৫	৩২,২১৫	৩২,৪৪৩
মৎস্য	৬,৭৩৭	৬,৭৩৭	৯,৫০৫	৯,২৭৮
আয় বর্দ্ধক কর্মসুচির বাস্তবায়ন	৮৬,১৭০	৮৬,১৭০	৯৪,১৭২	৯৩,১২৭
মোট গ্রামীন সঞ্চয় ও ঋণ সমিতি (VSLA) দল	৫৪৭	৫৪৭	৯৪৭	৯৪৭
VSLA সদস্য	১৩,৬৭৫	১০,৯০৮	২৮,৪১০	২৯,৯৯১
মোট যুব দল গঠিত	০	০	৯৪৭	৯৪৭
যুব কর্মসংস্থান প্রশিক্ষণপ্রাপ্ত তরুণ	৫,৮৭০ (বাৎসরিক লক্ষ্য)	২,৩৮২	১০,০০০	৪,৩৫৬
অর্থনৈতিক সাক্ষরতা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি	১৯০,০০০ (বাৎসরিক লক্ষ্য)	১৫৬,৭৪৯	১৯০,০০০	১৫,৬৭৪৯

উদ্দেশ্য ২: স্বাস্থ্য, স্বাস্থ্যবিধি ও পুষ্টি (HH&N)

ফলাফল	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
কমিউনিটিভিত্তিক বৃদ্ধি পর্যবেক্ষণ ও প্রচারণা (GMP) বৈঠক (যেসব গ্রামে পরিচালিত হয়েছে, তার সংখ্যা) বাস্তবায়ন	৯৪৭	৯৪৭	৯৪৭	৯৪৭
GPM-এর আওতায় আসা ২ বছরের কম বয়সী শিশুর সংখ্যা	৩৬,১৫৯ (বাৎসরিক লক্ষ্য)	২৯,৪০৫	৫২,৩৭৬	৪৮,০১৫
আয়োজিত উঠান বৈঠক	১১,৩৬৪	১০,৭৪৭	৪০,৮২৯	৩১,৬৮৩
বাড়িতে যেসব গর্ভবতী ও প্রসূতি মা (PLW) কে পরামর্শ দেওয়া হয়েছে	৪২,০৯৮ (বাৎসরিক লক্ষ্য)	২৯,৩৭৩	৫২,৩৭৬	৪৯,১২২
খাদ্য সহায়তা প্রাপ্ত PLW	৪,২৯৮ (বাৎসরিক লক্ষ্য)	৩৭,২১৩	৫২,৩৭৬	৫৩,০৬৬
কমিউনিটির যত নলকূপে আর্সেনিক পরীক্ষা করা হয়েছে	০	০	৩০,০০০	১১,৯৩২

কমিউনিটির যত নলকূপে কলিফর্ম পরীক্ষা করা হয়েছে	০	০	৩,১৫৪	২,৯৫৫

উদ্দেশ্য ৩: দুর্যোগ সক্ষমতা

ফলাফল/বিষয়	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
দুর্যোগ প্রস্তুতিমূলক প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি	২,৯৬২ (বাৎসরিক লক্ষ্য)	২,০৭৮	১৪,৪৭৯	১১,৫১৭
কমিউনিটি ঝুঁকি মূল্যায়ন (CRA) অনুশীলনকারী কমিউনিটি	০	০	৯৪৭	৯৪৭
কমিউনিটিভিত্তিক আপদকালীন পরিকল্পনা প্রণয়নকারী কমিউনিটির সংখ্যা	০	০	৯৪৭	৯৪৭
স্থানীয় সরকার প্রতিষ্ঠান আয়োজিত দুর্যোগ প্রস্তুতিমূলক ও সচেতনতা সৃষ্টিতে অনুষ্ঠান	১৪৬	১৪৬	৬৭১	৫৭১
ইউনিয়নভিত্তিক দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনার (UDMP) সংখ্যা	০	০	১১৫	১১৫

উদ্দেশ্য ৪: নারী ও কিশোরীর ক্ষমতায়ন

ফলাফল/বিষয়	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
মোট EKATA দল গঠিত	৯৪৭	৯৪৭	৯৪৭	৯৪৭
EKATA দলের মোট সদস্য	৩৩,১৪৫	৩৩,১৪৫	৩৩,১৪৫	৩৩,১৪৫
দম্পতি কর্মশালা (Couple Dialogue) অনুষ্ঠানের সংখ্যা	৫,৬৮০	২,১৩৫	১১,৩৬৪	৩০৬০
চা-দোকানে অনুষ্ঠিত আলোচনা (Tea shop talk)	১,৮৯৪	৯২৯	৩,৭৮৮	১,১১৮

উদ্দেশ্য ৫: সুশাসন

ফলাফল/বিষয়	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
গঠিত গ্রাম উন্নয়ন কমিটির (VDC) সংখ্যা	০	০	৯৪৭	৯৪৭
VDC-এর সদস্য সংখ্যা	০	০	১০,৪১৭	১০,৯৮৮
কর্মসূচি এলাকায় সরকারি কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা	৬৯ (বাৎসরিক লক্ষ্য)	৭৫	৩৪৮	২২৪
সুশাসন ও যৌথ উন্নয়ন পরিকল্পনার প্রশিক্ষণপ্রাপ্ত ইউপি সদস্য	৩৫১	৩৫১	১,৬১০	১,১২৩
সুশাসন ও যৌথ উন্নয়ন পরিকল্পনার প্রশিক্ষণপ্রাপ্ত তরুণ সদস্য	৯৯৪	৯৯৪	১৭,০৪৬	১৬,১৩৮
সুশাসন ও যৌথ উন্নয়ন পরিকল্পনার প্রশিক্ষণপ্রাপ্ত VDC সদস্য	০	০	১০,৪১৭	৯,৬৪৭
LEB অথবা NBD-তে প্রক্রিয়াধীন VDC ও EKATA ইস্যু	৫৬৮	৬৭২	১,১৫০	১,১৪২

ভৌত অবকাঠামো:

ফলাফল/বিষয়	জুলাই '১৮-জুন '১৯		কার্যক্রম	
	লক্ষ্য	অর্জন	লক্ষ্য	অর্জন
স্বল্পমেয়াদে কর্মসংস্থান সৃষ্টি কার্যক্রম (ভিটেবাড়ি তৈরি, সামাজিক প্রেক্ষাপট সৃষ্টি, পিএনজিওর মাধ্যমে কাচাসড়ক রক্ষণাবেক্ষণ)	১৯০টি স্কিম (৫০,৭০৫ ব্যক্তি দিবস)	১৯০টি স্কিম (৫০,৬৩৬ ব্যক্তি দিবস)	৬৯৪টি স্কিম (১,৫০,০০০ ব্যক্তি দিবস)	৬৯৪টি স্কিম (১,৫২,০৫৭ ব্যক্তি দিবস)
পিএনজিওর মাধ্যমে বসতবাড়িতে পিট শৌচাগার (রিং-স্লাব) নির্মাণ	৯৫৬	৯৫৬	২২১০	২২১০

পিএনজিওর মাধ্যমে ছোট ইউ-আকৃতির পয়নিষ্কাশন কালভার্ট নির্মাণ	৩৬	৩৬	৯০	৯০
পিএনজিওর মাধ্যমে কম খরচের সামাজিক উপকরণ কেন্দ্র (CRC) নির্মাণ	০	০	৩০০	২৯৯
এলজিইডির মাধ্যমে চর এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র সংবলিত বিদ্যালয় নির্মাণ	১৪	৭	১৪	৭
এলজিইডির মাধ্যমে ইটের সুরক্ষা দেয়াল নির্মাণ	৬	৩	৮	৫

উপসংহার:

এই প্রতিবেদনে সৌহার্দ্য III -এর লক্ষ্য, উদ্দেশ্য, কাজের পরিসর ও বাস্তবায়ন কৌশলসহ একটি সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে। এরপর এতে ২০১৮-২০১৯ অর্থবছরে কর্মসূচির অগ্রগতি অন্তর্ভূক্ত করা হয়েছে। সবশেষে দীর্ঘমেয়াদী গবেষণার তথ্যের ভিত্তিতে বাছাইকৃত কিছু ফলাফল এতে সংযোজন করা হয়েছে। কর্মসূচি ইতোমধ্যে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। যদিও কিছু ক্ষেত্রে যেমন- যুব দলের দক্ষতা প্রশিক্ষণ এবং WASH কার্যক্রম অভীষ্ট লক্ষ্য অর্জন করা এখনো সম্ভব হযনি। এসব ক্ষেত্রে উদ্দেশ্য অর্জন ও পরিকল্পনা বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত রয়েছে।

লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি:৩)
বার্ষিক প্রতিবেদন (২০১৮-২০১৯)

ভূমিকা

"সিরাজগঞ্জ লোকাল গভর্ন্যান্স ডেভেলপম্যান্ট ফান্ড প্রজেক্ট" (এসএলজিডিএফপি) শীর্ষক প্রকল্পের সাফল্যের ধারাবাহিকতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে আরো শক্তিশালী ও আর্থিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে কার্যকর করার উদ্দেশ্যে স্থানীয় সরকার বিভাগ জুলাই ২০০৬-২০১১ মেয়াদে বিশ্বব্যাংক, ইউএনসিডিএফ, ইউএনডিপি, ডানিডা ও ইউরোপীয় ইউনিয়নের আর্থিক সহযোগিতায় "লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট" সফলভাবে বাস্তবায়ন করেছে। উল্লিখিত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন শেষে বিভিন্ন অঙ্গসমূহের মূল্যায়ন করা হয় এবং মূল্যায়ন প্রতিবেদনসমূহের ফলাফলে দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নের ফলে ইপ্সিত লক্ষ্য অর্জনে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। কিন্তু এতদসত্ত্বেও ক্ষমতার বিকেন্দ্রীকরণ, জনপ্রতিনিধিদের কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনঅংশগ্রহণ নিশ্চিতকরণে বিশেষ করে প্রশাসনের বিভিন্ন স্তরে নীতি ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের ক্ষেত্রে আরো অনেক কিছু করার অবকাশ আছে। এ প্রেক্ষাপটে বিশ্বব্যাংক এর সহায়তায় ২০১১-২০১২ হতে ২০১৫-২০১৬ পর্যন্ত ৫ বছর মেয়াদে "দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি:২)" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়। পরবর্তীতে পর পর দু'বার ডিপিপি সংশোধনীর মাধ্যমে জুন ২০১৭ পর্যন্ত এ প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়। প্রথম পর্যায়ের প্রকল্পের ধারাবাহিকতায় ২০১১-২০১২ অর্থ বছরে সকল ইউনিয়ন পরিষদকে এ প্রকল্পের অন্তর্ভুক্ত করা হয়েছে। এলজিএসপি-২ এর ধারাবাহিকতায় ফলোআপ প্রকল্প হিসেবে এলজিএসপি-৩ বাস্তবায়িত হচ্ছে যার মাধ্যমে এলজিএসপি-২ এর অভিজ্ঞতা কাজে লাগিয়ে আরো উন্নততর পদ্ধতিতে ইউনিয়ন পরিষদের সার্বিক কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং ও সুপারভিশন নিশ্চিত করা হবে; যাতে করে উল্লেখযোগ্য অর্জনসমূহ আরো সুসংহত হয় ও প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে।

১.১.১ ১ জানুয়ারি ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৫ বছর মেয়াদি এ প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৫,৫৩৫.০০ কোটি টাকা। এতে বাংলাদেশ সরকারের অর্থ ৩,১৫৩.০০ কোটি টাকা এবং বিশ্বব্যাংকের ঋণ ২,৩৮২.০০ কোটি টাকা। প্রকল্পের থোক বরাদ্দের অর্থ সরাসরি দেশের ৪৫৬৯ টি ইউনিয়ন পরিষদ ও ১৬টি পাইলট পৌরসভার ব্যাংক হিসাবে প্রেরণ করা হচ্ছে। এ বরাদ্দ দিয়ে ইউনিয়ন পরিষদ ও পাইলট পৌরসভাসমূহ জনগণের মাধ্যমে জনগণের চাহিদা অনুযায়ী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে।

০২। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো, ইউনিয়ন পরিষদে বর্তমান ফরমূলা (আয়তন ও জনসংখ্যা) ভিত্তিক থোক বরাদ্দের অর্থ স্থানান্তর পদ্ধতির প্রাতিষ্ঠানিকীকরণ এবং নির্বাচিত ১৬টি পৌরসভাতে পাইলট ভিত্তিতে সম্প্রসারিত থোক বরাদ্দ (Expanded Block Grants) চালুকরণ।

০৩। প্রকল্পের অঙ্গসমূহ

প্রকল্পের মোট ৪টি অঙ্গ (কম্পোনেন্ট) রয়েছে যা নিম্নরূপ:

কম্পোনেন্ট ১: ইউনিয়ন পরিষদ অনুদান [মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) ও দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি)]
কম্পোনেন্ট ২: অডিট ও কর্মদক্ষতা মূল্যায়ন এবং তথ্য পদ্ধতি ব্যবস্থাপনা (এমআইএস) প্রাতিষ্ঠানিকীকরণ
কম্পোনেন্ট ৩: পাইলট পৌরসভায় সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি) প্রদান
কম্পোনেন্ট ৪: সক্ষমতা বৃদ্ধি ও প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা

০৪। প্রকল্পের কার্যক্রম

দারিদ্র্য দূরীকরণ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর আওতায় দেশের সকল ইউনিয়ন পরিষদকে ব্যাংক হিসাবের মাধ্যমে সরাসরি থোক বরাদ্দ ছাড়াও তাদের দক্ষতা বৃদ্ধি, স্থানীয় পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা, পারস্পরিক শিখন কার্যক্রমের মাধ্যমে ইউনিয়ন

পরিষদকে আরো দক্ষ ও অভিজ্ঞ করে তোলা এবং জাতীয় পর্যায়ে বিকেন্দ্রীকরণ বান্ধব নীতি প্রণয়নের ক্ষেত্রে সহায়তা করা হচ্ছে। সুতরাং স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠা, দারিদ্র্য বিমোচন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, জনঅংশগ্রহণের মাধ্যমে চাহিদামাফিক স্থানীয় উন্নয়ন ত্বরান্বিতকরণ এবং তৃণমূল পর্যায়ে অংশদারিত্বমূলক গণতন্ত্র প্রতিষ্ঠার ক্ষেত্রে এলজিএসপি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প।

এ প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পরিষদসমূহ যে থোক বরাদ্দ পাচ্ছে তা দ্বারা জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে স্থানীয় পর্যায়ে বিভিন্ন উন্নয়ন স্কিম গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। এর ফলে জনগণ তাঁদের চাহিদাভিত্তিক সেবা পাচ্ছেন এবং জনগণের প্রত্যক্ষ অংশগ্রহণের ফলে স্থানীয় উন্নয়নে জনগণের মালিকানা প্রতিষ্ঠিত হচ্ছে। মৌলিক থোক বরাদ্দ ও কর্মদক্ষতা থোক বরাদ্দ দ্বারা ইউনিয়ন পরিষদসমূহ জনগণের চাহিদাভিত্তিক যে কোন কার্যক্রম যেমনঃ স্থানীয় রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট নির্মাণ, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ ও অবকাঠামো নির্মাণ, সুপেয় পানি সরবরাহ, স্যানিটেশনের ব্যবস্থা, কৃষি উৎপাদন বৃদ্ধি, স্বাস্থ্য ব্যবস্থা উন্নয়ন, বৃক্ষরোপণ, মহিলাদের উন্নয়ন ও ক্ষমতায়ন, তথ্য প্রযুক্তির ব্যবহার, পরিবেশ সুরক্ষা ও সামাজিক উন্নয়নমূলক কাজে সর্বস্তরে জনসচেতনমূলক কার্যক্রম বাস্তবায়ন করা।

চিত্র: এলজিএসপি এর আওতায় বাস্তবায়িত স্কিম (রাস্তা)

চিত্র:এলজিএসপি এর আওতায় বাস্তবায়িত স্কিম (কমিউনিটি ক্লিনিক সংস্কার)

০৫। ২০১৮-২০১৯ অর্থ বছরে সম্পাদিত কার্যক্রম

(০১) ইউনিয়ন পরিষদ অনুদান বরাদ্দ সংক্রান্ত চিত্র ঃ

এলজিএসপি-৩ প্রকল্পটি ২০১৭ সালের জানুয়ারি মাস হতে শুরু হয়েছে। প্রকল্পের শুরু হতে অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছর হতে ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত দেশের ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) বাবদ ২৫১২.৭০ কোটি টাকা ও দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) বাবদ ৪৭৪.৮৪ কোটি টাকাসহ সর্বমোট ২৯৮৭.৫৪ কোটি টাকা ইউনিয়ন পরিষদে ছাড় করা হয়েছে। এ ছাড়া ১৬টি পাইলট পৌরসভায় ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরে সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি) বাবদ মোট ৩৮.২৯ কোটি টাকা ছাড় করা হয়েছে।

গত ২০১৮-২০১৯ অর্থ বছরে বিবিজি বাবদ ৮৭৯.০৩ কোটি টাকা এবং পিবিজি বাবদ ১৭২.৬২ কোটি টাকাসহ সর্বমোট ১০৫১.৬৫ কোটি টাকা মোট ৪৫৬৯টি ইউনিয়ন পরিষদে ছাড় করা হয়েছে। এ ছাড়া ২০১৮-২০১৯ অর্থ বছরে ১৬টি পাইলট পৌরসভায় সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি) বাবদ ১৯.৪৮ কোটি টাকা ছাড় করা হয়েছে।

<u>ক. মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) এর বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি</u>

(কোটি টাকায়)

আর্থিক বছর	ইউনিয়ন পরিষদের সংখ্যা	ছাড়কৃত মৌলিক থোক বরাদ্দ (বিবিজি)	মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) ব্যয়	অগ্রগতি (%)	গৃহীত স্কীম সংখ্যা	বাস্তবায়িত স্কীম সংখ্যা (%)
২০১৬-১৭	৪৫৫৩	৭৯৯.৫০	৭৯৩.৫০	৯৯.৩০%	৬২১০৮	৬১৫৩৭ (৯৯%)
২০১৭-১৮	৪৫৭১	৮৩৪.১৮	৮১১.৭৪	৯৭.৩১%	৫৩৯৩১	৫২৩১০

						(৯৭%)
২০১৮-১৯	৪৫৬৯	৮৭৯.০২	৩৪৩.৮৭	৩৯.১২%	২৮০৩৫	১২৪৫৭ (৪৪%)
সর্বমোট		২৫১২.৭০	১৯৪৯.১১	৭৭.৫৭%	১৪৪,০৭৪	১২৬৩০৪ (৮৭%)

খ. দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) এর বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি

(কোটি টাকায়)

আর্থিক বছর	ইউনিয়ন পরিষদের সংখ্যা	ছাড়কৃত দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি)	দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) ব্যয়	অগ্রগতি (%)	গৃহীত স্কীম সংখ্যা	বাস্তবায়িত স্কীম সংখ্যা (%)
২০১৬-১৭	২৯৯৫	১৪৭.৬৩	১৪৪.৬৮	৯৮%	৯৮১৮	৯৬২২(৯৮%)
২০১৭-১৮	৩০০৪	১৫৪.৫৯	১৪৯.৭৫	৯৩%	১০৫০৪	১০০৮৩(৯৬%)
২০১৮-১৯	৩০৮২	১৭২.৬২	-	-	-	-
সর্বমোট		৪৭৪.৮৪	২৯৪.৪৩	৬২%	২০,৩২২	১৯৭০৫(৯৭%)

গ. পাইলট পৌরসভায় সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি) এর বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি

(কোটি টাকায়)

আর্থিক বছর	পাইলট পৌরসভার সংখ্যা	ছাড়কৃত সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি)	সম্প্রসারিত থোক বরাদ্দ (ইবিজি)ব্যয়	অগ্রগতি (%)	গৃহীত স্কীম সংখ্যা	বাস্তবায়িত স্কীম সংখ্যা (%)
২০১৭-১৮	১৬	১৮.৮১	১৫.০৬	৮০.০৬%	৩৭১	৩১২(৮৪.০৯%)
২০১৮-১৯	১৬	১৯.৪৮	-	-	-	-
সর্বমোট		৩৮.২৯	১৫.০৬	৩৯.৩৩%	৩৭১	৩১২(৩৯.৪৯%)

** উল্লেখ্য অর্থ বছরের শেষ সময়ে অর্থ ছাড়ের কারনে ২০১৮-২০১৯ অর্থবছরে অগ্রগতি হয় নাই। তবে Roll-over থাকার কারণে পরবর্তী অর্থবছরে অব্যয়িত টাকা ইউনিয়ন পরিষদ ও পৌরসভা কর্তৃক ব্যয়ের সুযোগ রয়েছে ।

(০২) ইউনিয়ন পরিষদে অডিট কার্যক্রম

এলজিএসপি এর আওতায় ২০০৬-০৭ হতে ২০১৭-১৮ অর্থ বছর পর্যন্ত বেসরকারি অডিট ফার্ম (সি.এ ফার্ম) দ্বারা দেশের সকল ইউনিয়ন পরিষদ (ইউপি) এর বার্ষিক আর্থিক বিবরণী অডিট করানো হয়েছে। অডিট ফার্মগুলি সকল ইউপি'এর বার্ষিক আর্থিক বিবরণী অডিটের পাশাপাশি কর্মদক্ষতা মূল্যায়ন এবং প্রতি উপজেলায় ১টি ইউনিয়ন পরিষদে পরিবেশগত ও সামাজিক সুরক্ষা মূল্যায়ন কার্যক্রম পরিচালিত করেছে। মূলত: ৪টি সূচক ও ১০টি উপক্ষেত্র সূঁচকের সাহায্যে ৪০ নম্বরের ভিত্তিতে কর্মদক্ষতা মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কর্মদক্ষতা মূল্যায়নের উপর ভিত্তি করে সর্বশেষ ২০১৮-১৯ অর্থবছরে প্রতিটি জেলায় ৬৫% ইউনিয়ন পরিষদের অনুকূলে কর্মদক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) প্রদান করা হয়েছে। এছাড়া অডিট ফার্মসমূহ কর্তৃক ফিনান্সিয়াল, পারফরমেন্স ও সেফগার্ড ডাটাবেজ প্রণয়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। অডিট রিপোর্টসমূহ, দক্ষতা মূল্যায়ন প্রতিবেদনসমূহ, পরিবেশগত ও সামাজিক সুরক্ষা মূল্যায়ন প্রতিবেদনসমূহ ও সকল প্রতিবেদনের ডাটাবেজ নিয়োজিত ৪টি রিভিউ ফার্ম কর্তৃক রিভিউ করে চূড়ান্ত করা হয়েছে।

চূড়ান্ত অডিট প্রতিবেদন এর ভিত্তিতে বিগত ০৮ বছরে অডিট ফার্ম কর্তৃক প্রদত্ত মতামত এর তথ্য নিম্নরূপঃ

নিরীক্ষা কাল	বার্ষিক আর্থিক বিবরণীর বছর	অডিট প্রতিবেদনে প্রদত্ত মতামত				মন্তব্য
		বিরূপ/ অস্বীকৃতি	শর্তযুক্ত	শর্তহীন	সর্বমোট ইউপি	
২০১০-১১	২০০৯-১০	১২২	৬৩৫	৩,৮০৪	৪,৫৬১	
২০১১-১২	২০১০-১১	৬৬	৩,০৪৩	১,৪৩৯	৪,৫৪৮	
২০১২-১৩	২০১১-১২	৪১৩	২,৯৬৮	১,১৬৮	৪,৫৪৯	

২০১৩-১৪	২০১২-১৩	৭২৩	৩,৮১৮	৭	৪,৫৪৮	
২০১৪-১৫	২০১৩-১৪	৫৯৩	৩,৯৫৭	৪	৪,৫৫৪	
২০১৫-১৬	২০১৪-১৫	৪৬৮	৪,০৮৫	১	৪,৫৫৪	
২০১৭-১৮	২০১৬-১৭	৭৫৩	৩,৮০০	-	৪,৫৫৩	
২০১৮-১৯	২০১৭-১৮	৪২৮	৪,১১৩	২০	৪,৫৬২	

(০৩) অডিট আপীল কার্যক্রম ঃ

সিএ ফার্ম কর্তৃক অডিট প্রতিবেদনে উত্থাপিত বিরূপ/অস্বীকৃতি মতামতের উপর সংশ্লিষ্ট ইউপি'র আপীল আবেদনের সুযোগ প্রদান করা হয়। এলজিএসপি কর্তৃপক্ষ আপীল আবেদনের উপর সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, স্থানীয় সরকার, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, বর্তমান ও আপত্তির সাথে সম্পৃক্ত ইউপি চেয়ারম্যান, তৎসময়ে কর্মরত ইউপি সচিব, অডিট ফার্ম, অডিট রিভিউ ফার্ম, আইসিএবি'র প্রতিনিধি, বিশ্বব্যাংক প্রতিনিধির উপস্থিতিতে আপীল শুনানীর আয়োজন করেছে। আপীল শুনানী'তে উপস্থিত সকল পক্ষের বক্তব্য, দাখিলকৃত প্রমাণক ও ইউএনও-র সুপারিশ বিবেচনা করে এলজিএসপি কর্তৃপক্ষ আপীলের রায় ঘোষণা করেছেন এবং জেলা প্রশাসক বরাবর সংশ্লিষ্ট ইউপি'র অনুকূলে আপীলের আদেশ প্রতিপালনের জন্য প্রেরণ করা হয়।

বিগত বছরসমূহে আপীল শুনানীর পর অডিট আপত্তি নিষ্পত্তি ও বহালের তথ্য নিম্নরূপ:

অর্থ বছর	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮
বিরূপ/ অস্বীকৃতি মতামত সংখ্যা	৬৬	৪১৩	৭২৩	৫৯৩	৪৬৮	৭৫৩	৪২৮
আপত্তি নিষ্পত্তি	৩১	৩৩৫	৬৭৫	৪৭৬	৩৯৮	৭১৩	৪২০
আপত্তি বহাল	৩৫	৭৮	৪৮	১১৭	৭০	৪০	৮

(০৪) ফাপাড কর্তৃক নিরীক্ষা

২০১৭-১৮ অর্থবছরে ফাপাড কর্তৃক এলজিএসপি-৩ প্রকল্প অফিসসহ সারাদেশে ২৯টি জেলায় সর্ব্বমোট ৪৭৩টি ইউপি'র নিরীক্ষা কার্যক্রম শেষ হয়েছে। বিশ্বব্যাংক প্রতিনিধি ও এলজিএসপি-৩ এর প্রতিনিধিদের উপস্থিতিতে এক্সিট মিটিং সম্পন্ন করে ফাপাড কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন চূড়ান্ত করা হয়। নিরীক্ষা প্রতিবেদন অনুসারে দেখা যায় যে, ২০১৭-১৮ অর্থবছরে ফাপাড শর্তহীন (Unqualified) মতামত প্রদান করেছে। এলজিএসপি-৩ এর আর্থিক কর্মকান্ডের উপর কোন অডিট আপত্তি উত্থাপিত হয় নাই। ইউপিসমূহের আর্থিক কর্মকান্ডের উপর মোট ৫২টি অডিট আপত্তি উত্থাপিত হয়, এরমধ্যে ২৫টি এ তালিকাভুক্ত এবং ২৭টি বি তালিকাভুক্ত। আপত্তির উপর সংশ্লিষ্ট ইউপি থেকে বিএসআর সংগ্রহ কার্যক্রম চলছে। শীঘ্রই উহা প্রকল্পের মতামতসহ মন্ত্রণালয়ের মাধ্যমে ফাপাডে নিষ্পত্তির লক্ষ্যে প্রেরণ করা হবে।

(০৫) পৌরসভা নিরীক্ষা:

পাইলট প্রকল্পের আওতায় এলজিএসপি-৩ কর্তৃক সারাদেশ থেকে মোট ১৬টি চিহ্নিত পৌরসভার অনুকূলে 'এক্সটেন্ডেড ব্লক গ্রান্ট' প্রদান করা হয়েছে। ইউনিয়ন পরিষদের মত এসকল পৌরসভায় ২০১৭-১৮ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। একটি নিরীক্ষা ফার্ম ও একটি অডিট রিভিউ ফার্ম এ কার্যক্রমে অংশ গ্রহণ করে। নিরীক্ষা প্রতিবেদন অনুসারে কোন বিরুপ কিংবা অস্বীকৃত মতামত নেই।

০৬। এলজিএসপি-৩ এর আওতায় এমআইএস

এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় এমআইএস এ অনলাইন, অফলাইন, মোবাইল এ্যাপস ও হেল্পডেস্ক প্রস্তুত করার বিষয়ে ডিপিপিতে উল্লেখ আছে। এলক্ষ্যে এলজিএসপি-৩ এর এমআইএস টিমের উদ্যোগে নিম্নলিখিত মডিউলসমূহের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছেঃ

- প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক ইউপি'র কার্যক্রম পরিদর্শন ও জিপিএস লোকেশনযুক্ত ছবিসহ পরিদর্শন প্রতিবেদন অনলাইনে এমআইএস এ দাখিল

- এলজিএসপি-৩ এর আওতায় ইউপি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত স্কিম এর জিপিএস লোকেশনযুক্ত ছবিসহ তালিকা অনলাইনে এমআইএস এ দাখিল প্রেরণ
- এলজিএসপি-৩ এর আওতায় স্ব স্ব ইউপির বিবিজি-পিবিজি বরাদ্দের তথ্য এমআইএস সংযুক্তকরণ
- ইউপির বার্ষিক আর্থিক প্রতিবেদন (এএফএস) অনলাইনে ইউপি কর্তৃক এমআইএস এ এন্ট্রিকরণ
- দেশের সকল ইউপির চেয়ারম্যান, সচিব ও উদ্যোক্তাসহ সকল সদস্যদের তথ্য এমআইএস এ সংরক্ষণ
- সকল নাগরিকের জন্য ইউপি'র জিও লোকেশনসহ অন্যান্য তথ্য জানার জন্য এলজিএসপি এ্যাপস ব্যবহারের ব্যবস্থা
- নগরিক কর্তৃক মোবাইল এ্যাপস এর মাধ্যমে অভিযোগ ইউপিতে দাখির ও নিষ্পত্তি ব্যবস্থাপনা চালুকরণ

০৭। সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম

ইউনিয়ন পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির জন্য এ প্রকল্পের আওতায় ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা, উন্মুক্ত বাজেট অধিবেশন, আর্থিক ও ক্রয় ব্যবস্থাপনা, স্বচ্ছতা ও জবাবদিহিতা, পরিবেশ ও সামাজিক সুরক্ষা এবং প্রতিবেদন প্রণয়ন বিষয়ে প্রকল্পের আওতায় ইউনিয়ন পরিষদসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০১৮-২০১৯ অর্থ বছরে প্রকল্পের আওতায় বিভিন্ন বিষয়ে সরকারি কর্মকর্তা, প্রকল্প স্টাফ (ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর), ইউনিয়ন পরিষদ (ইউপি) চেয়ারম্যান ও ইউপি সচিব এবং পাইলট পৌরসভার সকল মেয়র, কাউন্সিলর ও সচিবসহ মোট ৫,৬২৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া প্রকল্পের অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে প্রাইভেট অডিট ফার্মের ১৫০০ জন অডিটরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। নিম্নে প্রশিক্ষণের সারসংক্ষেপ ছক আকারে উপস্থাপন করা হলোঃ

প্রশিক্ষণের সারসংক্ষেপ সংক্রান্ত ছক

ক্রমিক নং	বছর	প্রশিক্ষণের ধরণ	মেয়াদ (দিন)	লক্ষ্যমাত্রা	অর্জন	
					সংখ্যা	শতকরা হার
১	২০১৮ সেপ্টেম্বর	ইউপি ফাংশানারিজ ও মাঠ প্রশাসণের সরকারি কর্মকর্তাগণের (ডিসি, ডিডিএলজি ও ইউএনও) অংশগ্রহণের মাধ্যমে বিভাগীয় কর্মশালা (মোট ১০টি কর্মশালা)	১	৩৯৪	৩৭২	৯৪.৪১
২	২০১৮ সেপ্টেম্বর	বেসরকারি অডিট ফার্মের অডিটরদের প্রশিক্ষণ	১	১৫০০	১৫০০	১০০
৩	২০১৮ সেপ্টেম্বর	পৌরসভার মেয়র, কাউন্সিলর ও সচিবদের অংশগ্রহণে কর্মশালা	১	৬৪	৬৪	১০০
৪	২০১৯ মার্চ	প্রকল্প কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের উপর ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটরদের (ডিএফ) প্রশিক্ষণ	৩	৫৫	৫৪	৯৮
৫	২০১৯ মে	প্রকল্পের কার্যক্রমের উপর পাইলট পৌরসভার কাউন্সিলর ও সচিবদের প্রশিক্ষণ	১	২১২	১৪০	৬৬
৬	২০১৯ জুন	ডিএফদের অংশগ্রহণে প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা শীর্ষক কর্মশালা	১	৫৪	৫৪	১০০
৭	২০১৯ জুন	প্রকল্পের এমআইএস এর উপর কর্মশালা (ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমআইএস বিভাগের ছাত্রদের অংশগ্রহণে)	১	২০	২০	১০০
৮	২০১৯ জুন	জেলা পর্যায়ে প্রশিক্ষণ কর্মশালা (জেলা প্রশাসক, ডিডিএলজি, ইউএনও, ডিএফ এবং ইউপি চেয়ারম্যান ও সচিবদের অংশগ্রহণে) (মোট ৩২ জেলায়)	১	৪৯২৮	৪৯২২	৯৯.৮৮

চিত্র: এলজিএসপি'র আওতায় কারিগরি প্রশিক্ষণ

চিত্র: এলজিএসপি'র আওতায় ছাগল পালন প্রশিক্ষণ

৮। প্রাতিষ্ঠানিক উন্নয়ন

প্রকল্পের আওতায় বিভিন্ন কমিটি গঠন ও তাদের কর্মতৎপরতাঃ প্রকল্পের বিভিন্ন কর্মকান্ডের সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ, বাস্তবায়ন, তত্ত্বাবধান, মনিটরিং ইত্যাদি বিষয় প্রাতিষ্ঠানিক রূপদান কল্পে মাঠ পর্যায়ে বিভিন্ন স্তরে নিম্মোক্ত কমিটি গঠন করা হয়েছে এবং এগুলো তাদের নির্ধারিত দায়িত্ব পালনে তৎপর রয়েছেঃ

- ইউনিয়ন উন্নয়ন কো-অর্ডিনেশন কমিটি (ইউডিসিসি)
- ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি)
- ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেশন কমিটি (ডিসিসি)
- ওয়ার্ড কমিটি (ডাব্লিউসি)
- স্কিম সুপারভিশন কমিটি (এসএসসি)
- পরিকল্পনা কমিটি

চিত্র: জেলা সমন্বয় কমিটি (ডিসিসি) এর সভা

চিত্র: উপজেলা ব্লক গ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) এর সভা

০৯। স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় কার্যক্রম

স্থানীয় পর্যায়ে কার্যকর স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে এ প্রকল্পের মাধ্যমে জনগণকে ইউনিয়ন পরিষদ কর্তৃক বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন পদ্ধতি এবং মৌলিক থোক বরাদ্দের বিষয়ে বিভিন্ন তথ্য অবগত করানোর ব্যবস্থা নেয়া হয়েছে। এ সম্পর্কিত বাস্তবায়িত কার্যক্রম নিম্নরূপঃ

- স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত ওয়েভপেজ-এর মাধ্যমে জনগণকে ইউনিয়নের জন্য সম্ভাব্য মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) পরিমাণ সম্পর্কে অবগত করার ব্যবস্থা গ্রহণ করা হয়

- ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে সভা, কর্মশালা ইত্যাদির মাধ্যমে জনগণকে সচেতন করার পদক্ষেপ নেয়া হয়েছে
- ইউনিয়ন পরিষদের কার্যক্রমে জবাবদিহিতা প্রতিষ্ঠার জন্য নিয়মিত অডিট এবং মনিটরিং এর ব্যবস্থা করা হয়েছে
- প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে ইউনিয়ন পরিষদের কার্যক্রম মূল্যায়ন ফলাফল নিয়মিত পর্যালোচনার মাধ্যমে কার্যকর নীতি প্রণয়নে সরকারকে সহায়তা প্রদান করা হচ্ছে

চিত্র:ইউনিয়ন পরিষদের উন্মুক্ত বাজেট সভা

চিত্র:ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সভা

১০। প্রকল্পের উল্লেখযোগ্য অর্জনসমূহ

এলজিএসপি-৩ প্রকল্পটি ২০১৭ সালের জানুয়ারি মাস হতে শুরু হয়েছে। প্রকল্পের শুরু হতে অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ বছর হতে ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত দেশের ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) বাবদ ২৫১২.৭০ কোটি টাকা ও দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) বাবদ ৪৭৪.৮৪ কোটি টাকাসহ সর্বমোট ২৯৮৭.৫৪ কোটি টাকা ৪৫৬৯টি ইউপিতে ছাড় করা হয়েছে। এ ছাড়া ১৬টি পাইলট পৌরসভায় ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বছরে ইবিজি বাবদ মোট ৩৮.২৯ কোটি টাকা ছাড় করা হয়েছে। এ ছাড়া প্রকল্পের উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপ:

(১) বরাদ্দকৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট ইউনিয়নসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন কার্যক্রম, স্থানীয় রাস্তাঘাট, ব্রিজ, কালভার্ট, ফেরী ঘাট নির্মাণ/সংস্কার, শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ ও অবকাঠামো সংস্কার, সুপেয় পানি সরবরাহ, স্বাস্থ্য সম্মত সেনিটেশন ব্যবস্থা, কৃষি উৎপাদন বৃদ্ধি, ড্রেনেজ ব্যবস্থা, স্বাস্থ্য ব্যবস্থা, তথ্য ও প্রযুক্তির উন্নয়নে বিভিন্ন স্কিম বাস্তবায়ন করা হয়েছে।

(২) সরাসরি প্রকল্পের অর্থ ইউনিয়ন পরিষদে স্থানান্তরের পাশাপাশি ইউনিয়ন পরিষদসমূহকে নিজস্ব সম্পদ আহরণে উদ্বুদ্ধ করা হচ্ছে এবং এর ফলে ইউপিসমূহের নিজস্ব সম্পদ আহরণ ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে। ইউনিয়ন পরিষদের হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য ট্যাক্স আদায়ে দীর্ঘ দিনের স্থবিরতা বিরাজমান ছিল। ইউনিয়ন পরিষদ এ ব্যাপারে যেমন ছিল উদাসিন তেমনি জনগণও ছিল অনাগ্রহী। এলজিএসপি এর কার্যক্রম এ স্থবিরতা ভেঙ্গে ইউনিয়ন পরিষদ ও জনগণ উভয়কেই হোল্ডিং ট্যাক্সসহ অন্যান্য ট্যাক্স আদায় ও প্রদানের গুরুত্ব অনুধাবনে সক্ষম করেছে। জনগণ ইউনিয়ন পরিষদের স্কিম বাছাই ও বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণ করতে পারে বিধায় ইউনিয়ন পরিষদের জবাবদিহিতা বৃদ্ধি পেয়েছে। ফলে ইউনিয়ন পরিষদের উপর তাদের আস্থাও বৃদ্ধি পেয়েছে। ইউনিয়ন পরিষদ ওয়ার্ড পর্যায়ে উম্মুক্ত সভা ও ইউনিয়ন পর্যায়ে উম্মুক্ত বাজেট অধিবেশন করে থাকে।

(৩) পরিবেশ ও সামাজিক উন্নয়নে জনসচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা হয়েছে।

(৪) স্থানীয় পর্যায়ে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিত করার জন্য এ প্রকল্পের আওতায় বেসরকারি অডিট ফার্ম দ্বারা দেশের প্রতিটি ইউনিয়ন পরিষদকে প্রতি বছর নিয়মিতভাবে অডিট কার্যক্রমের আওতায় আনা হয়েছে।

(৫) নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়নকে এ প্রকল্প বিশেষ গুরুত্ব প্রদান করছে। স্থানীয় পর্যায়ে জনঅংশগ্রহণের মাধ্যমে এলাকার উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহকে প্রকল্প থেকে যে থোক বরাদ্দ প্রদান করা হচ্ছে তার ৩০% অর্থ মহিলাদের দ্বারা বাছাইকৃত স্কিমসমূহ বাস্তবায়নে ব্যয় করা হয়েছে। এ উদ্যোগকে সফলভাবে বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে মহিলাদের মধ্যে বিপুল সাড়া পাওয়া যাচ্ছে।

(৬) ইউনিয়ন পরিষদের উন্নয়ন কর্মকান্ডে সরাসরি জনঅংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করা যাচ্ছে। ইউনিয়ন পরিষদের প্রাতিষ্ঠানিকীকরণ ঘটেছে এবং অধিকতর আর্থিক ক্ষমতায়ন হওয়ায় স্থানীয় পর্যায়ে ব্যাপক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে।

(৭) প্রকল্পের বিভিন্ন কার্যক্রম সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হচ্ছে। যেহেতু জনগণ ইউপির মাধ্যমে সম্ভাব্য বরাদ্দের পরিমাণ যথাসময়ে জানতে পারছে সেহেতু তাঁরা সঠিক সময়ে প্রকল্প চিহ্নিত করার ক্ষেত্রে তাদের সুচিন্তিত মতামত প্রকাশ করতে পারে। এর ফলে স্থানীয় জনগণের সাথে ইউপিসহ এলাকার জনপ্রতিনিধিগণের মধ্যে উন্নয়ন বিষয়ে মতবিনিময়ের পাশাপাশি প্রকল্প এলাকা চিহ্নিত করার ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হয়েছে।

(৮) প্রকল্পের একটি অন্যতম উদ্দেশ্য হচ্ছে সকল পর্যায়ে অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করা। সরাসরি বিবিজি ও পিবিজির অর্থ ওয়েবসাইটে ঘোষণার মাধ্যমে ইউপিতে স্থানান্তরের পদ্ধতি অবাধ তথ্য প্রক্রিয়াকে জোরদার করেছে।

(৯) এ প্রকল্প বাস্তবায়নের ফলে জনগণের মালিকানা ও অংশীদারিত্ব নিশ্চিত হচ্ছে। সরাসরি ইউপিতে অর্থ স্থানান্তরের কারণে যেহেতু এলাকার উন্নয়নের সকল প্রক্রিয়ায় জনগণ অংশগ্রহণ করতে পারছে, সেহেতু এলাকায় জনগণের মধ্যে বাস্তবায়িত উন্নয়ন কর্মকান্ডসমূহের ক্ষেত্রে এক ধরনের মালিকানা ও অংশীদারিত্ব নিশ্চিত হচ্ছে।

অধ্যায়-৩

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

১. ভূমিকা :

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ১৯৬৯ সালের ১ জুলাই '' লোকাল গভর্ণ মেন্ট ইনস্টিটিউট'' নামে তৎকালীন পূর্ব পাকিস্তান গভর্ণ মেন্ট এডুকেশনাল এ্যান্ড ইনস্টিটিউশন অর্ডি ন্য, ১৯৬১ অনুযায়ী প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮০ সালে প্রতিষ্ঠানটির নামকরণ করা হয় ''ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকাল গভর্ণ মেন্ট(এনআইএলজি)''। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীনে এনআইএলজি একমাত্র প্রশিক্ষণ ও গবেষণামূলক প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করে আসছে। বর্তমানে প্রতিষ্ঠানটি ''জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২'' অনুযায়ী পরিচালিত হচ্ছে। ইনস্টিটিউট মূলত : এনআইএলজি নামে বিশেষভাবে পরিচিত।

২. **প্রধান কার্যাবলী :**

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২ এর ধারা ৬-এ এনআইএলজি'র দায়িত্বাবলী নিম্নরূপ :

- সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সদস্য, কর্ম কর্তাও কর্ম চারীদেরকে স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা;
- সরকার কর্তৃক নির্দে শিত স্থানীয় সরকার সংক্রান্ত বিষয়ের উপর সরকারকে পরামর্শ প্রদান ক;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;
- স্থানীয় সরকারের সহিত সম্পর্কিত বিভিন্ন সংস্থার কর্ম কর্তা ও কর্ম চারীদের প্রশিক্ষণ প্রদান ক;
- স্থানীয় সরকার বিষয়ে জাতীয় এবং সরকারের পূর্ব ানুমোদনক্রমে, আন্তর্জাতিক পর্য ায়ের কর্ম শিবির, সেমিনার এবং সম্মেলনের আয়োজন করা;
- স্থানীয় সরকার এবং ইহার সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয়ের উপর তথ্য সংগ্রহ ও মূল্যায়ন করা;
- স্থানীয় সরকার এবং এর সহিত সম্পৃক্ত বিভিন্ন বিষয় সম্পর্কে ডকুমেন্টেশনের সুবিধা প্রদান এবং জাতীয় ডকুমেন্টেশন কেন্দ্র গড়ে তোলা;
- স্থানীয় সরকার বিষয়ক গ্রন্থ, সাময়িকী, গবেষণা প্রতিবেদন, মূল্যায়ন প্রতিবেদন প্রকাশ করা;
- গ্রন্থাগার ও পাঠকক্ষ স্থাপন এবং পরিচালনা করা;

- স্থানীয় সরকার বিষয়ে প্রশিক্ষণ ও গবেষণা কাযক্রমের সমন্বয় সাধন করা;
- সরকারের পূর্ব ানুমোদনক্রমে স্থানীয় সরকার বিষয়ে বিদেশী ও আন্তর্জাতিক সংস্থার সহিত যোগাযোগ এবং প্রয়োজনে যৌথ কর্ম সূচি গ্রহণ করা;
- স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে সার্টি ফিকেট কোর্স প্রবর্তন ক;
- সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য কাযক্রম গ্রহণ করা;

৩. প্রশাসনিক কাঠামো:

প্রতিষ্ঠানের প্রধান নির্ব াহী হচ্ছেন মহাপরিচালক। তিনি সরকার এবং পরিচালনা বোর্ডে র সিদ্ধা অনুযায়ী দায়িত্ব পালন করে থাকেন। প্রতিষ্ঠানটির কার্য াবলী প্রধানত: চারটি বিভাগে বিভক্ত :

১। প্রশাসন ও সমন্বয়
২। প্রশিক্ষণ ও পরামর্শ
৩। গবেষণাও পরিকল্পনা
৪। কর্ম সূচি ও মূল্যায়ন

প্রতিটি বিভাগের দায়িত্বে একজন পরিচালক নিয়োজিত রয়েছেন। এ ছাড়াও মোট ৪জন যুগ্ম-পরিচালক, ১০জন উপপরিচালক, ৪জন সহকারী পরিচালক, ৭ জন গবেষণা কর্ম কর্ত, ১জন পরিসংখ্যান কর্ম কর্তা, ৬জন সহকারী গবেষণা কর্ম কর্তা, ১জন গ্রন্থাগারিক, ১জন প্রকাশনা কর্ম কর্তা, ১জন হিসাবরক্ষণ কর্ম কর্ত, ১জন প্রশাসনিক কর্ম কর্তা, ১জন অডিও ভিজ্যুয়েল টেকনিক্যাল কর্ম কর্তা, ও ১জন ডকুমেন্টেশন কর্ম কর্তা কর্ম রত আছেন। প্রতিষ্ঠানে১ম, ২য় ৩য় ও ৪র্থ শ্রেণীর মোট লোকবল১১৩ জন।

৪. ২০১৮-২০১৯ অর্থ বছরে অনুষ্ঠিত প্রশিক্ষণ কাযক্রমের বিবরণ

প্রশিক্ষণ/কোর্সে র সংখ্য	৫৪৬টি
প্রশিক্ষণার্থীর সংখ্যা	২১,১৬৩ জন
ব্যয়িত অর্থে র পরিমাণ	৫,৮৮,০৮,০০০/- (প্রায়)

৫। অনুষ্ঠিত সেমিনারসমূহ প্রযোজ্য নয়

৬। অনুষ্ঠিত কর্ম শালাসমূহ ২০১৮-২০১৯ অর্থ বছরে মোট০৩টি কর্ম শালার আয়োজন করা হয়েছে এবং উপস্থিত অংশগ্রহণকারী ১৫৯ জন

৭.গবেষণা/প্রকাশনা সংক্রান্ত তথ্য

(ক) সম্পদিত গবেষণা ২০১৮-১৯ অর্থ বছরে মোট০৬টি গবেষণা সম্পন্ন হয়েছে:

ক্রমিক নং	সমীক্ষা শিরোনাম
১	Effective of Training Program on law and activities of Upazila Parishad
২	An Impact Assessment of 40 Day Employment Generation Program of Union Parishad
৩	A Survey on Training Need Assessment for Upazila Parishad Functionaries
৪	Challenges and Prospects of Women Leadership in Urban Local Government: A Study on Five City Corporations
৫	Action Research on Improving Service Delivery of Union Parishad
৬	বাজেট ও পরিকল্পনা প্রণেয়নে ওয়ার্ড সভার ভূমিক- চারটি ইুনিয়ন পরিষদের উপর একটি সমিক্ষা

(খ) চলমান গবেষণা

২০১৮-১৯ অর্থ বছরে মোট১১টি গবেষণা গৃহীত হয়েছে নিম্নে উল্লেখ করা হলো:

ক্রমিক নং	সমীক্ষা শিরোনাম
১	ইউনিয়ন পরিষদের তথ্য অধিকার আইনের প্রয়োগ ও বাস্তবতা: একটি সমীক্ষা
২	ই-বর্জ্য ব্যবস্থাপনায় সিটি কর্পো ারেশনের সমস্যা ও সম্ভাবনা: একটি কেস স্টাডি
৩	An Assessment of Internal Revenue Generation and Expenditure of Municipalities
৪	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত কাযক্রম বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের ভূমিকা
৫	ইউনিয়ন পরিষদের সেবার মান বৃদ্ধিতে হস্তান্তরযোগ্য মন্ত্রণালয়/বিভাগের কাযক্রমের উপর একটি সমীক্ষা
৬	Localizing Sustainable Development Goals (SDG)in Service Delivery of Urban Local Government: A Study on Selected City Corporations of Bangladesh.
৭	ইউনিয়ন পরিষদের সেবার মান উন্নয়নের লক্ষ্যে একটি প্রায়োগিক গবেষণা
৮	Training Need Assessment for Union Parishad Functionaries
৯	Financial Management of of Paurashava in Bangladesh: A Case Study
১০	The Role of Union Parishads in Building Awareness and Addressing Sustaninable Development Goals (2.2,2.4,12,1,12,4,12.8) Regarding Chemical use in Leafy Vegetables at Farm Level: A study in 10 Selected Union Parishads of Bangladesh

ক্রমিক নং	সমীক্ষা শিরোনাম
১১	Status of Rural Cooperative Society of BRDB and Department of Cooperatives

গ) প্রস্তাবিত গবেষণা

২০১৮-১৯ অর্থ বছরে গৃহিত গবেষণা প্রকল্প চূড়ান্তকরণের জন্য এখনও কোন কর্মশালা অনুষ্ঠিত হয় নি।

প্রকাশনা সংক্রান্ত তথ্য:

i. The Journal of Local Government ভলিউম ৪২.১ এবং ৪২.২ প্রকাশ করা হয়েছে।
ii. নিউজলেটার ৫ম, ৬ষ্ঠ, ৭ম এবং ৮ম সংখ্যা প্রকাশ করা হয়েছে।
iii. ১টি প্রশিক্ষণ ক্যালেন্ডার এবং ১টি প্রশিক্ষণ সহায়িকা প্রকাশ করা হয়েছে।

৬. কর্ম সূচি ও মূল্যায়ন বিভাগের কাযক্রমের বিবরণ

২০১৮-১৯ অর্থ বছরের প্রতিষ্ঠানে বাস্তবায়িত৫৪৬টি প্রশিক্ষণ কোর্স সমূহেঅংশগ্রহণকারীগণ কর্তৃক পূরণকৃত ২১,১৬৩টি রেজিস্ট্রেশন এবং মূল্যায়ন ফরমসমূহে বর্ণি ত তথ্যাদির ডাটা প্রসেসিং এর কাজ চলছে এ ছাড়াও এনআইএলজি'র সদর দপ্তরে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীগণ কর্তৃক আলোচকগণের মূল্যায়ন ফরমের তথ্যাদির বিশ্লেষণ করা হচ্ছে।

৯। ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষি ক প্রতিবেদনে উল্লেখযোগ্য কোন বিষয়যদি থাকে)-

- এনআইএলজি ইনোভেশন টিম গঠিত হয়েছে এবং কার্য ক্রমচলমান।
- সংশ্লিষ্ট সেবা সহজে এবং দ্রুত প্রদানের লক্ষ্যে একটি ফ্রন্ট-ডেক্স স্থাপন করা হয়েছে।
- ডিজিটাল মনিটর স্থাপন করে প্রদেয় সেবা, চলমান কার্য ক্রম, প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য, বিভিন্ন ভিডিও
  ডকুমেন্টারী প্রদর্শ নএবং আপডেট তথ্য-উপাত্ত প্রদর্শ নেরব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
- এনআইএলজি হোস্টেল ব্যবস্থাপনা পরিবর্তি ত করে প্রশিক্ষণার্থীদের সেবার মান বাড়ানোর প্রক্রিয়া চলমান।
- 'স্থানীয় সরকার হেল্পলাইন' ১৬২৫৬ চালু রয়েছে এবং ডিজিটাল ডাটাবেইজ প্রস্তুতের জন্য পালইটিং এর কাজ চলমান।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

১। ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেক্ষিত পরিকল্পনা এবং সরকার কর্তৃক প্রণীত ৭ম পঞ্চ বার্ষিক পরিকল্পনাকে অনুসরণ করে সমগ্র দেশের সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত পদক্ষেপের অংশ হিসাবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করে।

দেশের সর্ববৃহৎ প্রকৌশল প্রতিষ্ঠান হিসাবে এলজিইডি জনসাধারণকে সেবা প্রদান ও সরকারের রূপকল্প বাস্তবায়নে আন্তরিকতার সঙ্গে তার নিজস্ব দায়িত্ব পালন করে যাচ্ছে, এ সরকারের সার্বিক উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কারিগরি সহায়তা প্রদান করছে এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখছে। এছাড়া, পল্লী ও নগর অঞ্চলে অবকাঠামো উন্নয়ন ও রক্ষণাবেক্ষণসহ কৃষি উৎপাদন সংশ্লিষ্ট ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নেও এলজিইডি কার্যকর ভূমিকা রাখে। সমাজের বিভিন্ন পর্যায়ের ভোক্তাগণকে সম্পৃক্ত করে পরিকল্পনা প্রণয়ন এবং কর্মসূচি বাস্তবায়নে উপকারভোগীদের কাছে সুফল পৌছে দেয়াই এলজিইডি'র মূল নীতি। এভাবেই সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল-এ পৌছানোর লক্ষ্যে বাংলাদেশের প্রতিটি এলাকা ও স্তরের জনমানুষের বিশেষকরে হত-দরিদ্রের জীবন মান উন্নয়নে সুস্পষ্ট অবদান রেখে দেশের সামগ্রিক উন্নয়নে সরকারের প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়নে এলজিইডি তার দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করে চলছে।

এছাড়া প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, সম্প্রসারণ এবং রক্ষণাবেক্ষণের ক্ষেত্রেও এলজিইডি বলিষ্ঠ ভূমিকা পালন করছে। উপরন্তু প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার অংশ হিসাবে প্রাকৃতিক দুর্যোগপ্রবণ এলাকার বাসিন্দাদের দুর্যোগকালীন নিরাপত্তা বিধানের লক্ষ্যে ঘুর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণও এলজিইডি'র একটি অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব।

২। লক্ষ্য ও উদ্দেশ্য

লক্ষ্য -

স্থানীয় সরকার ব্যবস্থা/প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণ, গ্রাম ও শহর অঞ্চলে সড়ক ও হাট-বাজার উন্নয়ন, ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা, নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও পয়ঃনিস্কাশন অবকাঠামো নির্মাণ ও রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে জনসাধারণের জীবন যাত্রার মান উন্নয়ন।

উদ্দেশ্য -

- পল্লী ও নগর অবকাঠামো নির্মাণ/উন্নয়নের মাধ্যমে দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থা ও নাগরিক সুবিধাদির উন্নয়ন;
- স্থানীয় পর্যায়ের অবকাঠামোসমূহের উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি ও অকৃষিখাতে উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত কৃষি পণ্যের স্বল্প খরচে বাজারজাতকরণে সহায়তা প্রদান;
- উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে পল্লী ও নগর এলাকার দরিদ্র জনগোষ্ঠী বিশেষ করে মহিলাদের জন্য স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ও প্রাকৃতিক সম্পদে তাদের অংশগ্রহণের মাধ্যমে দারিদ্র বিমোচন তরান্বিত করা;
- ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নের মাধ্যমে অবকাঠামো নির্মাণসহ টেকসই পানি ব্যবস্থাপনা পদ্ধতি বজায় রেখে এবং সুবিধাভোগীদের প্রত্যক্ষ অংশগ্রহণের মাধ্যমে অবকাঠামোসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা শক্তিশালী করা;
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও অন্যান্য সংস্থাসমূহকে শক্তিশালীকরণের লক্ষ্যে কারিগরী ও প্রাতিষ্ঠানিক সহযোগিতা প্রদান।

৩। প্রধান কার্যক্রম

এলজিইডি'র উন্নয়ন কর্মসূচিসমূহ সাধারণতঃ গ্রামীণ, নগর এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়নকে ঘিরে পরিকল্পিত, পরিচালিত এবং বাস্তবায়িত হয়ে থাকে। এরূপ এলাকা/অবকাঠামো ভিত্তিক ভৌত অঙ্গসমূহের বিবরণ সম্বলিত এ সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা নিম্নের বক্স-এ প্রদান করা হয়েছে।



বক্স ঃ এলজিইডি'র প্রধান প্রধান কর্মকান্ড নিচের সারণীতে প্রদান করা হয়েছে।

গ্রামীণ অবকাঠামো	নগর অবকাঠামো	ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন
➢ সড়ক, ব্রিজ/কালভার্ট নির্মাণ/ পুনর্নির্মাণ/ পুনর্বাসন/রক্ষণাবেক্ষণ ➢ গ্রোথসেন্টার/হাটবাজার উন্নয়ন/ সংস্কার ➢ ঘাট/জেটি নির্মাণ ➢ ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণ ➢ উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ ➢ ঘূর্ণিঝড়/বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ ➢ বৃক্ষরোপণ	➢ সড়ক/ফুটপাত নির্মাণ/ পুনর্নির্মাণ ➢ নর্দমা নির্মাণ/পুনর্নির্মাণ ➢ বাস/ট্রাক টার্মিনাল নির্মাণ ➢ বাজার উন্নয়ন ➢ বর্জ্য ব্যবস্থাপনা ➢ কমিউনিটি ল্যাট্রিন/স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ ➢ ক্ষুদ্র-ঋণ কর্মসূচি	➢ স্লুইস গেট নির্মাণ ➢ রাবার ড্যাম নির্মাণ ➢ খাল খনন ও পুনঃখনন ➢ বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ/ পুনর্নির্মাণ ➢ পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি প্রতিষ্ঠা

৪। প্রশাসনিক কাঠামো ও জনবল

শ্রেণী	অনুমোদিত জনবল	কর্মরত	২০১৮-১৯ অর্থ বছরে পুরণকৃত পদসংখ্যা	সৃষ্ট পদ সংখ্যা	শূন্যপদ সংখ্যা	মন্তব্য
১ম শ্রেণী	১৬৭২	৯৭৪	১২০	১৫১	৬৯৮	
২য় শ্রেণী	২২৮৯	১৪৩৪		৫৭৩	৮৫৫	
৩য় শ্রেণী	৭৩৮৪	৫৪১৭		১০০৫	১৯৬৭	
৪র্থ শ্রেণী	২০৪৯	১৫১২		৪৭১	৫৩৭	
মোট=	১৩৩৯৪	৯৩৩৭	১২০	২২০০	৪০৫৭	

৫। রাজস্ব আয়ের বিবরণ

২০১৮-১৯ অর্থ বৎসরে জন্য এলজিইডি রাজস্ব আয়ের সংশোধিত লক্ষ্যমাত্রা ছিল ২৫৪.৬০ কোটি টাকা। অর্থবছর শেষে বিভিন্ন আয়ের উৎস যেমন-বিক্রয়, ল্যাব টেষ্ট ফি, যানবাহন/রোড রোলার ভাড়া ইত্যাদি থেকে মোট রাজস্ব প্রাপ্তি ৩০৭.০১ কোটি টাকা যা লক্ষ্যমাত্রার চেয়ে ১২১% বেশী।

২০১৮-১৯ অর্থবছরে রাজস্ব আয় সংক্রান্ত তথ্যাদি

(হাজার টাকায়)

	আয়ের উৎস	২০১৮-১৯ অর্থ বৎসর		শতকরা হার
		আয়ের আয়ের লক্ষ্যমাত্রা	প্রকৃত আয়	
১	২	৩	৪	৫
১	কোম্পানী সমূহের রেজিষ্টেশন ফি (ঠিকাদারী লাইসেন্স তালিকাভূক্তি)	৭৯,২০০.০০	২৬,৩২২.৯২	৩৩%
২	লাইসেন্স ফি (লাইসেন্স নবায়ন ফি)	২,০৫,০০০.০০	৫১,০৫৮.৮৩	২৫%
৩	জরিমানা দন্ড	১,৪৫,০০০.০০	৯৯,৬২৫.২২	৬৯%
৪	বাজেয়াপ্ত করণ	৮৫,৫০০.০০	৬২,৭০৮.৬৭	৭৩%
৫	পরীক্ষণ ফি (ল্যাবঃ টেষ্ট ফি)	৯,২৫,০০০.০০	১৩,২০,০০২.৮৮	১৪৩%
৬	পরীক্ষা ফি	৬,০১০.০০	০.০০	০%
৭	সরকারী যানবাহনের ব্যবহার	৪,২১০.০০	৬.৬০	০.১৬%
৮	যন্ত্র ও সরমঞ্জামাদির ভাড়া	৩,৫৫,৫০০.০০	৩,৩৭,৭২২.১০	৯৫%
৯	টেন্ডার ও অন্যান্য দলিল পত্র	১,২১,০০০.০০	১৩৩.৬৫	০.১১%
১০	অব্যবহৃত দ্রব্যাদি/দলিল পত্র বিক্রয়	২,২৫,০০০.০০	৬,১৬,২৩৮.০৮	২৭৪%
১১	অতিরিক্ত প্রদত্ত অর্থ আদায়	০.০০	৩,৩১৪.৩৫	
১২	অনাবাসিক ভবন সমূহের ভাড়া	২,৫২০.০০	২,০৯২.৩১	৮৩%
১৩	আবাসিক ভবন সমূহের ভাড়া	১৮,৫০০.০০	২১,৭৪৬.১৯	১১৮%

	আয়ের উৎস	২০১৮-১৯ অর্থ বৎসর		শতকরা হার
		আয়ের আয়ের লক্ষ্যমাত্রা	প্রকৃত আয়	
১	২	৩	৪	৫
১৪	বিবিধ রাজস্ব	৩,৭৩,৫৬০.০০	৫,২৯,১৬২.৬০	১৪২%
	মোট =	২৫,৪৬,০০০.০০	৩০,৭০,১৩৪.০০	১২১%

৬। ২০১৮-১৯ অর্থবছরের চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী ঃ

(লক্ষ টাকা)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
১.	৫৫০০-বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)/ জিওবি/১৭১০০০.০০/ ২০০৯-১০ হতে ডিসেম্বর/১৯)	ক। উপজেলা ও ইউনিয়ন সড়কসহ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডকে ত্বরান্বিত করা এবং গ্রোথসেন্টার ও গ্রামীণ বাজারের সহিত যোগাযোগ ব্যবস্থা সহজতর করা । খ। রাস্তা ও অবকাঠামো নির্মাণের সময় এবং পরবর্তীতে রক্ষনাবেক্ষণের সময় গ্রামীণ ভূমিহীন ও গবীর জনগণের সরাসরি কর্মস্থানের সৃষ্টি করা । গ। উপজেলা ও ইউনিয়ন সড়কে সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নতি করা ।	ক) উপজেলা সড়ক বিসি দ্বারা উন্নয়ন । খ) উপজেলা সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন গ) উপজেলা সড়কে ব্রীজ/কালভার্ট নির্মাণ। ঘ) ইউনিয়ন সড়ক বিসি দ্বারা উন্নয়ন । ঙ) ইউনিয়ন সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন। ছ) ইউনিয়ন সড়কে ব্রীজ/কালভাট নির্মাণ। জ) সড়ক নিরাপত্তা ব্যবস্থা ।	১২.৪৪%	২১২৬১.০০ (১২.৪৪%)	১০০%	২১২৬০.৯৫ (১০০%)
২.	**প্রকল্পের নামঃ** "ইউনিয়ন সংযোগ সড়ক ও অবকাঠামো উন্নয়নঃ বৃহত্তর চট্টগ্রাম (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা)" (২য় সংশোধিত) **অর্থায়নে উৎস** ঃ জিওবি **আর্থিক সংশ্লেষণঃ ৪০৮০০.০০ লক্ষ টাকা** **সমাপ্তিকালঃ** মার্চ/১০ হতে জুন/২০১৯ পর্যন্ত	ক) ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে চরম দারিদ্র পরিস্থিতির হ্রাস করা। এছাড়াও আয় এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির মাধ্যমে ভূমিহীন এবং ক্ষুদ্র প্রান্তিক চাষীদের জীবন-যাত্রার মান উন্নয়নে সহায়তা করা । খ) ইউনিয়ন সড়ক ও সংশিষ্ট অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পল্লী পরিবহন ব্যবস্থার উন্নয়ন ও হাট-বাজার/গ্রোথ-সেন্টারের ভৌত সুবিধাদি উন্নয়নের মাধ্যমে কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করাসহ কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদান করা । গ) প্রকল্পের আওতায় ভৌত নির্মাণ কাজের মাধ্যামে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	১) ইউনিয়ন সড়ক উন্নয়ন (বিসি) ২) ইউনিয়ন সড়ক উন্নয়ন (এইচবিবি) ৩)ইউনিয়ন সড়কে ব্রীজ/কালভার্ট নির্মাণ ৪) গ্রামীণ সড়ক উন্নয়ন (বিসি)। ৫) গ্রামীণ সড়ক উন্নয়ন (এইচবিবি)। ৬) গ্রামীণ সড়কে ব্রীজ/কালভার্ট নির্মাণ। ৭) গ্রোথ সেন্টার উন্নয়ন	৪%	১৩৭০.০০ (৩.৩৫%)	১০০%	১৩৩৮.৪১ (৯৭.৬৯%)
৩.	৮০৭০-উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প (২য়	১। সেতু নির্মাণের মাধ্যমে উপজেলা সদও হতে গ্রোথ সেন্টার, ইউনিয়ন পরিষদ,	ব্রীজ নির্মাণ	৬.৩৪%	১৪৫০০.০০ (৬.৩৪%)	১০০%	১৪৪৯৭.৪২(৯৯.৯৮%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
	সংশোধিত)/জিওবি/ ২২৮৭৬৫.১২/ জুন/২০২০	গ্রামীণ হাট-বাজার বা উন্নততর সড়ক ব্যবস্থার সাথে সংযোগ স্থাপনপূর্বক গ্রামীণ যোগযোগ ও কৃষি উৎপাদনে সহায়তা করা। ২। দীর্ঘ সেতু নির্মাণের মাধ্যমে হাট-বাজার, সামাজিক প্রতিষ্ঠানমূহ, ইউনিয়ন পরিষদকে মূল সড়ক ব্যবস্থার সাথে সংযোগ স্থাপনপূর্বক যাতায়াতের সময় কমিয়ে সহজে কৃষিজাত পণ্য ও অন্যান্য উৎপাদন সামগ্রী বাজারজাতকরণে সহায়তা করা। ৩। পল্লী অঞ্চলে সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহে যাতায়াত ব্যবস্থার উন্নতি সাধন এবং যাতায়াত অবকাঠামো নির্মাণের মাধ্যমে গ্রামীণ দরিদ্র জনসাধারণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।					
৪.	প্রকল্পের নাম: বৃহত্তর ফরিদপুর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত)/ অর্থায়নে উৎস: জিওবি/ আর্থিক সংশ্লেষণ: ১৪৯০০০.০০/ সমাপ্তিকাল: জুলাই/২০১০-জুন/২০১৯	ক)গ্রামীণ সড়ক সহ অবকাঠামো উন্নয়নের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ড ও সার্বিক যোগাযোগ ব্যবস্থা উন্নয়ন করা। খ)সরাসরি কর্মসংস্থানের সৃষ্ঠির মাধ্যমে অতি দরিদ্রপীড়িত প্রকল্প এলাকার জনগণের দারিদ্র হ্রাসে সহায়তা করা। গ)গ্রামীণ সড়কের উভয় পর্শ্বে বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য এবং সড়ক বাঁধ রক্ষা করা। ঘ)গ্রোথসেন্টার/ গ্রামীণ হাট বাজার উন্নয়নের মাধ্যমে স্থানীয় উৎপাদিত কৃষি/ খামার পণ্য বাজারজাত করণের সহয়তা করা। ঙ)বোট ল্যান্ডিং র‍্যাম্প নির্মাণের মাধ্যমে গোথসেন্টার/ গ্রামীণ হাট বাজার গুলোতে নৌপথে মালামাল পরিবহন এবং কৃষিজাত	ক)গ্রামীণ সড়ক কার্পেটিং দ্বারা উন্নয়ন। খ)গ্রামীণ সড়ক এইচবিবি দ্বারা উন্নয়ন। গ)গ্রামীণ সড়কে ব্রীজ/ কালভার্ট নির্মাণ। ঘ)গ্রোথ সেন্টার/ গ্রামীণ বাজার উন্নয়ন। ঙ)বোট ল্যান্ডিং র‍্যাম্প নির্মাণ। চ)বৃক্ষরোপণ। ছ)রোড সেফটি। জ)গ্রামীণ সড়ক কার্পেটিং দ্বারা মেরামত। ঝ)গ্রামীণ সড়ক এইচবিবি দ্বারা মেরামত। ঞ)গ্রামীণ সড়কে ব্রীজ/ কালভার্ট পূনর্বাসন।	১৪.৫০%	২১৬১০.০০ (১৪.৫১%)	৯৯.৮০%	২১২৯৫.৩৬ (৯৮.৫৪%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
		পণ্য পরিবহন সহজীকরণ। চ)গ্রামীণ সড়কে সড়ক নিরাপত্তা ব্যবস্থা উন্নতি করা।					
৫.	"পল্লী অবকাঠামো উন্নয়র প্রকল্পঃ বৃহত্তর ঢাকা, টাংগাইল, ও কিশোরগঞ্জ জেলা " শীর্ষক প্রকল্প।/ অর্থায়নে উৎস- জিওবি/৫৭৬৩৩.৬০ সমাপ্তিকাল- মার্চ/২০১১ হতে ডিসেম্বর/২০১৮	বৃহত্তর ঢাকা, টাংগাইল, ও কিশোরগঞ্জ জেলার প্রকল্পভূক্ত সকল শ্রেনীর সড়ক, সেতু কালভার্ট ও হাট বাজার/গ্রোথ সেন্টার নির্মানের মাধ্যমে স্থানীয় জনসাধারনের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ও কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য। যেমনঃ ১। উপজেলা সড়ক, ইউনিয়ন সড়ক ও গুরুত্বপূর্ণ গ্রামীন সড়ক উন্নয়নসহ উক্ত সড়ক সমুহের সেতু/কালভার্ট নির্মানের মাধ্যমে উন্নত যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা করা। ২। গ্রোথ সেন্টার এবং গ্রামীণ হাটবাজার উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক ও প্রকল্প এলাকার জনগনের জীবন যাত্রার মান উন্নয়ন করা এবং বানিজ্য কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে দারিদ্র জনগণ তাদের উৎপাদিত দ্রব্যের ন্যায্য মূল্য পাওয়াসহ দারিদ্র বিমোচন অবদান রাখা। ৩। ঘাট/জেটি নির্মানের মাধ্যমে নৌ-যোগাযোগে সুবিধা ও যাত্রী সেবা বৃদ্ধি করা।	১) উপজেলা সড়ক উন্নয়ন ২) উপজেলা সড়কে সেত/কালভার্ট নির্মাণ ৩) ইউনিয়ন সড়ক উন্নয়ন ৪) ইউনিয়ন সড়কে সেতু/কালভার্ট নির্মাণ ৫) গ্রামীন সড়ক উন্নয়ন ৬) গ্রামীণ সড়কে সেতু/কালভার্ট নির্মাণ ৭) গ্রোথ সেন্টার/ গ্রামীণ হাট বাজার উন্নয়ন ৮) ঘাট/জেটি নির্মাণ	৯.৬০%	৬০০০.০০ (৯.৬০%)	১০০%	৪৬০৪.৬১ (৯৯%)
৬.	বৃহত্তর যশোর জেলা অবকাঠামো (যশোর, ঝিনাইদহ, মাগুরা ও নড়াইল জেলা) শীর্ষক প্রকল্প/জিওবি/জুন/২০১৯	ক) গ্রামীন সড়ক যোগযোগ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে ভুমিহীন তথা প্রান্তিক কৃষকদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন। খ) গ্রোথ সেন্টার ও অন্যান্য গ্রামীন হাট বাজার উন্নয়ন পূর্বক অর্থনৈতিক কর্মকান্ড প্রসারের মাধ্যমে পল্লী জনসাধারণের দারিদ্র	ক) উপজেলা সড়ক খ) ইউনিয়ন সড়ক গ) গ্রাম সড়ক ঘ) এইচবিবি সড়ক ঙ) বৃহৎ ব্রীজ চ) ব্রীজ/কালভার্ট	৭.৩০%	৩৮০০.০০ (৭.২৯)	৯৮.২০%	৩৭৩১.৩৮ (৯৮.১৯%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
		হ্রাস করণ, কর্মসংস্থান ও জীবন মান উন্নয়ন। গ) সড়কের পার্শ্বে বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের উন্নয়ন করা।	ছ) গ্রোথ সেন্টার/ হাটবাজার উন্নয়ন জ) বৃক্ষরোপন।				
৭.	৫০১৮-উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প। (২য় সংশোধিত)(১৪৩০০০/ এপ্রিল/১১ হতে ২০১৯-২০)	১। উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসনিক ভবন নির্মাণ। ২। জনগণের সেবার মান নিশ্চিত করা।	ভূমি উন্নয়ন, সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ, আবাসিক ভবন নির্মাণ ইত্যাদি।	১১%	১৪৫০০.০০ (১০.১৪%)	১০০%	১৪৪৪৯.৭৫(৯৯.৬৫%)
৮.	পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন ভাঙ্গুড়া-নওগাঁ জিসিএম সড়ক উন্নয়ন প্রকল্প। (প্রকল্প কোডঃ ৫০৯১) জিওবি প্রকল্প ব্যয়ঃ ১২৫৫০.০০ লক্ষ টাকা প্রকল্প সমাপ্তির তারিখ: ৩০ জুন, ২০২০	(১) পাবনা জেলার ভাঙ্গুড়া উপজেলাধীন বর্নিত উপজেলা সড়ক এবং সড়কে ব্রীজ/কালভার্ট নির্মিত হলে উক্ত এলাকার সড়ক যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হবে । গ্রোথসেন্টারসহ Higher Ranking সড়ক সমূহের সহিত যোগাযোগ স্থাপনের মাধ্যমে যোগাযোগ ব্যয় হ্রাস, বিপনণ ব্যবস্থার উন্নয়ন এবং কৃষি পন্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তা প্রদানের মাধ্যমে সার্বিকভাবে এলাকার জনগনের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন সাধিত হবে। (২) গ্রামীণ জনগোষ্ঠির জন্য কৃষি ও অকৃষি সেক্টরে স্বল্প ও দীর্ঘমেয়াদী কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র হ্রাসকরণে সহায়তা করা; (৩) সড়কের উভয় পার্শ্বে বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশের উন্নয়ন সাধন।	১. উপজেলা সড়ক উন্নয়ন (মাটির কাজ) ঃ ৭৮০৮৬২ ঘন মিঃ ২. ব্রীজ/কালভার্ট নির্মাণ ঃ ১১৬৬ মিঃ ৩. স্লোপ প্রোটেকশান ঃ ২১৫৯২৫ বর্গ মিঃ	২০.০২%	১৫০০.০০ (১১.৯৫%)	১০০%	১৪৯৯.৯১ (৯৯.৯৯%)
৯.	ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্পে (২য় পর্যায়) ।/ অর্থায়নের উৎসঃ জিওবি / মোট টাকা ৯০৫৬০.০০/ সমাপ্তি কালঃ জুন /২০২০	১। ইউনিয়ন পর্যায়ে স্থানীয় সরকার ব্যবস্থা কার্যকরীর লক্ষ্যে ইউনিযন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ। ২। ইউনিযন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানের মাধ্যমে সরকারের বিভিন্ন বিভাগের সেবা সমূহ তৃণমূল পর্যায়ে জনগনকে একই স্থান হতে (One stop service) সেবা প্রদান	ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ।	১১%	৮০০০.০০ (৯%)	১০০%	৭৯৯৬.৬৫ (৯৯.৯৬%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
		করা।					
১০.	৫০৪৫-বৃহত্তর কুষ্টিয়া জেলা অবকাঠামো উন্নয়ন প্রকল্প (কুষ্টিয়া, চুয়াডাংগা ও মেহেরপুর জেলা) (১ম সংশোধিত)/জিওবি/ ৪২৬৫৫/ জুন ২০১৯	১.উপজেলা/ইউনিয়ন/গ্রাম সড়ক সমূহ (ব্রীজ/কালভার্ট ও গ্রোথ সেন্টার/গ্রামীণ মার্কেট উন্নয়ন সহ) উন্নয়নের মাধ্যমে প্রান্তিক চাষীদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন; ২.বিভিন্ন ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি; ৩.উপজেলা/ইউনিয়ন/গ্রাম সড়কের পার্শ্বে বৃক্ষরোপণের মাধ্যমে এলাকার পরিবেশের উন্নতি সাধন করা।	১.সড়ক উন্নয়ন ২.ব্রীজ/কালভার্ট নির্মাণ ৩.গ্রোথ সেন্টার/হাট বাজার উন্নয়ন ৪.বৃক্ষরোপণ ও পরিচর্যা	২৩%	৯৭৫৮.০০ (২২.৮৭%)	১০০%	৯৪৮৭.৬৮ (৯৭.২৩%)
১৪৭.	টেকনিক্যাল এসিসট্যান্ট প্রজেক্ট প্রোপোজাল ফর প্রজেক্ট ডিজাইন এডভ্যান্স (পিডিএ) ফর সিটি রিজিয়ন ইনভেষ্টমেন্ট প্রোগ্রাম। (৫২৫০.০০/অক্টোবর/২০১৬ হতে সেপ্টেম্বর/২০২০)	প্রজেক্ট ডিজাইন এডভান্স-এর সার্বিক উদ্দেশ্য হচ্ছে সিটি রিজিয়ন ইকনোমিক ডেভেলপমেন্ট ইনভেষ্টমেন্ট প্রোগ্রাম (সিআরডিপি - ২) এ পরামর্শক এবং বাস্তবায়ন সহায়তা প্রদান করা যাতে করে বিনিয়োগ কার্যক্রমটির সময়ানুগ ও গুণগত মানসম্পন্ন বাস্তবায়ন সম্ভব হয়।		২০%	১০১৭.০০ (১৯%)	১০০%	১০১৭.০০ (১০০%)
	সেক্টর ঃ কৃষি (সাব-সেক্টর ঃ সেচ)						
১৪৮.	অংশগ্রহণমূলক ক্ষুদ্রাকার পানি সম্পদ সেক্টর প্রকল্প (৩য় পর্যায়) (১ম সংশোধিত)। (৮২০৬০.৭৩/জানুয়ারী/১০ হতে ডিসেম্বর/১৮)	প্রকল্পের মুল উদ্দেশ্য হচ্ছে টেকসই কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সরকারের দারিদ্র্য বিমোচন কর্মসূচিকে ত্বরান্বিত করা। অন্যান্য উদ্দেশ্যে হলো প্রকল্প এলাকার জনগণের অংশগ্রহণের মাধ্যমে টেকসই পানি সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন করা; পানি ব্যবস্থাপনা অবকাঠামো তৈরি করে টেকসই পানি ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তন করা; সুবিধাভোগী জনগণের অংশগ্রহণের মাধ্যমে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ পদ্ধতি শক্তিশালী করা; প্রকল্প এলাকার দরিদ্র ও ভূমিহীন জনগোষ্ঠীর কাছে প্রাকৃতিক সম্পদ ব্যবহার সহজলভ্য করা এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	1) Institutional Strengthening 2) Participatory Subproject Development 3) Small-Scale Water Resources Infrastructure and Project Implementation Support	২.০৭%	১৭০০.০০ (২.০৭%)	১০০%	১৫৩৫.৫১ (৯০.৩২%)
১৪৯.	টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প। (৪৯৮৯০.৬৪/জানুয়ারী/২০১৭ হতে ডিসেম্বর/২০২১)	● ১০০০ হে: এর কম এলাকায় ৫০ টি নতুন উপ-প্রকল্প এবং ২৫০ টি পুরাতন উপ-প্রকল্প (মোট ৩০০টি) উপ-প্রকল্পের উন্নয়ন, সম্প্রসারন ও পুনর্বাসন করে ৭২৫০০ হেক্টর চাষযোগ্য ভূমিতে প্রায় ৮৩৩২০ মে:টন দানাদার ও অদানাদার শস্য উৎপাদন ও প্রায় ১৫০ মে:টন মাছ উৎপাদন করন। ● টেকসই পানি ব্যবস্থাপনা পদ্ধতি প্রতিষ্ঠার মাধ্যমে পানি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট	উপ-প্রকল্প বাস্তবায়ন।	১২.২৩%	৬১০০.০০ (১২.২৩%)	৯৫.৮০%	৫৬৮৩.৫৫ (৯৩.১৭%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
		প্রতিষ্ঠান (পানি ব্যবস্থাপনা সমবয় সমিতি) সমূহের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান; ● উপ-প্রকল্প বাস্তবায়নে উপকারভোগীদের অংশগ্রহণকে প্রাতিষ্ঠানিকরণ এবং উপ-প্রকল্প পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনাকে শক্তিশালীকরণ; ● ভূমিহীন দরিদ্র জনগোষ্ঠীর প্রাকৃতিক সম্পদ ব্যবহারের অধিকার প্রতিষ্ঠা ও প্রায় ৫৮০৫৬ জনদিবস কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্রতা বিমোচন ত্বরান্বিতকরণ।					
১৫০.	সারাদেশে পুকুর, খাল উন্নয়ন প্রকল্প। (১৩৩৪৯৪.৮৮/ জুলাই/১৭ হতে জুন/২৩)	● পুকুর/দিঘি (প্রতিষ্ঠানিক) এবং খালসমূহের ব্যবহারিক প্রায়োগিক পর্যায়ে উন্নয়ন এবং সেগুলো আয়বর্ধক ও প্রযোজ্য বানিজ্যিক কার্যক্রমে ব্যবহার করে পল্লী বেকার সম্প্রাদায়ের জন্য ব্যাপক কর্মসংস্থানের মাধ্যমে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করা। ● পুকুর/দিঘি (প্রতিষ্ঠানিক) এবং খালসমূহের উন্নয়নের মাধ্যমে সল্পমেয়াদী কর্মসংস্থানের সৃষ্টি করা। ● পুকুর/দিঘি (প্রতিষ্ঠানিক) এবং খালসমূহের উন্নয়নের মাধ্যমে দির্ঘ্যমেয়াদী আয়বর্ধক/বানিজ্যিক কার্যক্রম সৃষ্টি করা। ● পুকুর/দিঘি (প্রতিষ্ঠানিক) এবং খালসমূহের উন্নয়নের মাধ্যমে ভূপরিস্থ পানির ধারন ক্ষমতা বৃদ্ধি ও ড্রেনেজ সুবিধা সহজীকরণ এবং বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশের উপর বিরুপ প্রভাব	খাল পুন:খনন, পুকুর/দিঘি পুন:খনন, ঘাট নির্মাণ, বৃক্ষরোপণ।	১.৪২%	১৯০০.০০ (১.৪২%)	১০০%	১৮৯৯.৪৯ (৯৯.৯৭%)

ক্রঃ নং	প্রকল্পের নাম/ অর্থায়নে উৎস/ আর্থিক সংশ্লেষণ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	অংগের নাম	চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা (পরিমান ও পিপির %)		চলতি অর্থবছরের অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭	৮
		রোধ করা।					
১৫১.	ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)। (১২৮৫৯৬.৩১/ ০১/১০/২০১৭ হতে ৩১/১২/২০২৩)	• পানি সম্পদ ব্যবস্থাপনা বিষয়ক অবকাঠামো নির্মাণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি। • উপ-প্রকল্পের টেকসই পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি (পাবসস) প্রতিষ্ঠা ও শক্তিশালীকরণ। • কৃষি উপকরণ, প্রশিক্ষণ ও বিপণন সুবিধাদি প্রদানের মাধ্যমে প্রান্তিক কৃষকের আয়বৃদ্ধি।	উপ-প্রকল্প।	৫.৬৮%	৭৩০০.০০ (৫.৬৮%)	৯৮.৪৫%	৭১৩২.১৯ (৯৭.৭০%)
	সেক্টর ঃ জন প্রশাসন)						
১৫২.	ন্যাশনাল রেজিলেন্স প্রোগ্রাম (এলজিইডি পার্ট) কারিগরি সহায়তা শীর্ষক প্রকল্প। (২৬৩৪.৮৫/জানুয়ারী/২০১৮ হতে মার্চ/২০২১)	এলজিইডি ও স্থানীয় সরকার সমূহের দূর্যোগ সহনশীলতা ও এবহফবৎ জবংঢ়ড়হংরাব অবকাঠামো সংক্রান্ত বিষয়ে দক্ষতা বৃদ্ধি ও দীর্ঘমেয়াদে রেজিলেন্স কার্যক্রমের অংশ হিসাবে দুর্যোগ সহনশীলতা ও অবকাঠামো সংক্রান্ত ভিত্তি প্রস্তুত করণ।		১৩.৬৮%	৬১২.০০ (২৩.২৩%)	১০০%	৬০৭.৪৮ (৯৯.২৬%)
	মোট ঃ						

৭। গ্রামীণ অবকাঠামো উন্নয়ন

২০১৮-১৯ অর্থবছরের পল্লী উন্নয়ন ও প্রতিষ্ঠান, কৃষি সেক্টরে বাস্তবায়িত পল্লী অবকাঠামোর প্রধান প্রধান অংগের বিবরণ নিচের সারণীতে প্রদান করা হয়েছে।

ক্রঃ নং	প্রধান প্রধান অংগের নাম	একক	অগ্রগতি	
			ভৌত	আর্থিক (কোটি টাকা)
১	২	৩	৪	৫
১	উপজেলা সড়ক নির্মাণ	কিঃমিঃ	৫১০.০০	৮১৪.১৪
২	ইউনিয়ন সড়ক নির্মাণ	কিঃমিঃ	১২৪০.০০	১২৮৯.৯৪
৩	গ্রাম সড়ক নির্মাণ	কিঃমিঃ	৩৬৫০.০০	৩২৭৫.২৩
৪	উপজেলা সড়কে ব্রিজ/কালভার্ট নির্মাণ	মিঃ	১২০০০.০০	৫৯৫.৪৯
৫	ইউনিয়ন ও গ্রাম সড়কে ব্রিজ/কালভার্ট নির্মাণ	মিঃ	১৮০০০.০০	৬৫৬.৭১
৬	গ্রোথ সেন্টার ও হাট-বাজার	সংখ্যা	১৮৫	৭০.৩৬
৭	বৃক্ষরোপণ	কিঃমিঃ	১৮২	০.৭৫
৮	মাটির রাস্তা রক্ষণাবেক্ষণ	কিঃমিঃ	৮০	৪.৪৫
৯	পাকা রাস্তা রক্ষণাবেক্ষণ	কিঃমিঃ	১২৫০০	৩২১৯.৫৯
১০	ব্রীজ/কালভার্ট মেরামত	মিঃ	৩৬০০	১৩০.০০
১১	ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণ	সংখ্যা	১১০	৬৫.০৮
১২	উপজেলা পরিষদ কমপ্লেক্স নির্মাণ/সম্প্রসারণ	সংখ্যা	৫৮	১৩৯.০৮
১৩	ঘাট নির্মাণ	সংখ্যা	৫১	১৪.৩৪
১৪	কালেকশন সেন্টার	সংখ্যা	৭	৩.৫০
১৫	সাইক্লোণ সেল্টার নির্মাণ	সংখ্যা	৬৬	৪৫৯.৯৭
১৬	Womens Corner	সংখ্যা	১	০.১৫
১৭	ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন	হেক্টর	২৪০০	৪৮.১৯

৮। সড়ক উন্নয়ন

এলাকার জনগণ ও জনপ্রতিনিধিদের ব্যাপক চাহিদার প্রেক্ষিতে সড়ক উন্নয়নের মাধ্যমে দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে এলজিইডি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

নাটোর জেলার সিংড়া উপজেলার জামতলী হতে বামীহাল সড়ক।



নাটোর জেলার সিংড়া উপজেলার জামতলী হতে রানীর হাট সড়ক।

২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে দেশব্যাপী ৮১৪.১৪ কোটি টাকা ব্যয়ে ৫১০ কিলোমিটার উপজেলা সড়ক, ১,২৮৯.৯৪ কোটি টাকা ব্যয়ে ১,২৪০ কিলোমিটার ইউনিয়ন সড়ক ও ৩,২৭৫.২৩ কোটি টাকা ব্যয়ে ৩,৬৫০ কিলোমিটার গ্রাম সড়ক উন্নয়ন এবং ৩,২১৯.৫৯ কোটি টাকা ব্যয়ে ১২,৫০০ কিঃমিঃ পাকা সড়ক রক্ষণাবেক্ষণ/পুনর্বাসন করা হয়েছে। এর ফলে গ্রামীণ এলাকার যোগাযোগ ব্যবস্থা সহজতর, কৃষি উৎপাদন বৃদ্ধি, হাট-বাজারসমূহের পণ্য বাজারজাতকরণে পরিবহন সুবিধা বৃদ্ধিসহ এলাকার মানুষের

জীবনযাত্রার মান উন্নয়ন ঘটেছে। সর্বোপরি এলাকার আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র বিমোচন হচ্ছে এবং গ্রামীণ এলাকায় নাগরিক সুবিধাদি পৌঁছে দেয়া সহজতর হয়েছে।

৯। ব্রিজ/কালভার্ট নির্মাণ

নিরবিচ্ছিন্ন সড়ক যোগাযোগের মাধ্যমে দেশের দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র বিমোচনের অংশ হিসাবে ব্রিজ/কালভার্ট নির্মাণের কোন বিকল্প নেই। এ উদ্দেশ্য সাধনে ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সারা দেশে ১,২৫২.১৯ কোটি টাকা ব্যয়ে ৩০,০০০ মিটার ব্রিজ/কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণ করা হয়েছে। এর মাধ্যমে নদী/খালসমূহের উভয় পাশের জনগণের যোগাযোগসহ সামাজিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক ব্যবস্থার উন্নতি ঘটেছে।

লালমনিরহাটে তিস্তা নদীর ওপর নির্মিত ৮৫০ মিটার দীর্ঘ 'গঙ্গাচড়া শেখ হাসিনা সেতু'

ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদীর ওপর নির্মিত ণ আকৃতির ৭৭১ মিটার দীর্ঘ 'শেখ হাসিনা তিতাস সেতু'

পাশাপাশি ব্রিজ/কালভার্ট নির্মিত হওয়ায় মাছ ও অন্যান্য জলজ প্রাণী চলাচল অব্যাহত থাকায় এবং জলাবদ্ধতা নিরসন হওয়ায় সার্বিক উন্নয়নে পরিবেশগত বিরূপ প্রভাব পরিহারে অবদান রাখা সম্ভবপর হয়েছে এবং এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন দারিদ্র বিমোচনে সহায়ক হচ্ছে।

১০। গ্রাম সেন্টার/হাট-বাজার উন্নয়ন

গ্রামীণ অর্থনৈতিক ও বাণিজ্যিক উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসাবে গ্রোথ-সেন্টার/হাট-বাজার বিবেচিত। গ্রামীণ অর্থনীতিকে আরও উজ্জিবীত করার পাশাপাশি বেকার যুবকদের ক্ষুদ্র ও মাঝারী ব্যবসায় সম্পৃক্ত করার মাধ্যমে বেকার সমস্যা সমাধানের লক্ষ্যে অবকাঠামো ও প্রয়োজনীয় সুবিধাদিসহ গ্রোথ-সেন্টারের উন্নয়ন অপরিহার্য বিবেচনায় এলজিইডি কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে প্রায় ৭০.৩৬ কোটি টাকা ব্যয়ে ১৮৫টি গ্রোথ-সেন্টার/হাট-বাজার উন্নয়ন করা হয়েছে। এর ফলে কৃষি উৎপাদন বৃদ্ধি ও উৎপাদিত পণ্যের বাজারজাতকরণে সুবিধা প্রদান, এলাকার দুঃস্থ মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টিসহ এ সকল কর্মকান্ডে দরিদ্র ও বেকার লোকদের সম্পৃক্তকরণের সুযোগ বৃদ্ধি তথা পল্লী এলাকার বাণিজ্য তথা অর্থনীতির অধিক প্রসার দারিদ্র বিমোচনে সহায়ক হচ্ছে।

১১। ইউপি ভবন নির্মাণ

ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করণ ও তৃণমুল পর্যায়ে জন সাধারণকে One stop সার্ভিস প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক দেশের ৪৫৭১টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ এর কার্যকরী উদ্যোগ গ্রহণ করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ১৯৯৮ সালে এর টাইপ ডিজাইন অনুমোদন করে কার্যক্রম শুরু করেন। ইহাতে একই ছাদের নীচে বা একই ভবনে ইউনিয়ন পর্যায়ের নির্বাচিত চেয়ারম্যান, মেম্বার এবং সরকারী সংস্থাসমূহের সেবা প্রদান করতে সামর্থ হবে। ইউনিয়ন পরিষদ স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর, যা স্থানীয় পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। জনগনকে সেবা প্রদানের ক্ষেত্রে এই প্রতিষ্ঠানটির কার্যক্ষমতা বৃদ্ধি ও এর অবকাঠামোগত উন্নয়ন সুবিধাদি নিশ্চিত করা অপরিহার্য ছিল। এ লক্ষ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে আইসিটি রুম ও অপেক্ষাকক্ষসহ ইউনিয়ন পর্যায়ে কার্যক্রম পরিচালনার সকল সুবিধা ডিজাইনে সন্নিবেশিত। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এতদ্সম্পর্কিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প ১ম ও ২য় পর্যায় গ্রহণের মাধ্যমে এই চাহিদা পুরনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। বর্তমানে দেশের সর্বমোট ইউনিয়ন পরিষদের সংখ্যা ৪৫৭১টি, তন্মধ্যে এলজিইডি'র ইউসিসিপি প্রকল্পের আওতায় ১ম পর্যায়ে ১৪৬৮টি, ২য় পর্যায়ে ৮৪২টি এবং জেলা পরিষদসহ এলজিইডি'র অন্যান্য প্রকল্প হতে ৯৫৫টি সহ সর্বমোট ৩২৬৫টি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ইউপি সমূহ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। ৯০৫.৬০ কোটি টাকা ব্যয়ে ২য় পর্যায়ে প্রকল্পটির মেয়াদকাল ২০১১-১২ হতে ২০১৯-২০ অর্থবছর পর্যন্ত। বাস্তবায়িত ইউনিয়ন পরিষদে জন প্রতিনিধি, সেবা প্রদানকারী বিভাগ বা সংস্থার কর্মকর্তা কর্মচারীগণের এবং এলাকার জনগণের মধ্যে সরাসরি যোগাযোগ স্থাপনের মাধ্যমে স্ব-স্ব দায়িত্ব পালন সহজতর এবং স্বচ্ছতা, জবাবদিহিতা ও তৃনমুল পর্যায়ের অংশ গ্রহণ নিশ্চিত হচ্ছে।

১২। নগর অবকাঠামো উন্নয়ন

পরিকল্পনা কমিশনের ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন সেক্টরের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত প্রধান প্রধান অংগের তথ্যাবলী নিচের সারণীতে প্রদান করা হয়েছে।

ক্রঃ নং	প্রধান প্রধান অংগের নাম	একক	অগ্রগতি	
			ভৌত	আর্থিক (কোটি টাকা)
১	২	৩	৪	৫
১	রাস্তা/ফুটপাত নির্মাণ	কিঃমিঃ	৮৭৩	৯৭৮.২৩
২	ড্রেন নির্মাণ	কিঃমিঃ	৩০০	৬৯২.৭৮
৩	ব্রিজ/কালভার্ট নির্মাণ	মিঃ	১৪৯৯	৮৪.৫২
৪	ল্যাট্রিন	সংখ্যা	১০১৪	১৭.৫০
৫	বাস/ট্রাক টার্মিনাল	সংখ্যা	৭	১৬.৭০
৬	রাস্তা রক্ষণাবেক্ষণ	কিঃমিঃ	১৪০	৮৯.৭৫
৭	মাল্টিপারপাস বিল্ডিং	সংখ্যা	৯	৩৮.৯২
৮	সাইক্লোন সেল্টার	সংখ্যা	৮	৫২.৮১
৯	ষ্ট্রিট লাইট	সংখ্যা	১২৩৫	৭.৬২
১০	পরিচ্ছন্ন কর্মীদের জন্য ভবন নির্মাণ	সংখ্যা	১৩(১৪%)	৩৪.২৭

১৩। গণসচেতনতা কার্যক্রম

এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের মাধ্যমে গ্রাম, ইউনিয়ন ও উপজেলা সড়ক নির্মাণ/পুনর্নির্মাণ/রক্ষণাবেক্ষণ, ব্রিজ/কালভার্ট নির্মাণ/পুনর্নির্মাণ/রক্ষণাবেক্ষণ এবং বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এর ফলে ২০১৮-১৯ অর্থবছরে দরিদ্র জনগণের জন্য প্রায় ৮.২০ কোটি জনদিবস কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এসব গৃহীত কর্মকান্ডে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে কৃষিজ পণ্যের উপকরণ প্রাপ্তি সহজতর হবে, ফলে উৎপাদন বৃদ্ধি পাবে ও উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ সহজ হবে। গ্রামীণ অবকাঠামো উন্নয়নের ফলে ব্যবসায়ী বাণিজ্যে বিনিয়োগে আগ্রহী হবে।

এলজিইডি'র মাধ্যমে ২০১৮-১৯ অর্থবছরে ৮টি কর্মসূচি/প্রকল্পের মাধ্যমে ১৩,৪৫৬.১৯ লক্ষ টাকা ব্যয়ে ১,৫৯,৬৪৩ জন উপকৃত হবে।

নগর সুশাসন ও দক্ষতাবৃদ্ধি, নাগরিক সচেতনতা ও অংশগ্রহণবৃদ্ধি, সিটিজেন চাটংার, নগর উন্নয়ন পরিকল্পনা, নারীর অংশগ্রহণ বৃদ্ধি, জেন্ডার এ্যাকশন প্ল্যান, দরিদ্র নগরবাসীর অংশগ্রহণ বৃদ্ধি, দরিদ্র হ্রাসকরণ কার্যক্রম, বস্তি উন্নয়ন কমিটি, টিএলসিসি, ডবি-উএলসিসি, সিবিও গঠনে এলজিইডি উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। হোল্ডিং ট্যাক্স আদায়ের ক্ষেত্রে প্রকল্পভূক্ত পৌরসভাসমূহ অভূতপূর্ব অগ্রগতি সাধন করেছে।

১৪। রক্ষণাবেক্ষণ কার্যক্রম

এলজিইডি সাধারণতঃ নিয়মিত ও নির্দিষ্ট সময়ান্তর এই দুই প্রকৃতির রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করে থাকে। তবে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ অবকাঠামোসমূহের মেরামত ও পুনর্বাসন কার্যক্রম প্রয়োজন অনুযায়ী জরুরী ভিত্তিতেও গ্রহণ করা হয়।

রাজশাহী জেলার বাঘমারা উপজেলার ২২০০-৫৬৭০মি: চেইনেজে মকমল-মোহনগঞ্জ সড়ক এর নিয়মিত রক্ষণাবেক্ষণ

রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য রাজস্ব বাজেটের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে অংগভিত্তিক বাস্তবায়িত রক্ষণাবেক্ষণ কর্মসূচির বিবরণ নিচের সারণীতে প্রদান করা হয়েছে।

ক্রঃ নং	প্রধান প্রধান অংগের নাম	একক	অগ্রগতি	
			ভৌত	আর্থিক (কোটি টাকা)
১	২	৩	৬	৭
১	রাজস্ব (সময়ান্তর সড়ক রক্ষণাবেক্ষণ)	কিঃমিঃ	৭৭২৪	১৬৬৭.৮৮
২	রাজস্ব (ব্রীজ/কালভার্ট নির্মাণ)	মিঃ	১২৪৪	৫২.১২
৩	নিয়মিত সড়ক রক্ষণাবেক্ষণ	কিঃমিঃ	১১২০০	৮০.০০

১৫। মাননিয়ন্ত্রণ

অবকাঠামো নির্মাণ/রক্ষণাবেক্ষণ কাজের মান নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন পর্যায়ে এলজিইডি'র নিজস্ব মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী রয়েছে। এ সকল ল্যাবরেটরীতে নির্মাণ সামগ্রী ও সম্পাদিত কাজের মান নিয়মিত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত করা হয়। এলজিইডি'র নিজস্ব উন্নয়ন কর্মকান্ডের গুণগত মান পরীক্ষা-নিরীক্ষা ছাড়াও অন্যান্য সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের নির্মাণ কাজের মান নিয়ন্ত্রণের জন্য পরীক্ষা-নিরীক্ষা তাঁদের চাহিদা অনুযায়ী করা হয়ে থাকে।

মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীর বিবরণ

বিভিন্ন পর্যায়ে স্থাপিত নির্মাণ/রক্ষণাবেক্ষণ কাজের মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীসমূহ হলো ঃ
১। কেন্দ্রীয় মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী - ১টি
২। আঞ্চলিক কাম জেলা মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী - ২০টি
৩। জেলা মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরী - ৬৪টি

মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীতে বিদ্যমান পরীক্ষা সুবিধাদি

এলজিইডি'র জেলা/আঞ্চলিক ল্যাবরেটরীসমূহে সিমেন্ট, এগ্রিগেট, ইট, কংক্রিট, রড, বিটুমিন এবং মাটির বিভিন্ন পরীক্ষাসহ সাব-সয়েল ইনভেষ্টিগেশনের সুবিধা আছে। এ সকল মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরীসমূহে এলজিইডি'র উন্নয়ন কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী, রাস্তার বিভিন্ন স্তরসহ অবকাঠামোর বিভিন্ন অংগের/কাজের গুনগত মান নিয়মিত পরীক্ষা করা হয়। তাছাড়াও বিভিন্ন সংস্থা ও ব্যক্তি নির্ধারিত ফিস প্রদান সাপেক্ষে এসকল পরীক্ষা সুবিধাদি নিতে পারেন।

১৬। দারিদ্র বিমোচন কার্যক্রম

২০১৮-১৯ অর্থবছরে ১১৩৩.৭৯ লক্ষ জনদিবস কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। অধিকন্তু, উল্লেখযোগ্য সংখ্যক ক্ষুদ্র উদ্যোক্তা, ক্ষুদ্র ব্যবসায়ী, মহিলা ব্যবসায়ী, যান্ত্রিক ও অযান্ত্রিক পরিবহন শ্রমিক এবং অন্যান্যদের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আয়ের সুষ্টি সুযোগ দারিদ্র বিমোচনে বিশেষ অবদান রেখেছে। ২০১৮-১৯ অর্থবছরে কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা ও অর্জিত অগ্রগতির তুলনামূলক চিত্র নিচের সারণীতে প্রদান করা হয়েছে।

ক্রমিক নং	খাতের নাম	২০১৮-১৯ অর্থবছর	
		লক্ষ্যমাত্রা (লক্ষ জনদিবস)	অর্জিত অগ্রগতি (লক্ষ জনদিবস)
১।	উন্নয়ন খাত		
	ক) পল্লী অবকাঠামো	৭০৩.২৬	৬৪৭.৪৫
	খ) নগর অবকাঠামো	১৭২.৫৫	১৭২.৫৫
	গ) অন্যান্য মন্ত্রণালয়	১৯৭.৬৮	১৯১.২৫
২।	রাজস্ব খাত	১২২.৫৩	১২২.৫৩
	মোট	**১১৯৬.০১**	**১১৩৩.৭৯ (৯৪.৮০%)**

১৭। জেন্ডার ও উন্নয়ন (GAD)

অবকাঠামোগত ও অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে মানব সম্পদ উন্নয়নকে যুক্ত করলে তা হবে একটি দেশের সামগ্রিক উন্নয়ন। বাংলাদেশে মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী। দেশের এই অর্ধেক জনগোষ্ঠীকে উন্নয়ন কার্যক্রমের মূলস্রোতে অন্তর্ভূক্ত করা না হলে এর কাঙ্খিত সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। তাই উন্নয়ন কর্মকান্ডে নারীর অংশগ্রহণ অপরিহার্য। এই অংশগ্রহণ সুবিধাভোগী হিসেবে নয়, হতে হবে অংশীদারিত্বমূলক। নারীর সার্বিক অধিকার প্রতিষ্ঠায়, জেন্ডার সমতায়নে এবং তাঁদেরকে ক্ষমতায়ন করার লক্ষ্যে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অবকাঠামোগত ও অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে নারীর অংশগ্রহণ অংশীদারিত্বমূলক করতে পারলে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে এগিয়ে নেয়ার ক্ষেত্রে অর্জিত সামগ্রিক উন্নয়ন হবে সুসংহত।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের যাবতীয় কর্মকান্ড মূলতঃ এর তিনটি প্রধান সেক্টর যথা: পল্লী অবকাঠামো উন্নয়ন, ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন এবং নগর অবকাঠামো উন্নয়নের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। এসব উন্নয়ন কর্মকান্ডের মধ্যে একটি বিশেষ লক্ষ্য নারী-পুরুষের বৈষম্য দূরীকরণ। এই লক্ষ্য অর্জনে ২০০২ সালে পাঁচ বছর মেয়াদি প্রথম জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় এবং দ্বিতীয় মেয়াদে ২০০৮-২০১৫ সালের জন্য উন্নীত করে তা বাস্তবায়নে লব্ধ অভিজ্ঞতার আলোকে দ্বিতীয় মেয়াদের মাঝামাঝি সময়ে ২০১১ সালে সামগ্রিক বিষয়টি পর্যালোচনা এবং একই বছরে সরকারের প্রণীত ২০১১ সালের "জাতীয় নারী উন্নয়ন নীতি" প্রকাশিত হওয়ার প্রেক্ষিতে ইতিপূর্বে প্রণীত এলজিইডি'র জেন্ডার সমতা বিষয়ক তিনটি পৃথক পৃথক কৌশল পর্যালোচনা করে এলজিইডি'র একটি অভিন্ন জেন্ডার সমতা বিষয়ক কৌশল প্রণয়ন করা হয়। উক্ত কৌশলের ধারাবাহিকতায় সেক্টর ভিত্তিক আলাদা আলাদা কর্মপরিকল্পনাও প্রণয়ন করা হয়। বর্তমানে 'জেন্ডার

ও উন্নয়ন ফোরাম' উক্ত মেয়াদের কর্মপরিকল্পনা পর্যালোচনা করে তৃতীয় মেয়াদে ২০১৬-২০২১ এর জন্য এলজিইডি'র সার্বিক সেক্টরসহ মোট চারটি আলাদা আলাদা জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করে।

'জেন্ডার ও উন্নয়ন ফোরাম' ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত সভায় মিলিত হয়। এ সভায় গ্রামীণ, নগর ও ক্ষুদ্রাকার পানি সম্পদ অবকাঠামো উন্নয়নে এলজিইডি'র প্রকল্পগুলোর মধ্যে বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে পুরুষের পাশাপাশি নারীর কাজের সুযোগ সৃষ্টি, কর্মপরিবেশ, প্রশিক্ষণ, অংশগ্রহণ, কর্মসংস্থান, নারীর ক্ষমতায়ন ইত্যাদি জেন্ডার সমতা বিষয়ক ইস্যুগুলো আলোচনা করা হয়ে থাকে। এ ফোরামের সদস্য সংখ্যা ২৫ (পঁচিশ) জন। ফোরামের সভাপতি-অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইডব্লিউআরএম), সদস্য-সচিব-সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, কোস্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্ট এবং বাকী ২৩ (তেইশ) জন হলেন এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ে বিভিন্ন সিনিয়র কর্মকর্তা যেমন-তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প পরিচালক, নির্বাহী প্রকৌশলী ও সিনিয়র সহকারী প্রকৌশলী।

ডে-কেয়ার সেন্টার

এলজিইডি'তে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ০৬-মাস থেকে ০৫ বছর বয়স পর্যন্ত শিশুদের অফিসকালীন সময়ে নিরাপদে রাখার মূল উদ্দেশ্যে জেন্ডার ও উন্নয়ন ফোরাম এর সার্বিক ব্যবস্থাপনায় এলজিইডি'তে একটি ডে-কেয়ার সেন্টার পরিচালনা করা হয়। ছোট্ট শিশু সন্তানদের কাছাকাছি রেখে কোন মানসিক উদ্বেগ ছাড়াই কর্মকর্তা/কর্মচারীদেরকে সুষ্ঠুভাবে দাপ্তরিক দায়িত্ব পালনের সুযোগ রাখা, শিশুদের মাতৃ-সাহচর্যের সুযোগ সৃষ্টি করে তাদের শারীরিক ও মানসিক বিকাশে সহায়তা করা এবং সর্বোপরি, নারীদেরকে আয়মূলক কাজে অংশগ্রহণে উৎসাহিত করা এই ডে-কেয়ার সেন্টার পরিচালনার অন্যতম উদ্দেশ্যে।

ডে-কেয়ার পরিদর্শনে কর্মকর্তাবৃন্দ

সভাপতি হিসেবে জনাব মোঃ আব্দুর রশীদ মিয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এবং সদস্য-সচিব হিসেবে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, কোস্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার প্রকল্প এই ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটির দায়িত্ব পালন করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) এর সভাপতিত্বে ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটি ০৩ (তিন) মাস অন্তর ডে-কেয়ার সেন্টারের কার্যক্রম পর্যালোচনা করে থাকেন। এই ডে-কেয়ার সেন্টারে শিশুদেরকে সার্বক্ষণিক দেখাশুনা করার জন্য ০১ (এক) জন সুপারভাইজার, ০১ (এক) জন সহকারী সুপারভাইজার এবং ০৫ (পাঁচ) জন কেয়ার গিভার রয়েছে। এ ছাড়া ডে-কেয়ার সেন্টারের বিভিন্ন সুবিধা-অসুবিধার বিষয়ে শিশু সন্তানদের অভিভাবকগণের অংশগ্রহণে ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটির সদস্য সচিব আলোচনা সভা করে থাকেন এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডে-কেয়ার সেন্টার পরিচালনা কমিটিকে অবহিত করেন। সুশৃংখল ও সুষ্ঠু ব্যবস্থাপনার মধ্য দিয়ে ডে-কেয়ার সেন্টারটি পরিচালনা করার জন্য একটি অপারেশনাল ম্যানুয়াল অনুসরণ করা হয়।

আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ উদ্‌যাপন

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। জেন্ডার ও উন্নয়ন ফোরামের একটি অন্যতম গুরুত্বপূর্ণ কাজ হলো আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন করা। বাংলাদেশ সরকার কর্তৃক আন্তর্জাতিক নারী দিবস'২০১৯ এর প্রতিপাদ্য-

"সবাই মিলে ভাবো, নতুন কিছু করো
নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো।"

এ প্রতিপাদ্য বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী। বিগত বছরের ন্যায় এ বছরেও এলজিইডি জেলা পর্যায়ে বর্ণাঢ্য র‍্যালী করে আন্তর্জাতিক নারী দিবস' ২০১৯ উদ্‌যাপন করেছে।

সম্মানিত প্রধান প্রকৌশলী মহোদয়ের দিক নির্দেশনায় দিবসটি উদযাপন উপলক্ষে সদর দপ্তর পর্যায়ে এলজিইডি'র অধীন জেন্ডার সংবেদনশীল বিভিন্ন প্রকল্প বা কর্মসূচি হতে সুফল ভোগ করে যে সকল সুবিধাবঞ্চিত নারী আত্মনির্ভরশীল হচ্ছেন তাঁদেরকে উৎসাহ ও উদ্দীপনা প্রদান এবং অন্যদের মাঝে আত্মনির্ভরশীল হওয়ার সচেতনতা সৃষ্টি করার লক্ষ্যে শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী সম্মননা পুরস্কার, সনদ ও ক্রেস্ট প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ ছাড়াও আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন পর্যায়ের আমন্ত্রিত অতিথিবর্গের সম্মানে ব্রুশিওর বিতরণসহ এলজিইডি'র জেন্ডার কার্যক্রমের ভিডিও প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়।

এলজিইডি কর্তৃক আয়োজিত ০৮ মার্চ, ২০১৯ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে সম্মাননা প্রাপ্তগণ

এলজিইডি'র পল্লী উন্নয়ন, পানি সম্পদ উন্নয়ন এবং নগর উন্নয়ন সেক্টরের বিভিন্ন কার্যক্রমে সম্পৃক্ত নারীদের মধ্য থেকে আত্মনির্ভরশীল হওয়া নারীদের প্রাপ্ত তথ্যাদির আলোকে মোট ১০ (দশ) জন সফল নারীকে শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল হিসেবে নির্বাচিত করা হয়েছে। মানবিক ও পেশাগত দক্ষতা, আর্থিক সক্ষমতা, সম্পদের মালিকানা, সামাজিক সফলতা ও ক্ষমতায়ন এই পাঁচটি মানদন্ডের ওপর ভিত্তি করে সেক্টর ভিত্তিক তিনটি মূল্যায়ন কমিটির মাধ্যমে এসব আত্মনির্ভরশীল নারীদের শ্রেষ্ঠত্ব মূল্যায়ন করা হয়েছে। এছাড়াও এলজিইডি'র প্রকল্পসমূহের জেন্ডার সংক্রান্ত কার্যক্রমকে ফটোগ্যালারীর মাধ্যমে তুলে ধরার ব্যবস্থা রেখে সেখান থেকে সফল তিনটি প্রকল্পকে নির্বাচন করা হয়েছে একটি বিশেষ মূল্যায়ন কমিটির মাধ্যমে। জেন্ডার কার্যক্রমে সফল এই তিনটি নির্বাচিত প্রকল্প যথাক্রমে: (১) হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন প্রকল্প (২) নর্দান

বাংলাদেশ ইন্টিগ্রেটেড উন্নয়ন প্রকল্প (৩) সিটি গভারনেন্স প্রকল্প । নির্বাচিত এই তিনটি প্রকল্পকে সম্মাননা হিসেবে ক্রেস্ট প্রদান করা হয়।

অন্যদিকে, সফল ১০ (দশ) জন শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী যাদেরকে সম্মাননা হিসেবে ১ম পুরস্কার ১২,০০০/= (বার হাজার), ২য় পুরস্কার ১১,০০০/= (এগার হাজার) এবং ৩য় পুরস্কার ১০,০০০/= (দশ হাজার) টাকা, সনদ ও ক্রেট প্রদান করা হয়, তাদের তথ্যাদি নিম্নের সারণীতে প্রদর্শিত করা হলো-

পল্লী উন্নয়ন সেক্টর থেকে নির্বাচিত শ্রেষ্ঠ ০৩ (তিন) জন আত্মনির্ভরশীল নারী

ক্রমিক নং	নাম	স্থান অধিকারী	উপজেলা ও জেলা	প্রকল্পের নাম
১।	রাহেলা বেগম	প্রথম	রাজৈর, মাদারীপুর	কোষ্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাস্টাকচার প্রকল্প
২।	মোসাঃ ফরিদা	দ্বিতীয়	নাটোর সদর, নাটোর	রুরাল এমপ্লয়মেন্ট এন্ড রোড মেইনটেনেন্স প্রোগ্রাম-II
৩।	স্মৃতিকনা মন্ডল	তৃতীয়	কোটালীপাড়া, গোপালগঞ্জ	কোষ্টাল ক্লাইমেট রেজিলিয়েন্ট ইনফ্রাস্টাকচার প্রকল্প

নগর উন্নয়ন সেক্টর থেকে নির্বাচিত শ্রেষ্ঠ ০৩ (তিন) জন আত্মনির্ভরশীল নারী

ক্রমিক নং	নাম	স্থান অধিকারী	উপজেলা ও জেলা	প্রকল্পের নাম
১।	শিউলি রানী দে	প্রথম	বেনাপোল, যশোর	নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প-III
২।	মোসাঃ জমিলা বেগম	দ্বিতীয়	বীরগঞ্জ, দিনাজপুর	নর্দান বাংলাদেশ ইন্টিগ্রেটেড উন্নয়ন প্রকল্প
৩।	মোছাঃ লিলি আক্তার	তৃতীয়	ফরিদপুর সদর, ফরিদপুর	নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্প-III

পানি সম্পদ উন্নয়ন সেক্টর থেকে নির্বাচিত শ্রেষ্ঠ ০৪ (চার) জন আত্মনির্ভরশীল নারী

ক্রমিক নং	নাম	স্থান অধিকারী	উপজেলা ও জেলা	প্রকল্প/ইউনিটের নাম
১।	মোসাঃ মরতুজা বেগম	প্রথম	আজমিরিগঞ্জ, হবিগঞ্জ	হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প
২।	ইতি সুলতানা	দ্বিতীয়	নগরকান্দা, ফরিদপুর	ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (জাইকা-১)
৩।	মোসাঃ নুরজাহান বিবি	তৃতীয়	তানোর, রাজশাহী	সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা ইউনিট
৪।	মায়া রানী বিশ্বাস		ফরিদপুর সদর, ফরিদপুর	ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (জাইকা-১)

সম্মাননা, সনদ ও ক্রেস্ট প্রাপ্ত সফল আত্মনির্ভরশীল নারীদের একাংশ

এ ছাড়া জেন্ডার ও উন্নয়ন ফোরামের আরেকটি গুরুত্বপূর্ণ কাজ হলো ফোরামের কর্মকর্তাবৃন্দ কর্তৃক এলজিইডি'র মাঠ পর্যায়ের বিভিন্ন সেক্টরের কার্যক্রম পরিদর্শন। পরিদর্শনের লক্ষ্যণীয় বিষয়গুলি হলো-

কাজের উপর্যুক্ত পরিবেশ অর্থাৎ তা জেন্ডার সংবেদনশীল কিনা (নির্মাণ সাইটে নারী শ্রমিকদের জন্য পৃথক লেবার শেড, নিরাপদ পানি পানের ব্যবস্থা, পৃথক টয়লেট, প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা এবং প্রযোজ্য ক্ষেত্রে অস্থায়ী শিশু দিবা-যত্ন সহায়ক সুবিধা ইত্যাদি উপযুক্ত কিনা)। ভৌত অবকাঠামো নির্মাণ এবং অন্যান্য কাজে নিয়োজিত নারী শ্রমিকগণকে মজুরী সঠিক সময়ে এবং একই প্রকৃতির সম-পরিমান কাজের জন্য সম-মজুরী পরিশোধ করা হয় কিনা। শ্রমিক হিসেবে নারী ও পুরুষের সংখ্যা আলাদাভাবে নিরুপিত হয় কিনা; এবং নির্বাচিত women কর্তৃক Women Market Section পরিচালিত হয় কিনা। জেলা পর্যায়ে 'জেন্ডার কমিটি' গঠন এবং কমিটির সভা নিয়মিত অর্থাৎ ত্রৈমাসিক ভিত্তিতে হয় কিনা। জেলা জেন্ডার ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালনের বিষয়াদি পর্যবেক্ষণ করা এবং জেলার মাসিক সভায় 'জেন্ডার বিষয়' এজেন্ডাভুক্ত হয় কিনা। প্রতি ছয় মাস অন্তর জেলা থেকে পল্লী উন্নয়ন সেক্টর এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন সেক্টরের প্রতিবেদন 'জেন্ডার মনিটরিং ফরমেট' এর আলোকে জেন্ডার ও উন্নয়ন ফোরাম এ প্রেরণ করা হয় কিনা। অপরদিকে, নগর সেক্টরের আওতায় পৌরসভা থেকে 'জেন্ডার সংক্রান্ত কার্যক্রম প্রতিবেদন' সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক দপ্তরের মাধ্যমে নগর ব্যবস্থাপনা ইউনিট অথবা জেন্ডার ও উন্নয়ন ফোরাম এ প্রেরণ করা হয় কিনা। উপরোক্ত লক্ষ্যণীয় বিষয়গুলিকে বিবেচনায় রেখে ইতোপূর্বে কিছু জেলা পরিদর্শন করা হলেও এ কার্যক্রম আরো বেগবান হওয়া প্রয়োজন। এজন্য ৬৪ টি জেলাসহ পৌরসভাগুলিতে এলজিইডি'র ভৌত কার্যক্রম পরিদর্শন টিম কর্তৃক ফলোআপ করার সাথে জেন্ডার সংক্রান্ত উপরে বর্ণিত কার্যক্রম ফলোআপ করার বিষয়টি পরিদর্শন টিমে অন্তর্ভূক্ত করার জন্য এলজিইডি ম্যানেজমেন্টের সু-দৃষ্টি কামনা করা হলো।

১৮। চুক্তিবদ্ধ শ্রমিক দলের (এলসিএস) কার্যক্রম

এলজিইডি বিভিন্ন প্রকল্পের আওতায় এলসিএস নিয়োগ করে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধনসহ গ্রামীণ দরিদ্র শ্রেণীর জন্য কাজের সুযোগ সৃষ্টি করছে। এ এলসিএস এর মাধ্যমে অবকাঠামো উন্নয়নের ফলে গ্রামীণ দরিদ্র ও বেকারদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি শ্রমিক, ক্ষুদ্র ব্যবসায়ী এবং এলাকাবাসীর জন্য প্রত্যক্ষ ও পরোক্ষ আয়ের সুযোগ সৃষ্টি হচ্ছে যা দেশের দরিদ্র বিমোচনে বিশেষ ভূমিকা পালন করছে। এই প্রকল্পে পুরুষদের পাশাপাশি এলসিএস মহিলা সদস্যরাও বিভিন্ন উন্নয়নমূলক কাজের সক্রিয় অংশগ্রহণ করে আসছেন।

এলসিএস মহিলারা এইচবিবি পেভমেন্ট নির্মাণ করছেন

প্রকল্প চুক্তিবদ্ধ শ্রমিক দলের কর্ম পরিধির মধ্যে রয়েছে :

- ❖ মাটির রাস্তা নির্মাণ;
- ❖ পাইপ কাষ্টিং;
- ❖ পাইপ কালভার্ট/ইউ-ড্রেন নির্মাণ;
- ❖ খাল পুনঃখনন;
- ❖ বৃক্ষরোপণ ও পরিচর্যা;
- ❖ রাস্তা রক্ষাণাবেক্ষণ কার্যক্রম;
- ❖ এইচবিবি ও কার্পেটিং রোডের সংস্কার কাজ।

১৯। স্যানিটেশন কার্যক্রম

প্রযোজ্য নয়।

২০। ২০১৮-১৯ অর্থবছরের বিশেষ সাফল্য ঃ

পরিচ্ছন্নকর্মীদের আবাসিক ভবন উদ্বোধন করলেন মাননীয় প্রধানমন্ত্রী

ঢাকা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্নকর্মীদের দীর্ঘদিনের আবাসন সমস্যা নিরসনের লক্ষ্যে রাজধানীর দয়াগঞ্জ ও ধলপুর এলাকায় ৪টি বহুতল আবাসিক ভবনের উদ্বোধন করা হয়েছে। এতে ৩৪৫টি পরিবার বসবাস করতে পারবে।

গত ৮ অক্টোবর ২০১৮ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে এসব ভবনের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এমপি উপস্থিত ছিলেন। স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান প্রকল্পের ওপর নির্মিত একটি ভিডিও চিত্র উপস্থাপন করেন।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন, প্রধান নির্বাহী কর্মকর্তা খান মোহাম্মদ বিলালসহ স্থানীয় জনগণ এ সময়ে দয়াগঞ্জ প্রান্ত থেকে ভিডিও কনফারেন্সে অংশ নেন।

অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার গৃহহীনদের আবাসনের ব্যবস্থা করবে। তিনি পরিচ্ছন্নকর্মীদের উদ্দেশ্যে বলেন, যারা আমাদের নগর জীবনকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখছে তাদের সুন্দর ও স্বাস্থ্যকর জীবনধারণের নিশ্চয়তা বিধান করতে তাঁর সরকার এ ধরণের প্রকল্প বাস্তবায়ন করছে।

মাননীয় প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন, পরিচ্ছন্নকর্মীদের ছেলে-মেয়েরা আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে উন্নত জীবন গড়ে তুলবে। তিনি দৈনন্দিন পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনার জন্য আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের নির্দেশ দেন।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের দয়াগঞ্জ ও ধলপুরে পরিচ্ছন্নকর্মীদের জন্য নির্মিত ৪টি আবাসিক ভবন উদ্বোধন করেন

সরকার ঢাকা সিটি কর্পোরেশনের (বর্তমানে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন) পরিচ্ছন্নকর্মীদের আবাসনের জন্য ২০১৩ সালে দয়াগঞ্জে ৫টি, ধলপুরে ৫টি এবং সূত্রাপুরে ৩টি বহুতল ভবন নির্মাণের পরিকল্পনা গ্রহণ করে, যার নির্মাণ ব্যয় ধরা হয় ১৯০ কোটি টাকা। প্রকল্পের আওতায় ১৩টির মধ্যে ৪টি বহুতল ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৯টির কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এসব আবাসিক ভবন নির্মাণের কাজ বাস্তবায়ন করছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে মোট ১,১৪৮টি পরিচ্ছন্নকর্মী পরিবার আধুনিক ও যুগোপযোগী আবাসন সুবিধা পাবে।

প্রতিটি ফ্ল্যাটের কার্পেট এরিয়া ৪৭২ বর্গফুট। এতে রয়েছে দুটি শয়নকক্ষ, রান্নাঘর, একটি টয়লেট ও দুটি বারান্দা। প্রতিটি ভবনে লিফট, সার্বক্ষণিক বিদ্যুতের জন্য জেনারেটর এবং প্রতিটি কলোনীতে আলাদা বৈদ্যুতিক সাবস্টেশন আছে। ফ্ল্যাটের সম্পূর্ণ মেঝে টাইলস্ দ্বারা আবৃত। প্রতিটি ভবনে পৃথক স্টোররুম ও একটি কমিউনিটি হল রয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে
এলজিইডি নির্মিত বিভিন্ন ভৌত অবকাঠামো উদ্বোধনের সময় স্থানীয় উপকারভোগীদের সঙ্গে কথা বলেন

বাংলাদেশকে আরো অনেক দূর যেতে হবে: মাননীয় প্রধানমন্ত্রী

বাংলাদেশ গত দশ বছরে উন্নয়নের মহাসড়কে যে পথ পাড়ি দিয়েছে, তাকে অসাধ্য সাধন বলে মন্তব্য করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, আমি জানি না, পৃথিবীতে কোনো দেশ এত অল্প সময়ে এত উন্নতি সাধন করতে পারে কিনা। কিন্তু আমরা সেই অসাধ্য সাধন করতে পেরেছি। বাংলাদেশকে আরো অনেক দূর যেতে হবে। গত ১১ অক্টোবর ২০১৮ গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ২০ জেলায় ৩৩টি উন্নয়নমূলক কাজের উদ্বোধনকালে মাননীয় প্রধানমন্ত্রী এসব কথা বলেন।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের অধীনে নির্মিত সাতটি দীর্ঘ সেতু, একটি জেটি, নয়টি উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এবং ছয়টি নগর মাতৃসদন ভবন ও দশটি নগর স্বাস্থ্যকেন্দ্র উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, জাতির পিতার আর্দশ বুকে ধারণ করে নিজের জীবনকে উৎসর্গ করেছি। তিনি আরও বলেন, ২০০৮ সালে নবম জাতীয় সংসদ নির্বাচনের পর আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট সরকার ক্ষমতায় এসে দেশের উন্নয়নে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন শুরু করে। সব দিক থেকে মানুষ যেন ভালোভাবে বাঁচতে পারে, সেই চেষ্টা করেছে তার সরকার।

অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী দিনাজপুরের কান্তজিউ মন্দির সড়কে ডেপা নদীর ওপর ২২৮ মিটার দীর্ঘ সেতু, জামালপুরে ব্রহ্মপুত্র নদের ওপর ৫৬০ মিটার দীর্ঘ 'শহীদ লেফটেন্যান্ট শেখ জামাল সেতু' ও ৫৬০ মিটার দীর্ঘ 'শহীদ মেজর জেনারেল খালেদ মোশাররফ বীর উত্তম সেতু', টাঙ্গাইলে ধলেশ্বরী নদীর ওপর ৫২০.৬০ মিটার দীর্ঘ 'দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা সেতু', গাজীপুরের শ্রীপুর উপজেলায় ৩১৫ মিটার দীর্ঘ সেতু, মাদারীপুরে আড়িয়াল খাঁ নদের ওপর ৬৮৬.৭৫ মিটার দীর্ঘ 'শেখ লুৎফর রহমান সেতু' এবং নড়াইলে চিত্রা নদীর ওপর 'শেখ রাসেল সেতুর' উদ্বোধন করেন। এছাড়া, টেকনাফ-মিয়ানমার ট্রানজিট ঘাটে নির্মিত ৫৫০ মিটার দীর্ঘ জেটিরও উদ্বোধন করা হয় এ সময়।

সেতুগুলো নির্মাণের ফলে সংশ্লিষ্ট জেলার অভ্যন্তরীণ এবং পার্শ্ববর্তী জেলাসমূহের সঙ্গে সড়ক যোগাযোগ সহজতর হবে, এতে সময় ও ব্যয় কমে আসবে।

একই অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী নীলফামারীর ডোমার,নওগাঁর আত্রাই ও রাণীনগর, নাটোরের সিংড়া, সিরাজগঞ্জের তাড়াশ, কিশোরগঞ্জের সদর উপজেলা, মানিকগঞ্জের সাটুরিয়া, যশোরের শার্শা এবং নোয়াখালীর সদর উপজেলায় নির্মিত উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম এর উদ্বোধন করেন। স্থানীয় জনগণের সেবাপ্রাপ্তি সহজতর করতে এসব ভবন নির্মাণ করা হয়েছে।

একই সময় মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা উত্তর সিটি করপোরেশনের অধীন মিরপুর এক নম্বর সেকশনে, গাজীপুর সিটি করপোরেশনের দক্ষিণ কোলার বাজারের ধীরাশ্রমে, রংপুর সিটি করপোরেশনের পূর্ব খাসবাগে, কিশোরগঞ্জ পৌরসভার হারুয়ায়, কুষ্টিয়া পৌরসভার মিলের পাড়ায় এবং গোপালগঞ্জ পৌরসভায় ছয়তলা নগর মাতৃসদন এবং গাজীপুরের নীলের পাড়ায়,কুমিল্লার কমলাপুর, বাউবন্দ ও রসুলপুরে, রংপুরের এরশাদ নগর ও জুমাপুড়ায়, কুষ্টিয়ার বারাদি ও বড়খাদায় এবং কিশোরগঞ্জের নুরানী ও তারাপাশায় তিনতলা নগর স্বাস্থ্যকেন্দ্রেরও উদ্বোধন করেন।

শহর এলাকার নারী, শিশু ও দরিদ্র্য জনগোষ্ঠীর প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত এসব মাতৃসদন ও নগর স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবানাধীন " আরবান প্রাইমারী হেলথ-কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প" এর আওতায় এলজিইডি এসব ভবন নির্মাণ করে।

মাননীয় প্রধানমন্ত্রী প্রকল্পের উদ্বোধন করে এগুলোর রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে যত্নবান হওয়ার নির্দেশ দেন। এ সময় তিনি ভিডিও কনফারেন্সের মাধ্যমে মাদারীপুর, কুমিল্লা, নওগাঁ, ময়মনসিংহ এবং গাজীপুর জেলার স্থানীয় উপকারভোগীদের সঙ্গে কথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। স্বাগত বক্তব্য রাখেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. জাফর আহমেদ খান। অনুষ্ঠান সঞ্চালন করেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মো. নজিবুর রহমান।

এলজিইডির অবকাঠামো বদলে দিচ্ছে ঝিনাইগাতির নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠির জীবনমান

সেকেন্ড রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (আরটিআইপি-২) এর আওতায় শেরপুর জেলার ঝিনাইগাতি উপজেলায় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ শেষ হয়েছে। এই উপ-প্রকল্পের আওতায় ৯.৫ কিলোমিটার সড়ক, নারী মার্কেট, কমিউনিটি সেন্টার, বিশুদ্ধ পানির জন্য আটটি সাবমারসিবল পাম্প, দোকানঘরসহ চারটি যাত্রী ছাউনী এবং ১১৯ মিটার স্কুল বাউন্ডারি ওয়াল নির্মাণ করা হয়েছে। এ এলাকায় মুসলমান, হিন্দু, খৃস্টান ও বৌদ্ধ সম্প্রদায়সহ নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর প্রায় কুড়ি হাজার মানুষ বাস করে। উপ-প্রকল্পটি বাস্তবায়নের ফলে এলাকার আর্থ-সামাজিক সূচকে যোগ হয়েছে নতুন মাত্রা। বদলে যেতে শুরু করেছে জীবনযাত্রার মান। বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে প্রকল্পটি দেশের ২৬টি জেলায় বাস্তবায়িত হচ্ছে।

উপ-প্রকল্পটি নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবন-জীবিকার ওপর কী প্রভাব ফেলছে সেই সম্পর্কে মন্তব্য করতে গিয়ে ঝিনাইগাতি ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশনের সভাপতি নবেশ খকসি জানান, এলাকাটি গারো পাহাড় অধ্যুষিত। এখানে গারো, কোচ, হাজং, হদিসহ সাত-আটটি আদিবাসী জনগোষ্ঠীর বাস। এটি পাহাড়ি দুর্গম এলাকা। এলাকার পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে রাস্তা-ঘাটসহ অন্যান্য অবকাঠামো নির্মাণের জন্য এলজিইডির কাছে আমরা আবেদন করি। আমাদের চাহিদার আলোকে এলজিইডি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। এসব অবকাঠামো উন্নয়নের ফলে কেবল নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী উপকৃত হয়নি এখানকার সব সম্প্রদায়ের মানুষ উপকৃত হয়েছে।

নির্মিত সড়ক খুলে দিয়েছে নতুন সম্ভাবনার দ্বার, যা যাতায়াতসহ ব্যবসা-বাণিজ্যের ওপর ইতিবাচক প্রভাব ফেলতে শুরু করেছে। ব্যবসায়ী মোঃ নজরুল ইসলাম জানান, আগে সড়কটি কাঁচা ছিল। যাতায়াত করতে সমস্যা হতো, অনেকদূর ঘুরে চলাফেরা করতে হতো। সড়ক পাকা হওয়ায় আমাদের অনেক উপকার হয়েছে।

এলাকায় খাবার পানির তীব্র সংকট ছিল। স্থানীয় জনগণকে অনেক দূর থেকে পানি আনতে হতো। সাবমারসিবল পাম্প স্থাপনের পর সার্বক্ষণিক নিরাপদ পানির সরবরাহ নিশ্চিত হয়েছে। পানিবাহিত রোগ-ব্যাধির প্রাদুর্ভাবও কমেছে। ঝিনাইগাতি উপজেলার ছোট গজনি এলাকার অধিবাসী সুমিতা সাংমা জানান, আগে তিন/চার মাস বিশুদ্ধ খাবার পানি পেতাম না। ঝরণার পানি খেতে হতো। সাবমারসিবল পাম্প স্থাপনের পর এখন সার্বক্ষণিক খাবার পানি পাচ্ছি। পানির অভাব দূর হয়েছে।

স্থানীয় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর চাহিদার ভিত্তিতে নির্মাণ করা হয়েছে ৯টি দোকানঘর বিশিষ্ট নারী মার্কেট। এ মার্কেট নারীদের কর্মসংস্থার সৃষ্টি ও নতুন উদ্যোক্তা সৃষ্টির সম্ভাবনা তৈরি করেছে। ঝিনাইগাতির ঢাকাইয়া মোড়ে নির্মিত এ মার্কেটের দর্জি মাস্টার সুকলা কোচ জানান, মার্কেটটা হওয়ার পর আমি এখানে ব্যবসার সুযোগ পেয়েছি। আশা করছি আমার দিন বদলে যাবে। আমরা খুব গরিব। দোকানে মালপত্র তোলার সামর্থ্য নেই। কেউ সুদবিহীন ঋণের ব্যবস্থা করলে খুব ভালো হতো।
এ অঞ্চলের নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর রয়েছে সমৃদ্ধ সংস্কৃতি ঐতিহ্য। নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর সংস্কৃতি চর্চাকে অবারিত করতে এ উপ-প্রকল্পের আওতায় নির্মাণ করা হয়েছে কমিউনিটি সেন্টার, যা নৃ-তাত্ত্বিক জনগণের সংস্কৃতি চর্চার প্ল্যাটফর্ম হিসেবে কাজ করছে। এ কমিউনিটি সেন্টারকে ঘিরে সংস্কৃতি চর্চাসহ পালাপার্বন উদ্‌যাপনের সুযোগ তৈরি হয়েছে। এ প্রসঙ্গে বিশ্বব্যাংকের সিনিয়র স্যোশাল ডেভেলপমেন্ট স্পেশালিস্ট মোঃ আকতার জামান বলেন, গ্রামীণ অবকাঠামো উন্নয়নে এ প্রকল্পটি বিশেষ গুরুত্ব বহন করে। বিশ্বব্যাংকের একটি লক্ষ্য হলো উন্নয়ন কার্যক্রমের সঙ্গে সকল জাতিগোষ্ঠীকে সম্পৃক্ত করা। এ উপ-প্রকল্পে স্থানীয় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর চাহিদার ভিত্তিতে অতিরিক্ত কিছু কাজ করা হয়েছে, যা তাদের জীবনমান উন্নয়ন ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে বিশেষ ভূমিকা রাখছে।

এ উপ-প্রকল্পের আওতায় সড়ক সংলগ্ন স্কুলের সীমানা প্রাচীর নির্মাণের ফলে শিক্ষার্থীদের নিরাপত্তা বেড়েছে। যাত্রী ছাউনি নির্মাণের ফলে যাত্রীরা নিরাপদে গাড়ির জন্য অপেক্ষা করতে পারছেন।

শেরপুর জেলার ঝিনাইগাতি উপজেলায় নির্মিত ৯.৫০ কি.মি. দীর্ঘ
ঝিনাইগাতি জিসি হতে দুধনই ভায়া বাকাকুড়া সড়ক

শেরপুর জেলার ঝিনাইগাতি উপজেলায় নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জন্য নির্মিত নারী মার্কেট

নির্মিত কমিউনিটি সেন্টার

সাবমারসিবল পাম্প

সাবমারসিবল পাম্প থেকে পানি সংগ্রহ করছেন গ্রামবাসী

২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরের পর তা নির্বাহী প্রকৌশলীর কাছে
হস্তান্তর করছেন এলজিইডির প্রধান প্রকৌশলী মোঃ খলিলুর রহমান

গত ২০ জুন ২০১৯ এলজিইডি সদর দপ্তরে এলজিইডির প্রধান প্রকৌশলী জেলার নির্বাহী প্রকৌশলীগণের সঙ্গে ২০১৯-২০২০ অর্থবছরের জেলাভিত্তিক পৃথক পৃথক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন। এ সময় প্রধান প্রকৌশলী বলেন, বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতিটি জেলায় নির্ধারিত সময়ে মান বজায় রেখে শতভাগ কাজ বাস্তবায়ন করতে হবে। এপিএ অগ্রগতি পরিবীক্ষণের পাশাপাশি তা মূল্যায়নের ওপরও তিনি জোর দেন। প্রধান প্রকৌশলী জানান, গত ২০১৮-২০১৯ অর্থবছরে এলজিইডির সংশোধিত এডিপি বাস্তবায়নের অগ্রগতি শতকরা ৯৯.৩৯ এবং বিগত কয়েক বছরে এলজিইডির গড় অগ্রগতি ৯৯ ভাগের ওপরে। কাজের গুণগত মান, পরিবেশ ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা দেন।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) সরকারের একটি বিশেষ কর্মপরিকল্পনা। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের ক্ষেত্রে অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে ২০১৪-২০১৫ অর্থবছর থেকে সরকার এপিএ বাস্তবায়ন শুরু করে। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা এবং জবাবদিহি ও সম্পদের সুষম ব্যবহার নিশ্চিতকরার মাধ্যমে রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে অর্থবছরের শুরুতে মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। মন্ত্রীপরিষদ বিভাগের সচিবের সঙ্গে অন্যান্য মন্ত্রণালয়ের সকল বিভাগের সচিবগণের পৃথক পৃথক এপিএ স্বাক্ষরিত হয়। একইভাবে, সচিবগণের সঙ্গে সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন সংস্থা প্রধানগণের মধ্যে এপিএ স্বাক্ষরিত হয়। সংস্থা প্রধানগণ আবার নিজ সংস্থার কর্মকর্তাগণের সঙ্গে এপিএ স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকসহ জেলার নির্বাহী প্রকৌশলীগণ।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)

নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়নের দায়িত্ব অর্পন করে১৯২৪ সালে ডিপিএইচই (বেঙ্গল) হিসেবে যাত্রা শুরু করে । পরবর্তীতে ১৯৩৬ সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এ রূপান্তরিত হয়। ১৯৪৫ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ সংস্থা। বর্তমানেওয়াসা ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা ব্যতীত সমগ্র দেশের নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব এ অধিদপ্তরের উপর ন্যস্ত। জনসাধারনের স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ পানি ও স্যানিটেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদান রাখে। জনগণের নিকট নিরাপদ পানি ও স্যানিটেশন সুবিধা পৌছানোরলক্ষ্যে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের অব্যবহিত পরে সরকার প্রথমেই ধ্বংসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা পুনর্বাসনের গুরুত্ব আরোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে ডিপিএইচই'র মাধ্যমে। একই ধারাবাহিকতায় এরই ফলশ্রুতিতে বাংলাদেশ নিরাপদ পানি ও স্যানিটেশন কভারেজের দিক দিয়ে সমগ্র দক্ষিণ এশিয়ায় অন্যতম শীর্ষ স্থান দখল করে আছে। পল্লী এলাকার বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস (টিউবওয়েল) ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রধান দায়িত্ব। তাছাড়া অত্র অধিদপ্তর পল্লী পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মানোত্তোর রক্ষণাবেক্ষণে ইউনিয়ন পরিষদকে WATSAN কমিটির মাধ্যমে কারিগরী সহায়তা প্রদান, স্বাস্থ্য পরিচর্যা জোরদারকরণ এবং পারিপার্শ্বিক পরিবেশের উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে।

নগরায়নের ফলে পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ চাহিদা পুরণে অত্র দপ্তর পৌরসভা সমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণ সহ কারিগরী সহায়তার আওতায় পরিকল্পনা প্রণয়ন ও প্রাতিষ্ঠানিক উন্নয়নে সহায়তা করছে। পৌরসভা সমূহে ড্রেনেজ, ফিকাল স্লাজ ম্যানেজমেন্ট ও সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট ভিত্তিক কাজ ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর করে যাচ্ছে। এছাড়া বন্যা , সাইক্লোন, মহামারী, উদ্বাস্ত সমস্যা ইত্যাদির কারনে সৃষ্ট জরুরী পরিস্থিতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্য ক্রম বাস্তবায়ন করে আসছে।

২ লক্ষ্য ও উদ্দেশ্য:

- পল্লী ও শহরাঞ্চলের (ওয়াসা ও সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকা ব্যতীত) সকল জনগণের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা এবং শহরাঞ্চলে ড্রেনেজ, ফিকাল স্লাজ ম্যানেজমেন্ট ও সলিড ওয়েষ্ট ম্যানেজমেন্ট ভিত্তিক কাজ নিশ্চিত করা।
- নিরাপদ পানি ব্যবহার ও স্যানিটেশন বিষয়ে মানুষের অভ্যাসগত আচরণে পরিবর্তন আনয়ন।

<u>সরকারের অঙ্গীকার অনুযায়ী বর্তমান উদ্দেশ্য</u>

- প্রতিটি বাড়িকে স্বাস্থ্যসম্মত টেকসই স্যানিটেশন ব্যবস্থার আওতায় আনা।
- দেশের সকল মানুষের জন্য নিরাপদ সুপেয় পানির ব্যবস্থা করা।

৩। প্রধান কার্য ক্রম/ সেবা সমূহ :

- ঢাকা , চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও নারায়ণগঞ্জ শহর ব্যতীত সমগ্র দেশের পল্লী ও শহরাঞ্চলে (সিটি কর্পোরেশন, পৌরসভা, উপজেলা সদর এবং গ্রোথ সেন্টার) নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন (পয়ঃনিষ্কাশন, নর্দমা ও কঠিন বর্জ্য নিষ্কাশন) ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়নে Lead Agency হিসাবে দায়িত্ব পালন;
- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্য ক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান;

- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণি ঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরে মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে প্রয়োজনীয় দক্ষ জনবল গড়ে তোলা;
- সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে স্বল্প ব্যয়ে লাগসই প্রযুক্তি অনুসন্ধান, গবেষণা ও উন্নয়ন;
- তথ্য কেন্দ্র স্থাপনের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন সেক্টরের তথ্য ব্যবস্থাপনা সমৃদ্ধকরণ ও আধুনিকীকরণ;
- স্থানীয় সরকার , বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান ও
- নিরাপদ খাবার পানি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণে পর্যায়ক্রমে দেশের সকল পানি সরবরাহ ব্যবস্থায় ওয়াটার সেফটি প্লান (WSP) বাস্তবায়ন।

<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সেবাসমূহ:</u>

১। পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত ও টেকসই স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে অবকাঠামো নির্মাণ করা।

২। একটি কেন্দ্রীয় ও ১৩টি আঞ্চলিক ল্যাবরেটরির মাধ্যমে খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ করা সহ তৎপরবর্তী পরামর্শ প্রদান করা।

৩। নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্য সম্মত টেকসই স্যানিটেশন সংক্রান্ত স্বাস্থ্যবিধি পালন সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধকরণ ও বিভিন্ন প্রশিক্ষণ ম্যানুয়াল (Manual) প্রণয়নের পাশাপাশি জনগণকে প্রশিক্ষণ প্রদান করা।

৪। আপদ-কালীন সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ, স্যানিটেশনের ব্যবস্থা করা ও বিভিন্ন পর্যায়ের দুর্যোগ কমিটিকে সহযোগিতা প্রদান করা।

৫। পানির উৎসের খুচরা যন্ত্রাংশ এবং স্যানিটারি ল্যাট্রিনের রিং-স্ল্যাব সরবরাহ ও স্থাপন কাজে জনগণকে সহায়তা প্রদান করা।

৬। নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান, এনজিও ও সর্ব সাধারণকে কারিগরি সহায়তা প্রদান করা।

৪। প্রশাসনিক কাঠামো ও জনবল:

নিরাপদ পানি ও স্যানিটেশন জনগণের মৌলিক অধিকার, এদেশের জনগণের নিকট উক্ত মৌলিক সেবা পৌছানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) সর্ব দাইনিয়োজিত। বর্তমানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাংগঠনিক কাঠামোয় স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম ও আউট সোর্সিং মঞ্জুরীকৃত

৬৮৯৮ টি পদ রয়েছে। এর বিপরীতে সদর দপ্তর পর্য ায়ে আঞ্চলিক পর্য ায়ে জেলা পর্য ায়েএবং উপজেলা পর্য ায়েমোট ৫৩৫৬ জন জনবল নিয়োজিত থেকে জনসেবার কাজ চালিয়ে যাচ্ছেন।

একজন প্রধান প্রকৌশলীর নের্তৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্ম কান্ডপরিচালিত হয়। প্রধান প্রকৌশলীর পরবর্তী ধাপে ৩ জন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত, পরিকল্পনা ও পানি সম্পদ) নিয়োজিত আছেন। তৎপরবর্তী ধাপে মাঠ পর্য ায়ে৯টি (ঢাকা, চট্রগ্রাম, পার্ব ত্যচট্রগ্রাম, সিলেট , বরিশাল, ফরিদপুর, খুলনা, রাজশাহী ও রংপুর) সার্কেলের প্রতিটিতে ১জন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী এবং সদর দপ্তর পর্য ায়ে৫টি (পরিকল্পনা, ভান্ডার, পানির গুনগত মান পরিবীক্ষণ ও পর্য বেক্ষণ গ্রাউন্ড ওয়াটার ও ফিজিবিলিটি স্টাডি) সার্কেলে একজন করে তত্ত্বাবধায়ক প্রকৌশলী দায়িত্ব পালন করছেন। জেলা পর্য ায়েপ্রতিটি জেলায় একজন নির্ব াহী প্রকৌশলী এবং উপজেলা পর্য ায়ে প্রতি ২টি উপজেলায় ১ জন সহকারী প্রকৌশলী এবং প্রতিটি উপজেলায় ১ জন উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব পালন করছেন।

৪. জনবল:

এ অধিদপ্তরের সার্বি ক কর্ম কান্ড পরিচালনার জন্য স্থায়ী রাজস্বঅস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম রাজস্ব ও আউটসোর্সি ং মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা৬৮৯৮ টি । জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব (স্থায়ী রাজস্ব, অস্থায়ী রাজস্ব, ওয়ান টাইম অস্থায়ী রাজস্ব) খাতের পদের বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ছক নং ১ : ২০১৮-১৯ অর্থ বছরে বিভিন্ন শ্রেনীর মঞ্জুরীকৃত মোট পদের সংখ্যা কর্ম রত জনবল এবং শূন্য পদের বিবরণ:

ক্রম	অনুমোদিত জনবল	কর্ম রত	পদসংখ্যা	শূণ্য পদসংখ্যা	মন্তব্য
১	১ম শ্রেণি-৫০৮	২২৭	-	২৮১	
২	২য় শ্রেণি-৬৯৩	৫১৮	-	১৭৫	
৩	৩য় শ্রেণি-১০৭০	৬৪১	-	৪২৯	
৪	৪থ শ্রেণি-৪৬২৭	৩৯৭০	-	৬৫৭	
সর্ব মোট:	৬৮৯৮	৫৩৫৬	-	১৫৪২	

২.৫ পদ সৃষ্টি, ও নিয়োগ:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) এর সাংগঠনিক কাঠামো বৃদ্ধি, আধুনিকায়ন, পদোন্নতি এবং শূন্যপদ পূরণে বর্তমান সরকারের অবদান স্মরণীয় হয়ে থাকবে। বর্তমান সরকারের আমলে ২০১৮-১৯ অর্থ বছরেপ্রশাসনিক/প্রাতিষ্ঠানিক উন্নয়নের কয়েকটি উদাহরন নিম্নে প্রদান করা হলো-

- ২য় শ্রেণীর ১৩৭ টি উপ-সহকারী প্রকৌশলী পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।
- ৩য় শ্রেণীর ৩৬৫ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।
- ৪র্থ শ্রেণীর৬০১ টি পদে নিয়োগ প্রক্রিয়াধীন আছে।

৫. পানি সরবরাহ

ক) গ্রামীণ পানি সরবরাহ

বাংলাদেশের গ্রামীণ পানি সরবরাহ ব্যবস্থা মূলতঃ ভূ-গর্ভস্থ উৎস-নির্ভর। নব্বই দশকের প্রথমার্ধে দেশের বিভিন্ন অঞ্চলের ভূগর্ভস্থ পানিতে আর্সে নিক দূষণ পরিলক্ষিত হওয়ার কারণে নিরাপদ পানি সরবরাহকার্য ক্রম বাধাগ্রস্ত হয়। ভূগর্ভস্থ পানিতে আর্সে নিকের উপস্থিতির কারণে নিরাপদ পানি সরবরাহ কভারেজ২০০১ সালে ৯% হতে ৭৪% এ নেমে আসে।

বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৮৭ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছে এবং দেশের প্রায় প্রতিটি মানুষ নিরাপদ পানি পান করে। গ্রামঞ্চলে পানি সরবরাহের স্বীকৃত মান হল যে কোন আবাস গৃহের ১৫০ মিটার (৫০০ ফুট) এর মধ্যে একটি নিরাপদ খাবার পানির উৎস থাকবে। সে হিসাবে বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৮৭%। আর্সে নিক আক্রান্ত Unserved এবং Underserved এলাকায় পানির উৎস স্থাপনের মাধ্যমে দ্রুত কভারেজ বৃদ্ধি করা হচ্ছে।

বর্তমান সরকারের আমলে বিভিন্ন চলমান কার্য ক্রমের আওতায় জুন/২০১৯ পর্য ন্ত গ্রামঞ্চলে বিভিন্ন প্রকার ৮৭৭১৯ টি পানির উৎস স্থাপন করা হয়েছে।

চিত্র : গ্রামীন এলাকায় আর্সে নিকমুক্ত নিরাপদ পানি সংগ্রহ

খ) পৌর পানি সরবরাহ ঃ

ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত অন্যান্য সিটি কর্পো রেশন এবং পৌর এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ কার্য ক্রমবাস্তবায়ন করে থাকে।

বর্তমানে ১৫৪ টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে। অবশিষ্ট পৌরসভায় পয়েন্ট সোর্সে এর মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু রয়েছে। পাইপ লাইনের মাধ্যমে পানির কভারেজ৩০% এবং পয়েন্ট সোর্স এর মাধ্যমে অবশিষ্ট পৌর এলাকায় পনি সরবরাহ ব্যবস্থা আছে।

চিত্রঃ লৌহ ও আর্সে নিক বিমুক্তকরণ প্লান্ট

৬. স্যানিটেশন কার্য ক্রম

নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা মানুষের মৌলিক প্রয়োজন এবং জাতিসংঘ মানবাধিকার। অপর্য াপ্ত পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা সরাসরি পানিবাহিত ও মলবাহিত রোগ সংক্রামক রোগ, স্বাস্থ্য ঝুঁকি এবং পরিবেশ দূষণের সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভঅবে জড়িত। তাই বর্তমান সরকার পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়টিকে বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। পানি সরবরাহ ও স্যানিশেন কার্য ক্রমে সরকারে সদিচ্ছার প্রতিফলন হিসেবে ১৯৯৮ সালে "নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন এর জাতীয় নীতিমালা" প্রণয়ন করা হয়েছে। পর্য ায়ক্রমে সরকারের এই মেয়াদে"জাতীয় স্যানিটেশন কৌশল' ও পানি সরবরাহ এবং স্যানিটেশন খাতের সেক্টর ডেভলপমেন্ট প্ল্যান, ২০১১-২০২৫' প্রণীত হয়েছে। বর্তমান সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে বদ্ধপরিকর। এসডিজি বাস্তবায়নে সরকারের গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে "পান সরবরাহ ও স্যানিটেশন" বিষয়টিকে ৭ম পঞ্চবার্ষি ক পরিকল্পনায় বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে।

স্যানিটেশনের ক্ষেত্রে বেসিক স্যানিটেশন অর্জন ও খোলা জায়গায় মলমূত্র ত্যাগ কমিয়ে আনতে বাংলাদেশ সারা বিশ্বে অনুকরনীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। Joint Monitoring Program (JMP) ২০১৫ অনুযায়ী বাংলাদেশে উন্নত ল্যাট্রিন ব্যবহার করে ৫৬% জনগণ, শেয়ারড ল্যাট্রিন ব্যবহার করে ৩০% জনগণ, বেসিক ল্যাট্রিন ব্যবহার করে ১৩% জনগণ। স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারি সংস্থা, সুশীল সমাজ, গণমাধ্যমসহ সকলের সহযোগীতায় এ অগ্রগতি অর্জন করা সম্ভব হয়েছে। স্থানীয় সরকার বিভাগের উদ্যেগে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রতিবছর অক্টোবর মাসে 'জাতীয় স্যানিটেশন মাস' পালন করা হয়ে থাকে। এছাড়া জনগণের স্বাস্থ্য সুরক্ষা, ব্যক্তিগত স্বাস্থ্যভ্যাস পরিচর্য া ও জনস্বাস্থ্য উন্নয়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিবছর ১৫ অক্টোবর সমগ্রদেশব্যপী 'বিশ্ব হাতধোয়া দিবস' পালন করা হয়ে থাকে।

স্যানিটেশন বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্য ক্রমেরঅংশ হিসেবে ২০০৮ ও ২০০৯ সালে "বিশ্ব হাতধোয়া দিবস" এ সর্বে াচ্চ সংখ্যক স্কুলের শিক্ষার্থীর অংশ গ্রহণে সাবান দিয়ে হাতধোয়ার ক্ষেত্রে বাংলাদেশGuinness Book of World Record ভূক্ত হয়েছে।

ক) গ্রামীণ স্যানিটেশন

বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরে সর্ব মোট প্রায়৩৫০৩০ টি স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মি ত হয়েছে। জুন২০১৯ মাসে সমগ্র দেশে বেসিক স্যানিটেশন কভারেজ শতকরা ৯৯ ভাগে উন্নীত হয় । বিগত ২০১৮ সালের অক্টোবর মাসে দেশব্যাপী জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হয়েছে।

চিত্রঃ ইকো টয়লেট, আলিকদম, বান্দরবান

চিত্রঃ স্বাস্থ্য সম্মত ও উন্নত টয়লেট

খ) পৌর স্যানিটেশন

স্যানিটেশন ব্যবস্থার উল্লেখযোগ্য অবকাঠামোর মধ্যে রয়েছে ড্রেন নির্মান, পাবলিক টয়লেট, কমিউনিটি ল্যাট্রিন এবং একক ল্যাট্রিন নির্মাণ। বিগত ২০১৮-২০১৯ অর্থ বছরে ২৬৬ টি পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন এবং ১৭৭০ টি শেয়ারড্ ল্যাট্রিন স্থাপন করা হয়েছে।

চিত্র ঃ বায়োফিল টয়লেট, কক্সবাজার

চিত্র ঃ তিন তলা টয়লেট বিল্ডিং, টঙ্গি ইজতেমা ময়দান

৭. পানি পরীক্ষাগারের কার্য ক্রম

স্বাধীনতা পরবর্তী ১৯৯৩ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলায় বাংলাদেশে সর্ব প্রথম পানিতে আর্সেনিক দূষণের ঘটনা ধরা পরে। বিশুদ্ধ পানি সরবরাহের জন্যে নিয়োজিত সরকারী সংস্থা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সীমান্তবর্তী কয়েকটি জেলায় পরীক্ষা চালিয়ে নলকূপের পানিতে আর্সেনিক দূষণ সনাক্ত করে। বিভিন্নসরকারী বেসরকারী সংস্থা পরিচালিত সর্ব শেষ জরীপ পর্যবেক্ষণ ও বিশ্লেষণকরে দেখা যায় ৬৪ টি জেলার মধ্যে ৬১ টি জেলার নলকূপের পানিতেই কম বেশি আর্সেনিকের অস্তিত্ব পাওয়া যায়। এই লক্ষ্যে পানি পরীক্ষা কার্য ক্রম পদ্ধতি শক্তিশালী করণের উদ্যেগ নেওয়া হয়।

বর্তমানে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকসহ অন্যান্য উপাদানের উপস্থিতি পরিমাপের জন্য দেশের১৪ টি জেলায় স্থাপিত পানি পরীক্ষাগারের মাধ্যমে এ সংক্রান্ত কার্য ক্রম চলমান আছে। জাপানের আর্থিক সহায়তায় পানি পরীক্ষা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে ঢাকার কেন্দ্রীয় পানি পরীক্ষাগার ও জোনাল ল্যাবরেটরীগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন করে পানির গুণাগুণ পরীক্ষায় বিষয়টি আরও শক্তিশালী করা হয়েছে। বিগত ২০১৮-২০১৯ অর্থ বছরে কেন্দ্রীয় পানি পরীক্ষাগার ও জোনাল ল্যাবরেটরীর মাধ্যমে মোট১০০৪৫১ টি পানির নমুনা পরীক্ষা করা হয়।

চিত্র : পানির নমুনা পরীক্ষা

চিত্র : পানির Bacteriological পরীক্ষা

সমগ্র বাংলাদেশে সরকারীভাবে স্থাপনকৃত সকল নলকূপের পানির গুণগতমান ডিপিএইচই ল্যাব সমূহের মাধ্যমে পরীক্ষা করা বাধ্যতামূলক করা হয়েছে এবং উক্ত কার্য ক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। এ ছাড়া বিভিন্ন দাতা সংস্থা, এনজিও, বিশ্বব্যাংক, এডিবি ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে স্থাপনকৃত নলকূপের পানি ও পরীক্ষা করা হচ্ছে। ঢাকায় অবস্থিত কেন্দ্রীয় পানি পরীক্ষাগারে মাধ্যমে পানির ৫৩ টি বৈশিষ্ট্য (parameter)ও জেলা পর্য ায়ে অবস্থিত আঞ্চলিক পানি পরীক্ষাগারের মাধ্যমে পানির ২২ টি বৈশিষ্ট্য (parameter) পরীক্ষা করা সম্ভব হচ্ছে।

৮. প্রাকৃতিক দুর্যে াগ ও আপদকালীনকার্য ক্রমঃ

বাংলাদেশে প্রায় প্রতি বছরেই এক বা একাধিক প্রাকৃতিক দুর্যে াগ বন্যা, খরা, ঘূর্ণি ঝড় জলোচ্ছাস, পাহাড় ধস, জলাবদ্ধতা ইত্যাদি বিভিন্ন স্থানে বিভিন্ন মাত্রায় আঘাত হানে। এছাড়াও বর্ষ া মৌসুমে পাহাড় ধস ও জলাবদ্ধতা জনিত সমস্যা একটি নিত্যনৈমিত্তিক বিষয়। এ সময়ে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা ক্ষতিগ্রস্থ হওয়ার জন্য নিরাপদ পানির চরম সংকট দেখা দেয় এবং স্যানিটেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ে। ফলে অধিকাংশ ক্ষেত্রেই দুর্যে াগকালীনদুর্যে াগের পর দুর্গ ত এরাকায় নিরাপদ পানীয় জলের অভাব পরিলক্ষিত হয়। এ সময়ে বিশুদ্ধ খাবার পানির অভাবে দূর্গ ত এলাকায়আশ্রয় কেন্দ্রে ডায়ারিয়া, আমাশয়, টাইফয়েড, কলেরা ইত্যাদি বিভিন্ন রোগের প্রার্দুভ াবে অসংখ্য লোকের প্রাণহানি ঘটে।

সম্প্রতি ঘূর্ণি ঝড়'ফণী' বাংলাদেশে আঘাত হানে। এ ধরনের প্রাকৃতিক দুর্যে াগে উপদ্রুত এলাকার জনগণকে তাৎক্ষণিকভাবে নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে অত্র অধিদপ্তরের বিভিন্ন রকম প্রস্তুতি নিয়েছিল।
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরাধীণ উপকূলীয় ১৯টি জেলা, রাজশাহী ও রংপুর সার্কেল এর ১৬ টি সহ মোট ৩৫টি জেলায় (খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, বরগুনা, বরিশাল, ভোলা, চাঁদপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, গোপালগঞ্জ, যশোর, ঝালকাঠি, লক্ষীপুর, নড়াইল, নোয়াখালী, পিরোজপুর, শরীয়তপুর, পটুয়াখালী, রাজশাহী, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, নাটোর, নওগাঁ, জয়পুরহাট, বগুড়া, রংপুর, দিনাজপুর, নিলফামারী, লালমনিরহাট, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঠাকুরগাঁও, পঞ্চগড়)

নিম্ন লিখিত মালামাল জরুরী ভিত্তিতে প্রদান করা হয় :
ওয়াটার পিউরিফিকেশন ট্যাবলেট ১৪৬৯৮০০ টি, ব্লিচিং পাউডার ১৯০৮ কেজি, হাইজিন কীট ২০৯৮ টি, মোবাইল ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ৪২ টি,জেরীকেন ৫৫৯২১ টি, পানির ট্যাংক ১১৭১ টি, অস্থায়ী ল্যাট্রিনের সুপার স্ট্রাকচার ২২২৩ টি।
এছাড়াও যে কোন ভয়াবহ প্রাকৃতিক দুর্যে াগ মোকাবিলার জন্য জনস্বাস্থ্যপ্রকৌশল অধিদপ্তরের সার্ব ক্ষণিক প্রস্তুতি রয়েছে।

বন্দর ও উপকূলীয় জেলা সমূহে ঘূর্ণি ঝড়'ফণী'-এর আঘাত। ছবি : UNB

ক) মিয়ানমার হতে ব্যস্তচ্যুত রোহিঙ্গা সম্প্রদায়ের জন্য কার্য ক্রমঃ

বাংলাদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর অনুপ্রবেশ শুরু হয় ১৯৭৮ সাল থেকে। ২০১৭ সালের আগ পর্য ন্ত তাদের সংখ্যা ছিল ০৩ লক্ষের মত। ২০১৭ সালের আগষ্ট এর পর থেকে এখন পর্য ন্ত এই সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে১১ লক্ষের ও বেশি। এই বিশাল জনগোষ্ঠীকে আশ্রয় দেয়া হয় কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলার ৩২ টি ক্যাম্পে। তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদানের জন্য স্বল্প সময়ের মাঝে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়। বাংলাদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর অনুপ্রবেশ শুরু হয় ১৯৭৮ সাল থেকে। ২০১৭ সালের আগ পর্য ন্ত তাদের সংখ্যা ছিল তিন লক্ষের মত্ত ২০১৭ সালের আগস্ট এর পর থেকে এখন পর্য ন্ত এই সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ১১ লক্ষেরও বেশি। এই বিশাল জনগোষ্ঠীকে আশ্রয় দেয়া হয় কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলায় ৩২ টি ক্যাম্পে। তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদানের জন্য ২০১৮-১৯ অর্থ বছরে এডিবি এবং বিশ্বব্যাংক এর সহায়তাপুষ্ট ২টি নতুন প্রকল্পের কাজ শুরু (মার্চ ২০১৯ হতে) হয়েছে । এই ২ প্রকল্পের অধীনে ৫০০টি গোসলখানা, ২৮টি মিনি পাইপ ওয়াটার সাপ্লাই সিস্টেম, ৪০টি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম, ১০টি পাইপ মিনি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট সিস্টেম, ০২টি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট ও সলিড ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট ও ২০টি বায়োগ্যাস প্ল্যান্ট রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ আছে। এই সকল কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। আগামী অর্থ বছরে এই সকল কাজ সমাপ্ত করা সম্ভব হবে।

চিত্র: রোহিঙ্গা শিবিরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত টয়লেট

৯. গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কার্য ক্রমঃ

পানি সরবরাহ ও স্যানিটেশন খাতরে চ্যালেঞ্জসমূহ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করতে গবেষণা ও উ্ননয়ন বিভাগের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিছু কার্য ক্রমপ্রোগ্রাম পরিচালানার উদ্যেগ নিয়েছে। গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি কার্য ক্রমপ্রোগ্রাম নিম্নে বর্ণ না করা হলোঃ

ক) উপকূলীয় অঞ্চলে সৌরশক্তি চালিত পাম্পসমূহ উন্নত পুকুর পাড়ের বালির ফিল্টার পদ্ধতির পরীক্ষামূলক কার্য ক্রম(PSF)

২০০৯ সালে অক্সফাম-জিবি বাংলাদেশের সহায়তায় গবেষণা উ্ননয়ন বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপকূলীয় অঞ্চলে উন্নত প্রযুক্তির পি এস এফ স্থাপনার উদ্যেগ গ্রহণ করে যা পরবর্তীতে ২০১২-১৩ সাল পর্য ন্ত বর্ধি ত করা হয়। এই উন্নত প্রযুক্তির আওতায় পুকুর হতে ফিল্টার বেডে পানি উত্তোলনের জন্য সৌরশক্তিচালিত পাম্প ব্যবহার করা হয়। এ ব্যবস্থায় স্বয়ংক্রিয়ভাবে অবিরত পানির প্রবাহ বজায় রাখার জন্য পরিশোধিত পানির প্রকোষ্ঠে একটি সেন্সর ও ব্যবহার করা হয়। প্রচলিত নিয়মে হস্তচালিত নলকূপ দ্বারা কাজটি করা হয়ে থাকে যে ব্যবস্থায় রাখা হয় যার ফলে পানি ব্যবহারকারীরা বিশেষতঃ নারীরা রাতেও পিএসএফ থেকে পানি সংগ্রহ করতে পারে। যশোরে মনিরামপুরে, সাতক্ষীরার আশাশুনি এবং খুলনার

কয়রাতে এ ধরনের ২০ ট পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন করা হযেছে। প্রতিটি ব্যবস্থা স্থাপন করতে প্রায় ৩.০০ লক্ষ টাকা খরচ হয়। নিম্নে এই পরীক্ষামূলক পদ্ধতিটির কিছু চিত্র তুলে ধরা হলো-

চিত্রঃ পিএসএফ

পরবর্তীতে উক্ত ২০ টি পিএসএফ এর কর্ম ক্ষমতার উপর ভিত্তি করে জনস্বাস্থ্য প্রকৌশল অীধদপ্তর এর বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মি তব্যPSF এর নকশায় নিম্নলিখিত পরিবর্তন আনা হয়ঃ

- ফিল্টার ইউনিটে বহিরাগত দূষক অনুপ্রবেশ রোধ করতে এবং সূর্যে ালোকপ্রবেশ অব্যহত রাখতে ফিল্টার ইউনিটের উপর স্বচ্ছ ফাইবার গ্লাস শিট ব্যবহার করা হয়েছে।
- PSF এ Brick Soling এর পরিবর্তে R.C.C Base ব্যবহার করা হয়েছে।
- পরিশোধন ইউনিটে UV বাতি ব্যবহার করা হয়েছে।
- পুকুরে পানি সংরক্ষণ ট্যাস্ক এর উপর ফেরো সিস্টেম স্লাব এর পরিবর্তে CL Sheet Cover ব্যবহার করা হয়েছে।
- প্রচলিত ফোর্স পাম্প এর পরিবর্তে SS ফোর্স পাম্প ব্যবহার করা হয়েছে।
- পানি সংগ্রহ স্থানের প্ল্যাটফর্মে Floor Tiles এর ব্যবহার রাখা হয়েছে।

খ) বাংলাদেশের উপকূলীয় এলাকায় ভূগর্ভ স্থ পানিতে লবণাক্ততা অনুপ্রবেশের উপর যৌথ গবেষণাঃ

বাংলাদেশ সরকার, DANIDA, হাইস্যাওয়া, IWM এবং ITN-BUET এর আর্থি ক সহায়তায় অক্টোবর, ২০১০ সালে এই যৌথ গবেষণার কাজ শুরু হয়ে জুন, ২০১৫ তে সমাপ্ত হয়। ইন্সটিউন অফ ওয়াটার মডেলিং (আই ডব্লিউ এম) এই কার্য ক্রমে সহযোগী পরামর্শ ক হিসেবে কাজ করে। খুলনা ও সাতক্ষীরা জেলার কিছু অংশে (১০ টি উপজেলার প্রায় ১৫৩৪ বর্গ কিঃমিঃ এলাকা) এই গবেষণা পরিচালনা করা হয়। এই গবেষণায় ভূ-গর্ভ স্থ ও ভূপৃষ্ঠস্থ উভয় প্রকার পানির গুণগত মান (বিশেষত, লবনাক্ততা) অনুপ্রবেশের হার নির্ণ য় করতে বেসলাইন জরিপ, মিডলাইন জরিপ ও এন্ডলাইন জরিপ পরিচালনা করা হয়। বিভিন্ন স্থানে ৩৬ লাইন ওয়েল সহ ৪৫ পর্য বেক্ষণনলকূপ স্থাপন করা হয়, যেগুলো ব্যবহার করে সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে অবিরত পর্য বেক্ষণকরা হয়। নিয়মিত সময়ের ব্যবধানে ডিপিএইচই খুলনার পরীক্ষাগারে পানির নমুনা পরীক্ষা করা হয়। কাজীবাছা, গাঙরিল ও কপোতক্ষ নদী তীর বরাবর ও আড়াআড়িভাবে লাইন ওয়েল বরাবর ৮টি অটোমেটিক লেভেল লগার সংযুক্ত করা হয়। এ ছাড়া ও ৩০০টি সরকারী/বেসরকারী নলকূপ বেসলাইন, মিডলাইন ও এন্ডলাইন জরিপের আওতায় আনা হয়। এভাবে সম্পূর্ণ তথ্য ও সম্ভাব্য ব্যবহারযোগ্রতা পরীক্ষা করার জন্য বৈদ্যুতিক লগিং, পাম্পিং টেস্ট ইত্যদি পরিচালনা করা হয়। এভাবে সম্পূর্ণ

তথ্য সংগ্রহের পর কম্পিউটার ভিত্তিক সিমুউলেশন/মডেলিং ব্যবহার করে লবণাক্ত পানির অনুপ্রবেশের হারে ব্যাপ্তি ও মাত্রা অনুমান করা হয়। উক্ত পর্য বেক্ষণহতে উল্লেখ করা যেতে পারে যে, গভীর ভূ-গর্ভ স্থ পানির উপর লবণাক্ত ভূ-উপরিস্থ পানির প্রভাব অতি নগণ্য। কিন্তু অগভীর ভূগর্ভ স্থ পানির সাথে ভূ-উপরিস্থ লবণাক্ত পানির পরিবর্তনশীল প্রভাব বিদ্যামান। ২০৫০ সাল নাগাদ, পর্য বেক্ষণাধীন এলাকার বিদ্যামান স্বল্প গভীরতায় স্বাদু পানির পকেট এলাকার শতকরা ৩.৪৪ ভাগ লবণাক্ত হয়ে যাওয়ার সম্ভবনা রয়েছে।



চিত্রঃ অনুভূমিক স্যালাইন একুইফার বিস্তৃতি।

<u>গ) নওগাঁ জেলার নিম্ন পানির স্তরবাহী এলাকায় হস্তচালিত হাইড্রলিক ও হাইব্রিড পাম্পের পরীক্ষামূলক ব্যবহারঃ</u>

২০১৪ সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর গবেষণা উন্নয়ন বিভাগ কর্তৃক ইউনিসেফের আর্থি ক সহায়তায় পাইলটিং হিসেবে নওগাঁর নিম্ন পানির স্তরবাহী এলাকায় হস্তচালিত হাইব্রিড ও হাইড্রোলিক পাম্প স্থান করা হয়। পাইলটিং এর উদ্দেশ্য ছিলো ঐসব এলাকায় শুষ্কমৌসুমে ৬ নং লিফটিং ম্যানুয়েল পাম্পের কার্য কারিতা পরীক্ষা করা। এই ৩০ মিটার উত্তোলন ক্ষমতা সম্পন্ন ২০ টি নোভিয়া হাইড্রলিক পাম্প (ফ্রান্স হতে আমদানীকৃত) এবং ২০ মিঃ উত্তোলন ক্ষমতা সম্পন্ন ১০ টি স্থানীয়ভাবে প্রস্তুতকৃত হাইব্রিড তারা পাম্প স্থাপন করা হয়। হস্তচালিত ও পাচলিত উভয় প্রকার পাম্প ব্যবহার করা হয় এতে। বর্তমানে এই পাম্পগুলোর মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। মূল্যায়ন প্রতিবেদনের ব্যাখার পর, এর প্রযুক্তিগত কার্য কারিতা ও সামাজিক গ্রহনযোগ্যতা নিরুপুন করা হবে। নিচের চিত্রগুলোতে মাঠপর্য য়ে স্থাপনকৃত ৩০ মিঃ উত্তোলনকৃত পাম্প এর প্রযুক্তিগত ডায়াগ্রাম দেখানো হয়েছে।

চিত্রঃ হস্ত চালিত ও পা চালিত হাইব্রিড ও হাইড্রোলিক পাম্প

২০১৪ সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর গবেষণা ও উন্নয়ন বিভাগ কর্তৃক ইউনিসেফের আর্থিক সহায়তায় পাইলটিং হিসেবে নওগাঁর নিম্ন পানি স্তরবাহী এলাকায় হস্ত চালিত হাইড্রোলিক পাম্প স্থাপন করা হয়েছিল। হাইড্রোলিক পাম্প স্থাপনের পরে সামাজিক গ্রহনযোগ্যতা নিরুপন করে আরো বৃহৎ স্কেলে পানি সরবরাহ করার লক্ষ্যে দেশের নিম্নে পানি স্তরবাহী এলাকা নওগাঁ, রাজশাহী চাঁপাইনবাবগঞ্জ, নারায়নগঞ্জ এবং গাজীপুর জেলায় হাইড্রোলিক পাম্প স্থাপন করা হয়েছে। যা শুষ্ক মৌসুমে ৩০ মিটার নিচের স্তর থেকে পানি উত্তোলন করতে সক্ষম।

১০. মানব সম্পদ উন্নয়নঃ

বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে যেভাবে প্রযুক্তির ব্যবহার বেড়েছে তাতে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণের বিকল্প নেই। যুগের সাথে তাল মেলানোর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে সরকারী/বেসরকারী পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষণ কার্যক্রমসমূহ কেন্দ্রীয় এবং আঞ্চলিক পর্যায়ে বাস্তবায়ন করা হয়। কেন্দ্রীয়ভাবে প্রশিক্ষণ বিভাগ এ সকল তত্ত্বাবধান করে থাকে।

প্রশিক্ষণ সমূহ প্রধানতঃ বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ইউনিসেফ এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে চলমান বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আয়োজন করা হয়। অনুষ্ঠিত এ সকল প্রশিক্ষণ কর্মসূচীর মূল বিষয়বস্তু মূলত কারিগরী, আর্থিক ও প্রশাসনিক। এছাড়াও সিপিটিইউ (CPTU) হতে প্রশিক্ষিত কর্মকর্তাগণের সহায়তায় নভেম্বর ২০১৩ সাল থেকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের সকল নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীদের পর্যায়ক্রমে ইলেকট্রনিক ট্রেন্ডারিং(e-GP)বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেছে। বর্তমানে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ তাদের সকল দরপত্র ইলেক্ট্রনিক টেন্ডারিং প্রক্রিয়ায় সম্পাদিত হচ্ছে। বর্তমান অর্থ বছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষক ও অর্থায়নে অত্র দপ্তরের প্রায় ৬০ জন কর্মকর্তা/কর্মচারীদের ইফাইলিং ব্যবস্থার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এখন দাপ্তরিক চিঠিপত্র বেশির ভাগ ই-ফাইলিং এর মাধ্যমে করা হচ্ছে।

দেশের অভ্যন্তরে ২০১৮-২০১৯ অর্থ বছরে অধিদপ্তরের মোট ২৫৭ জন প্রশিক্ষর্ণার্থীকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এবং ১৮ জন কর্মকর্তাকে বিদেশে প্রশিক্ষণের জন্য পাঠানো হয়েছে। এছাড়াও দেশের অভ্যন্তরে ২০১৮-২০১৯ অর্থ বছরে
১৮০০ জনের অধিক কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন সেমিনার/ওয়ার্কশপে অংশ গ্রহণ করেন।

১১। চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী: (হিসাব লক্ষ টাকায়)

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
১)	৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প জিওবি ৮৯৯০০.০০ লক্ষ ডিসেম্বর ২০১০-জুন/২০২০	১) বিদ্যামান পানি সরবরাহ স্থাপনাদি পূর্ণ বাসন ও সম্প্রসারণ। ২) পানি সরবরাহ ব্যবস্থার স্থায়িত্বের জন্য সচেতন বৃদ্ধি। ৩) নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার কভারেজ বৃদ্ধি।	১. উৎপাদক নলকূপ পুনরুজ্জীবিতকরণ- ২. পাম্প হাউজ প্রতিস্থাপন ৩. পাইপ লাইন স্থাপন (বিভিন্ন ডায়া) ৪. ওয়াটার পয়েন্ট	২০ টি ৪৫ টি ২০০কিঃমিঃ ৫০ টি	৬৫০০.০০	১২ টি ৪২ টি ১৭০ কিঃমিঃ ৫০ টি	৬০৫৯.৪১
২)	থানা সদর ও গ্রোথসেন্টারে অবস্থিত পৌরসভা সমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প (২য় পর্ব) জিওবি ৩১০২৬.২৭ লক্ষ জুলাই/২০১২-জুন/২০২০	১) প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে তাদের জীবনযাত্রার মান উন্নতকরণ। ২) নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশসম্মত স্যানিটেশনের মাধ্যমে ডায়ারিয়া ও অন্যান্য পানিবাহিত রোগ হ্রাসকরন।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. পানির উৎস স্থাপন ৩. উৎপাদক নলকূপ স্থাপন ৪. পাম্প হাউস নির্ম াণ ৫. পাইপ লাইন স্থাপন (বিভিন্ন ডায়া) ৬. পাবলিক টয়লেট নির্ম াণ ৭. পানি শোধনাগার (আংশিক)	১১টি ৬২ টি ৪ টি ১১ টি ১৬৫কিঃমিঃ ০৮ টি ১৫ টি	৭০০০.০০	০৮ টি ৫০ টি ২ টি ০৮ টি ১১৫কিঃমিঃ ০৬ টি ১০ টি	৪৫৪৭.০৪
৩)	গ্রাউন্ড ওয়াটার ইনভেস্টিগেশন এন্ড ডেভেলপমেন্ট অব ডীপ গ্রাউন্ড ওয়াটার সোর্স ইন আরবান এন্ড রুরাল এরিয়াস ইন বাংলাদেশ ১০৩৫২.৯৩ লক্ষ জুলাই/২০১৩-জুন/২০১৯	১) আর্সে নিক আক্রান্ত যেসব এলাকায় পাথুরে মাটির কারণে গভীর নলকূপ খনন করা কষ্টসাধ্য, সেসব এলাকায় গভীর নলকূপ খনন করা। ২) গভীর নলকূপ কনন প্রযুক্তিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্ষমতা বৃদ্ধিকরণ। ৩) প্রকল্প এলাকাঃ মানিকগঞ্জ, রাজবাড়ি, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া/মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা জেলাসমূহের পৌর এলাকা ও বিভিন্ন গ্রাম।	১. হ্যান্ড টিউবওয়েল স্থাপন ২. উৎপাদক নলকূপ স্থাপন	১৯ টি ১২ টি	২৯১০	১৬ ১১	২৯০৯.৪৭

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
৪)	৪০ পৌরসভা ও গ্রোথসেন্টারে পানি সরবরাহ এবং এনভাইরনমেন্টাল স্যানিটেশন (দ্বিতীয় পর্য ায়) প্রকল্প ২২৮৮২৫.২৯ লক্ষ জানুয়ারি/২০১৪-জুন/২০১৯	১) বিদ্যামান পানি সরবরাহ স্থাপনাদি পূর্ণ বাসন ও সম্প্রসারণ। ২) পানি সরবরাহ ব্যবস্থার স্থায়িত্বের জন্য সচেতনতা বৃদ্ধি। ৩) নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার কভারেজ বৃদ্ধি।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. পাইপ লাইন স্থাপন/বিভিন্ন ব্যাসের), কিঃমিঃ ৩. উৎপাদক নলকূপ স্থাপন, ৪. পাম্প হাউজ নির্ম াণ ৫. পানির উৎস ৬. গৃহ সংযোগ	২০ টি ৭২কিঃমিঃ ০৮ টি ২১ টি ৩০০ টি ৩০০০ টি	৪০০০.০০	২০টি ৮০কিঃমিঃ ০৮ টি ২১ টি ৩০০ টি ৩০০০ টি	৩৯৪৮.৯০০
৫)	পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যশিক্ষা প্রকল্প (১ম সংশোধিত) ৪৫৩০৮.২১ লক্ষ জানুয়ারি /২০১৫-জুন//২০১৯	আর্সে নিক, লবনাক্ততা, পানির দুষ্প্রাপ্যতা রয়েছে এমন এলাকা সমূহে নিরাপদ পানি সরবরাহ হতদরিদ্র জনগণের মধ্যে পয়ঃনিস্কাশন ব্যবস্থাসহ স্বাস্থ্যবিধি ব্যাপক প্রচার ঘটানো এবং উন্মুক্ত স্থানে মলত্যাগের হার, হ্রাস করণ কার্য ক্রমের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার আর্ন্তজাতিক ও জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখা।	১. বিভিন্ন ধরনের নলকূপ ২. শেয়ারড্ ল্যাট্রিন	৯৪৩ টি ১৭৭৫ টি	৫৭০০.০০	৮৬৩ টি ১৭৭০ টি	৫৬৮০.৮৩
৬)	পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ৮৩৯৮৭.১৬ লক্ষ জানুয়ারী/২০১৬-ডিসেম্বর/২০১৯	সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে পানি বাহিত এবং পানি সংক্রান্ত রোগ-হ্রাস করে গ্রামীণ জনগণের সার্বি ক অর্থ নৈতিক উন্নয়নে অবদানে রাখা, নিরাপদ পানির উৎস স্থাপনের মাধ্যমে পল্লী এলাকায় পানি সরবরাহ কভারেজ বৃদ্ধি করণ এবং প্রকৃতিক ক্ষয়ক্ষতি, প্রাকৃতিক দুর্যে াগ ও অন্যান্য সমস্যার সময় পানি সরবরাহের কভারেজ টিকিয়ে রাখা।	১. বিভিন্ন ধরনের নলকূপ	৯০৬৯টি	৯৮৯১.০০	৯১১১টি	৯৮৩৪.০২

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
৭)	জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্য ায়) ১৪৯৯৫.৫২ লক্ষ মার্চ/২০১৬-জুন/২০১৯	১) চরম দুর্গ ম এলাকা হিসেবে চিহ্নিত জনগোষ্ঠীর জন্য পানি সরবরাহ কর। ২) হাওড়, উপকূলীয় এলাকা, বন্যা প্রবণ এলাকা এবং পাহাড়ি এলাকায় টেকসই স্যানিটেশন ব্যবস্থার মাধ্যমে লাগসই প্রযুক্তির উদ্ভাবন করা। ৩) উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সহায়তায় কমিউনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে কমিউনিটি লোকজনের জন্য টেকসই স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা। ৪) সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্য়ার মান উন্নয়ন করা। ৫)সকলের জন্য টেকসই স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের কাছে পরিচ্ছন্ন পরিবেশের গুরুত্ব আরাপ করা।	১. কমিউনিটি জনগণের জন্য পানি সরবরাহ ব্যবস্থা সহ টয়লেট নির্ম াণ - ২. পাবলিক টয়লেট নির্ম াণ ৩. স্বল্প মূল্যের স্যানিটারি সেট নির্ম াণ ৪. ইকো-সান টয়লেট নির্ম াণ	৭৫ টি ০৪ টি ৩৫০০০ টি ৩০ টি	১৩৫৭.০০	৭৫ ০৪ ৩৫০০০ টি ৩০ টি	১২০৯.৪৯
৮)	পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয়সমূহ পুনঃখনন/সংস্কার ৩৭৪৫০.৭১ লক্ষ সেপ্টেম্বর/২০১৬-জুন/২০২০	পুকুর/জলাধার সংরক্ষণের মাধ্যমে পরিবেশের উন্নয়নসহ টেকসই ও সুন্দর পরিবেশ গঠনে সাহায্য করা। ভূ-পানির ব্যবহার বৃদ্ধি করতঃ ভূ-গর্ভ স্থ পানি ব্যবহারের প্রবণতা হ্রাস করা ও ভূ-পৃষ্ঠস্থ পানিস্তরের উচ্চতা-হ্রাসকরন কমিয়ে আনা। পানিবাহিত ও পানীয় জল সংক্রান্ত বিভিন্ন রোগের প্রকোপ কমিয়ে আনার মাধ্যমে গ্রামীন জনসাধারণের সামগ্রীক অর্থ নৈতিক উন্নয়ন সাধন।পিএসএফ স্থাপন সহ পুকুর সংরক্ষণের মাধ্যমে গ্রামীন পানি সরবরাহ কভারেজ বাড়ানো।	১. পুকুর পুনঃখনন স্কীম	২৭৫ টি	৬৫০০.০০	৪৮০ টি	৬৩৬৪.৮৩

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
৯)	কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভবতা যাচাই ও উন্নয়ন প্রকল্প প্রণয়নের নিমিত্ত সমীক্ষা প্রকল্প ১৯৭.৮০ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৮	কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভাব্যতা যাচাই ও উন্নয়ন	-	-	১৬২.০০	-	৪৫.০০
১০)	বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ৪৫০৩.৯৯ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৯	নিরাপদ পানি সরবরাহ	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত) - ২.রিং ওয়েল তৈরী-	৫১৫ টি ৬৩ টি	২২৫২.০০	১৭০ টি ২৬ টি	১৪৮৩.০০
১১)	গোপালগঞ্জ এবং বাগেরহাট পৌরসভার পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প ৪১৯৫.১২ লক্ষ জানুয়ারি/২০১৭-ডিসেম্বর/২০১৯	১) প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো গোপালগঞ্জ এবং বাগেরহাট পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবনযাত্রার মান উন্নয়ন করা, ২) সংশ্লিষ্ট পৌরসভার পানি সরবরাহের আওতা বৃদ্ধি করা। ৩) পৌরসভার পয়ঃনিস্কাশন ও স্যানিটেশন সংক্রান্ত সুযোগ সুবিধা বৃদ্ধি করা। ৪) পানি সরবরাহ ও স্যানিটেশন শাখাসহ পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি করা।	১.ডিট্রিবিউশন পাইপ লাইন (বিভিন্ন ডায়া) - ২. পাবলিক টয়লেট নির্ম াণ	৭৪কিঃমিঃ ৫ টি	৫০০০.০০	৪৮ কিঃমিঃ ৩ টি	৪৪৯৬.৯৩
১২)	রাঙ্গামাটি জেলার বিভিন্ন উপজেলায় নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন প্রকল্প ৪১৯৫.১২ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৯	প্রত্যন্ত এলাকার জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা।	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২. রিং ওয়েল তৈরী (৬ নং হাত পাম্প যুক্ত)-	৫৬০ টি ১৩৮ টি	১৫০০.০০	৭৫০ ২২০ টি	১৪৯৪.৫৬

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
১৩)	খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ এলাকার জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৪৪০৮.২৫ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৯	প্রত্যন্ত এলাকার জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা।	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২. রিং ওয়েল তৈরী (৬ নং হাত পাম্প যুক্ত)- ৩. পানি সরবরাহ ব্যবস্থা সহ কমিউনিটি টয়লেট নির্ম াণ	৭১৭ টি ১০০ টি ২১ টি	১৮০০.০০	৭১৭ টি ১০০ টি ২১ টি	১৭৯৯.০০
১৪)	সাবেক ছিটমহল এলাকা সমূহকে বিশেষ গুরুত্ব প্রদানপূর্ব ক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ২৮৭৩.৫২ লক্ষ জানুয়ারী/২০১৬-ডিসেম্বর/২০১৯	Overall objective of this project is to fostering economic development for improving people's living standard in Lalmonirhat, Kurigram, Panchagarh and Nilphamari District Including the Ex Enclave areasof Bangladesh through increasing their access to safe drinking water and sanitation facilities.	১.অগভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২.ডাগ ওয়েল (৬ নং হাত পাম্প যুক্ত)- ৩. উন্নত স্যানিটারি টয়লেট নির্ম াণ	১৪২৫ টি ৫২৫ টি ৩৭০০ টি	১০০০.০০	১৩২৫ টি ২৫০ টি ২৯০০ টি	৯৫২.৪২
১৫)	সিরাজগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নতি সাধন প্রকল্প ৪৫৯৩.৪৬ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৮	১) পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করে মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন সুবিধা প্রদান করা। ২) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে ডায়ারিয়া ও অন্যান্য পানি বাহিত রোগ-ব্যাধি কমিয়ে আনা।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. উৎপাদক নলকূপ স্থাপন	৮ টি ২টি	৭০০.০০	৮ টি ৪টি	৬১৩.৫৫
১৬)	জামালপুর জেলার তিনটি পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমমেন্টাল স্যানিটেশন	১) প্রকল্প এলাকার জনগণের জন্য সুপেয় পানি ও গৃহস্থলির কাজে ব্যবহার নিশ্চিতকরণ,	১. পাইপ লাইন ডিস্টিবিউশন (১০০ মিঃমিঃ)	৮০ কিঃমিঃ	২০০০.০০	৭৪ কিঃমিঃ	১৭৬০.৯৩

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প ৭৬৮৫.০৭ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৯	২) পাইপ লাইন নেটওর্য়াকের মাধ্যমে পৌর এলাকার নিরাপদ পানি সরবরাহ করনসহ কভারেজ বৃদ্ধি করণ, ৩) পাবলিক প্লেস ও স্যানিটেশন সুবিধা বৃদ্ধি করণ ৪) ড্রেনেজ সুবিধার উন্নতি করন সহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালু করন					
১৭)	নোয়াখালি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প ৪৫৯৩.৯৩ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০২০	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে নোয়াখালী পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উ্ননয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১. বিতরণ পাইপ লাইন(২০০ মি.মি)	৩৪ কি.মি. টি	৮৫০.০০	১১.৫০কি.মি.	৭৫০.০০
১৮)	টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া উপজেলা ও পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প ৪৮৩৮.০১ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	১) টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের কভারেজ যথাক্রমে ৭০% ও ৬৫.৬% হতে ১০০% এ উন্নীতকরণ। ২) টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া উপজেলার গ্রামীণ এলাকায় নিরাপদ পানির ব্যবহার বৃদ্ধি করা। ৪) পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি করে পানি সরবরাহ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ ও সর্ব াধুনিক ব্যবাহর নিশ্চিত করা।	১. বিতরণ পাইপ লাইন (২০০ মিঃমিঃ ও ১৫০ মিঃমিঃ ২.গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)-	১৭ কি.মি ১২০০ টি	২৫০০.০০	১৩ কিঃমিঃ ১২০০ টি	২২০০.০০
১৯)	বাংলাদেশের ২৩ টি পৌরসভায়	১) প্রকল্পভূক্ত পৌরসভাসমূহে পাইপ	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন	১২	২০০০.০০	২	৮৮৮.২৬

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৯৯১৭৩.৪৭ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০২১	লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার সূচনা করা। ২) এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতি সাধন, ৩) পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার জন্য পৌরসভার মাধ্যমে সাসটেইনেবল পরিচালনা ও রক্ষণাবেক্ষন পদ্ধতি উন্নয়ন করা।					
২০)	খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার পল্লী এলাকার নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ৪৫৯৩.৪৬ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	লবনাক্ত ও আর্সে নিক প্রবন এলাকা ও সুবিধা বঞ্চিত খুলনা, বাগেরহাট, ও সাতক্ষীরা জেরার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উন্নয়ন করা।	১. রেইন ওয়াটার হার্ভে স্টিং ২. পিএসএফ ৩. গভীর নলকূপ স্থাপন ৪. পাইপ লাইন (বিভিন্ন ব্যাসের)	১৬৫০ টি ৪০ টি ৬৬৪ টি ২৪ কিঃমিঃ	১৫০০.০০	১৬৫০ টি ৪০টি ৬৬৪ টি ২৪ কিঃমিঃ	১৪০০.৮৭
২১)	Study on Solid and Fecal Sludge Management System & design Railway and Waterway of Bangladesh (১ম সংশোধনী) ২৭৫.৭০ লক্ষ সেপ্টেম্বর/২০১৭-জুন/২০১৯	১)বাংলাদেশের জলপথ ও রেলপথের বর্তমান কঠিন বর্জ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার মূল্যায়ন। ২)জলপথ ও রেলপথের জন্য বিদ্যমান আইনগত ও পলিসিগত ফ্রেমওয়ার্ক পর্য ালোচনা। ৩)ট্রেন, লঞ্চ এবং ফেরীর কঠিন বর্জ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার উপর সম্ভাব্যতা প্রতিবেদন প্রণয়ন। ৪) জলপথ ও রেলপথের জন্য কঠিন র্বর্জ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে যথাযথ প্রযুক্তি নিরূপণ।	-	-	২০১.০০	-	১৮৯.১৬
২২)	পটুয়াখালী জেলঅধীন কুয়াকাটা পৌরসভায় নিরাপদ পানি সরবরাহ	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের	১.পরীক্ষামূলক নলকূপ ২.বিভিন্ন পানির উৎস স্থাপন-	৬ টি ১৫০টি	৭০০.০০	০৩ টি ৮০ টি	৬৩১.১৪

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	ও স্যানিটেশন প্রকল্প ৩৭৮৪.৯৭০ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	মাধ্যমে পটুয়াখালী জেরাধীন কুয়াকাটা পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবনযাত্রার মানের উন্নয়ন করে টেকসই।				- -	
২৩)	পীরগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প ১৯৯২.২৬ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	১) পাইপড ওয়াটার সাপ্লাই কভারেজ ০% থেকে ৪০% এ উন্নীতকরণ। ২) জনসমাগমের স্থানে স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণ এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা। ৩) পয়ঃনিস্কাশন সুবিধাদির উন্নয়ন	১. পরীক্ষামূলক নলকূপ	৩টি	২৩০.০০	৩টি	৬৮.৩৬
২৪)	পানি সরবরাহে আর্সে নিক ঝুর্কি নিরসন প্রকল্প ১৯৯০৯৫.৫৪ লক্ষ জানুয়ারি/২০১৮-ডিসেম্বর/২০২১	ক)অতি মাত্রায় আর্সে নিব ঝুঁ কিপূর্ণ এলাকাসমূহের জনগণের স্বাস্থ্য ও জীবনমান উন্নয়ন। খ) বিদ্যমান নলকূপের পানিতে আর্সে নিকদুষণের পরিমান নিরুপন। গ) প্রকল্পের এলাকায় আর্সে নিকমুক্ত নিরাপদ পানি সরবরাহকরণ। ঘ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও সাধারণ জনগণের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ পানি পান নিশ্চিতকরন।	বিভিন্ন পানির উৎস স্থাপন-	১২৭৯৪ টি	৭৫০০.০০	১১৪০০ টি	৭৪৫৭.৩৪১
২৫)	অগ্রাধিকারমূলক গ্রামীন পানি সরবরাহ প্রকল্প ৮৭৪১৬.৫১ লক্ষ এপ্রিল/২০১৮-জুন/২০২১	নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যেমে জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১.বিভিন্ন পানির উৎস স্থাপন- ২.পাবলিক টয়লেট-	৬০২৭১টি ১৬০ টি	৩৭২০০.০০	৬০২৭১টি ১৬০ টি	৩৭১৫০.০৮
২৬)	৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা সহ	প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশ গত	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ২.উৎপাদক নলকূপ স্থাপন-	১৩০ টি ৫৫টি	২৫০০.০০	১৩০ টি ৫৫টি	২০৮৭.০০

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প ৭১২৬৪.৬২০ লক্ষ জানুয়ারি/২০১৮-জুন/২০২০	স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের ৩২টি পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	৩.পাবলিক টয়লেট-	১০টি		১০টি	
২৭)	কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন কাযক্রমে জরুরী সহায়তা প্রকল্প ৫৮৫৩৩.০১ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২১	১.প্রকল্পরে মূখ্য উদ্দশ্যে হলো কক্সবাজার জলোর উখিয়া এবং টেকনাফ উপজলোর ৩২টি ক্যাম্পে বসবাসরত মিয়ানমার হতে জোরর্পূবক বিতাড়িত রোহঙ্গিা জনগোষ্ঠির উপর নেমে আসা প্রাকৃতিক দুযোগ নিরসনকল্পে সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন; ২)ক্যাম্পে বসবাসরত জনগোষ্ঠীর জন্য পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহরে ব্যবস্থা করা; ৩) ক্যাম্প সমূহে ফিকাল স্ল্যাজ ও কঠিন র্ব জ্য ব্যবস্থাপনাসহ স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন; ৪)প্রকল্প এলাকাঃ কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা করা।	১) মিনি পাইপড ওয়াটার সাপ্লাই-	০৬	১৯৭৫.০০	০৬ টি	১৬৯৮.৮৬
২৮)	পিরোজপুর জেলাদীন ভান্ডারিয়া উপজেলায় বিভিন্ন ইউনিয়নে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ১৭৬৪.২৭০ লক্ষ	প্রকল্পাধীন লবনাক্ততা ও উপকূলীয় দুযোগ প্রবন এলাকাসমূহে লবনমুক্ত নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরন এবং প্রকল্প এলাকায় গ্রামণি পানি	১) গভীর নলকূপ স্থাপন-	৪৫০ টি	১০০.০০	২৬০ টি	৯৯.৯৫০

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	জুলাই/২০১৮-জুন/২০২০	সরবরাহ কভারেজ বৃদ্ধিকরন					
২৯)	রাজশাহী,নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নিম্ন পানিস্তর এলাকায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ শীর্ষ ক প্রকল্প ৩২১৯.১৪ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২০	১. কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা। ২.প্রকল্প এলাকায় বসবাসকারী জনগণের জন্যপান ও গৃহস্থালী কাজে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা।	বিভিন্ন গভীরতার সাবমারসিবল পাম্প সহযোগে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন	৪৫২ টি	১০০০.০০	৩৮২ টি	৯৯৫.১৮
৩০)	ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন ৪০৯০.২১ লক্ষ অক্টোবর/২০১৮-ডিসেম্বর/২০২০	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় বসবাসরত জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১.উৎপাদক নলকূপ স্থাপন- ২.পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ৩.কমিউনিটি ল্যাট্রিন স্থাপন-	০২টি ০৪টি ১৫টি	২০০.০০	০১ টি ০২টি ১০টি	২০০.০০
৩১)	চা বাগানের কর্মীদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৬২১৪.৪৭ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২০	ক) চা বাগানের কর্মীদের জন্য রান্নাবান্না ও গৃহস্থালী কাজে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করন, খ) চা বাগানের কর্মীদের জন্য স্যানিটেশন ব্যবস্থা করা গ) চা বাগানের কর্মীদের মধ্যে স্বাস্থ্য ও হাইজিন প্রমোশনের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ।	-	-	১০০.০০	-	১০০.০০
৩২)	ভূ-উপরিস্থিত পানি পরিশোধনের মাধ্যমে রাঙ্গামাটি, বাগেরহাট ও ফরিদপুর জেলায় নিরাপদ পানি	গ্রামীণ এলাকা (রাঙ্গামাটি, বাগেরহাট ও ফরিদপুর জেলা) জনগণের নিরাপদ সুপেয় পানির প্রাপ্যতা নিশ্চিতকরণের	-	-	৩৭২.০০	-	৩১৯.৯৩

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
	সরবরাহ প্রকল্প ৪৮০৭.৬৩ লক্ষ অক্টোবর/২০১৮-জুন/২০২০	মাধ্যমে তাদের পানি বাহিত বিভিন্ন প্রকার রোগ বালাই হতে দূর রাখা এবং সেই সাথে তাদের স্বাস্থ্যওজীবন যাত্রার মানের উন্নয়ন।					
৩৩)	জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প ২৬৪৭৩.০০লক্ষ ডিসেম্বর/২০১৮-নভেম্বর/২০২১	ক) ক্যাম্পে বসবাস কারী জনগোষ্ঠীর জন্য পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা করা খ)ক্যাম্প সমূহে ফিক্যাল স্লাজ ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সহ স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন গ) নারী পুরুষের সমতায়নের ভিত্তিতে পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।	-	-	১২২০.০০	-	৯২৯.৯০
৩৪)	পানি সরবরাহ সংক্রান্ত সামগ্রিক ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন প্রকল্প ৩৯২৮.৮২ লক্ষ নভেম্বর/২০১৪-জুন/২০২০	১) বাংলাদেশের গ্রামীণ এলাকায় পানির সরবরাহের জন্য কম্প্রিহেনসিভ টেকনিক্যাল পাইপলাইন প্রণয়ন। ২) পৌর গ্রামীণ এলাকায় পানির সরবরাহ ব্যবস্থার ডাটাবেইস শক্তিশালীকরণ এবং মধ্যম ও দীর্ঘ মেয়াদি পরিকল্পনা প্রণয়নের সময় তা কাজে লাগানো।	-	-	৭৫৩.০০	-	৭১১.৭৬
৩৫)	প্রস্তাবিত বাংলাদেশ পৌর পানি সরবরাহ এবং স্যানিটেশন প্রকল্প প্রণয়ন ৯১০.০০ লক্ষ জানুয়ারী/২০১৮-জুন/২০১৯	১) নির্ব াচিত পৌরসভাসমূহে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সামাজিক ও পরিবেশগত প্রভাব মূল্যায়নের জন্য সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত করণ। ২) নির্ব াচিত পৌরসভা সমূহের সমীক্ষা প্রতিবেদন ও বিস্তারিত ড্রইং-ডিজাইন	১. পৌরসভার জন্য ফিজিবিলিটি স্টাডি এনভায়রনমেন্টাল ব্যবস্থাপনা ২.সোসাল এসেসমেন্ট আরএপি ও পুনবাসন ফ্রেমওর্য়াক প্রস্তুত-	১ ১ টি	৭৯৬.০০	১ ১ টি	৭২৭.২২

ক্রম	প্রকল্পের নাম / অর্থ ায়নের উৎস/ আর্থি ক সংশ্লেষ/ সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্য ক্রমেরবিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থি ব	বাস্তব	আর্থি ব
		প্রস্তুত করণ। ৩) প্রস্তাবিত বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তুতিমূলক কার্য ক্রম সম্পন্ন করণ।					

১২. ২০১৮-২০১৯ অর্থ বছরের উল্লেখযোগ্য সাফল্যঃ

বর্তমান সরকারের সময় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিশাল অর্জনের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি তথ্য নিম্নে দেওয়া হলঃ

১. পল্লী এলাকায় ২০১৮-১৯ অর্থ বছরে প্রায় ৮৭৭১৯ টি পানির উৎস স্থাপন করা হয়েছে।
২. স্বল্পমূল্যের ৩৫০৩০ টি স্যানিটারী ল্যাট্রিন নির্ম াণকরা হয়েছে।
৩. ১৫৪ টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে।
৪. ১৭৭০ টি শেয়ারড ল্যাট্রিন (Shared Latrine) স্থাপন করা হয়েছে।
৫. কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলায় ৩২ টি রোহিঙ্গা ক্যাম্পে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদান করা হয়েছে।

রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন

১। ভূমিকা:

ক) গত ৩০ জুন, ২০১৬ জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের মেয়াদ শেষ হলে জন্ম ও মৃত্যু নিবন্ধনের চলমান কার্যক্রম অব্যাহত রাখা ও টেকসই করার লক্ষ্যে জন্ম ও মৃতু নিবন্ধন (সংশোধিত) আইন, ২০১৩ এর বিধানমতে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়। সরকারের রাজস্ব বাজেটের আওতায় একটি নতুন অফিস প্রতিষ্ঠার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগের গত ০১ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের পত্র নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০১৯.২০১৬-৫১৬ মূলে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় প্রতিষ্ঠা করা হয় যা গত ০৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের গেজেটে প্রকাশিত হয়।

দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশী মিশনসমূহের জন্য আলাদা আলাদা জন্ম ও মত্যু নিবন্ধন বিধিমালা থাকায় তা প্রয়োগের ক্ষেত্রে সমস্যা দেখা দেয়ায় পূর্বের ৫টি বিধিমালা একীভূত করে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৭ প্রণয়ন করা হয়। পরবর্তীতে জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি আরও সহজিকরণের লক্ষে ২০১৭ সালে প্রণীত বিধিমালায় বেশ কিছু পরিবর্তন এনে জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ জারী করা হয়। যা ০৮ মার্চ ২০১৮ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হয়।

২। লক্ষ্য ও উদ্দেশ্য:

জন্ম ও মৃত্যু নিবন্ধনের মাধ্যমে দেশের সকল নাগরিকের আইনগত পরিচিতি নিশ্চিতকরণ এবং অনলাইনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে শক্তিশালীকরণের মাধ্যমে সকল নাগরিকের শুদ্ধ ডাটাবেইজ তৈরীতে সহায়তা করে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণ।

৩। প্রধান কার্যক্রম/সেবাসমূহ:

ক) উন্নত দেশের ন্যায় আধুনিক, সময় সাশ্রয়ী ও ব্যবহারবান্ধব জন্ম ও মৃত্যু নিবন্ধন পদ্ধতি চালুকরণ।

খ) ব্যক্তি ও জাতীয় পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের গুরুত্ব ও আইনগত বাধ্যবাধকতার বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি।

গ) অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমকে আরও গতিশীল, ব্যবহারবান্ধব, সেবাধর্মী করণের জন্য বিদ্যমান Software-এর উন্নয়ন।

ঘ) ১৭টি সরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ এবং ৪টি সেবা প্রাপ্তির ক্ষেত্রে মৃত্যু নিবন্ধন সনদের ব্যবহারের বাধ্যবাধকতার বিষয়টি জোরদারকরণ।

ঙ) মন্ত্রিপরিষদ বিভাগের অধীন সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্টাটিস্টিক্স (CRVS)-কে শক্তিশালীকরণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধনের সিস্টেমের সাথে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, জাতীয় পরিচয়পত্র কর্তৃপক্ষ, স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের সিস্টেমের সাথে সমন্বিতকরণ (Integration)এবং আন্তঃপরিচালনযোগ্য (Interoperable) করণ।

চ) জন্ম ও মৃত্যুর ঘটনার ৪৫ দিনের মধ্যে নিবন্ধনে নাগরিকদের উৎসাহিত করে বাল্য বিবাহ, শিশু শ্রম ইত্যাদি রোধের মাধ্যমে শিশু অধিকার রক্ষায় সহযোগিতাকরণ।

ছ) দেশের সকল ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি করপোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের মিশনসমূহে জন্ম ও মৃত্যু নিবন্ধনের আয়-ব্যয়ের হিসাব পরিচালনা পদ্ধতি আধুনিকীকরণ।

৪। প্রশাসনিক কাঠামো ও জনবল :

ক্রমিক	অনুমোদিত জনবল	কর্মরত	২০১৭-১৮ অর্থ বছরে পূরণকৃত পদসংখ্যা	সৃষ্ট পদ	শূন্য পদ	মন্তব্য
০১	১ম শ্রেণী	০৩ জন	০১টি	-	০৪টি	পিএসসি কর্তৃক নিয়োগ প্রক্রিয়াধীন
০২	২য় শ্রেণী	-	-	-	-	-
০৩	৩য় শ্রেণী	০১ জন	০১টি	-	০৬টি	৩টি পদে নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন এবং ৩টি পদে মামলার কারণে নিয়োগ দেয়া সম্ভব হচ্ছেনা।
০৪	৪র্থ শ্রেণী	১১ জন	১১ টি	-	-	
সর্বমোট		১৫ জন	১৩টি		১০টি	

৫। সচেতনতামূলক ও কারিগরি সহায়তামূলক কার্যক্রম :

ক) ডিডিএলজি, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান;

খ) জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন;

গ) ৫১০৭ নিবন্ধক অফিসকে জন্ম ও মত্যু নিবন্ধনে কারিগরি সহায়তা প্রদান;

৬। জন্ম ও মৃত্যু নিবন্ধনের সংখ্যা :

বিবরণ	সংখ্যা
জন্ম নিবন্ধন (৩০ জুন, ২০১৮ পর্যন্ত)	১৬,১৭,০৪,৭৫২ জন
মৃত্যু নিবন্ধন (৩০ জুন, ২০১৮ পর্যন্ত)	৭৭,৫৬,৬০৬ জন

৭। ২০১৭-১৮ অর্থ বছরের সাফল্য :

- প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন ঃ ২৮ টি;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ওয়ার্কশপ/সেমিনার আয়োজন ঃ ৫ টি;
- জন্ম ও মৃত্যু নিবন্ধন সংশোধনে নিবন্ধকগণকে কারিগরি সহায়তা প্রদান ঃ ৬০০ টি;
- ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধনের হার বৃদ্ধি ঃ ১০% এ উন্নীতকরণ।

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

ভূমিকা ঃ

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা) ঢাকা মহানগরবাসীর সুপেয় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সেবা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান। ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত এ ওয়াসা একটি সেবামূলক বাণিজ্যিক প্রতিষ্ঠান যা ***ওয়াসা এ্যাক্ট ১৯৯৬*** দ্বারা পরিচালিত। ঢাকা মহানগরীর পানি সরবরাহ, পয়ঃ নিষ্কাশন ও আংশিক ড্রেনেজ ব্যবস্থাপনার মত তিনটি অতিগুরুত্বপূর্ণ সেবা প্রদানের দায়িত্ব ঢাকা ওয়াসার উপর ন্যস্ত। ঢাকা ওয়াসা সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক নির্দেশনা ও সহযোগিতার কারণে জনসম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে পরিবেশ-বান্ধব, টেকসই ও গণমূখী পানি ব্যবস্থাপনার কার্যক্রম গ্রহণ করেছে। ঢাকা মহানগরীর প্রায় ১ কোটি ৭৫ লক্ষ জনমানবের দৈনন্দিন ব্যবহারের জন্যে নিরাপদ পানি সরবরাহ করছে ঢাকা ওয়াসা। যা দৈনিক প্রায় ২৪০ কোটি লিটার। এ সরবরাহের মধ্যে ১৯২ কোটি লিটার পানি ভূ-গর্ভস্থ উৎস থেকে এবং প্রায় ৪৮ কোটি লিটার ভূ-উপরিস্থ উৎস থেকে সরবরাহ করা হয়ে থাকে। শতকরা অনুপাতে যা প্রায় ২২:৭৮ ভাগ। ভূ-উপরিস্থ উৎসের ২২% পানি সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ ও ফেজ-২ সহ মোট ৫ টি পানি শোধনাগার থেকে সরবরাহ করা হয়ে থাকে।

চিত্র-১ : মাননীয় প্রধানমন্ত্র শেখ হাসিনা **'দাশেরকান্দি পয়:শোধনাগার নির্মাণ প্রকল্প'** এর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে

চিত্র-২:**'দাশেরকান্দি পয়:শোধনাগার নির্মাণ প্রকল্প'** ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী এবং ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক মহোদয়।

ঢাকা ওয়াসার উন্নয়নে সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ওয়াশ (WASH) সেক্টরের নীতি ও কৌশল বাস্তবায়নে উপখাত ভিত্তিক লক্ষ্য, লক্ষ্যমাত্রা, কৌশল এবং কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার উপখাত ভিত্তিক লক্ষ্য, লক্ষ্যমাত্রা, কৌশল এবং কর্মসূচি (অনুচ্ছেদ - ৯.৭) তে বিবৃত আছে যে, ..'ঢাকা শহরের নিরাপদ পানি, পয়: নিষ্কাশন সরবরাহ সুনিশ্চিত করতে এবং জলাবদ্ধতা দূর করতে ঢাকা ওয়াসার কৌশলগত লক্ষ্য রয়েছে। টেকসই পানি সরবরাহ কৌশলের অংশ হিসেবে ঢাকা ওয়াসা পানি উৎপাদিন ব্যবস্থা নিশ্চিত করতে চায়, যেখানে ৭০ ভাগ পানি আসবে ভূপৃষ্ঠস্থ উৎস হতে এবং বাকি ৩০ ভাগ আসবে ভূ-গর্ভস্থ উৎস হতে। সপ্তম পরিকল্পনার মেয়াদে ঢাকা ওয়াসা নগরবাসীর জন্য স্যানিটেশন সুবিধা ৪০ভাগ থেকে ৬০ ভাগে উন্নীত করার কৌশল গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে শহর থেকে জলাবদ্ধতা দূরীকরণসহ নগরবাসীর জন্য স্বাস্থ্যকর জীবনযাপন নিশ্চিত করতে ঢাকা ওয়াসা নিষ্কাশন সুবিধা ৬০% থেকে ৮০% এ উন্নীত করবে..।' উক্ত নীতি-কৌশল ও লক্ষ্যমাত্রা পূরণে ঢাকা ওয়াসা বদ্ধপরিকর। এছাড়াও, ঢাকা ওয়াসা জাতিসংঘ ঘোষিত ২০৩০ সালের মধ্যে **"টেকসই উন্নয়ন অভিষ্ট লক্ষ্যমাত্রা"** (Sustainable Development Goals - **SDGs**) অর্জনে পানি সরবরাহ ও পয়:নিস্কাশন ব্যবস্থার উন্নয়নে কাজ করে চলছে।

বর্তমানে ঢাকা ওয়াসার লক্ষ্য হচ্ছে শহরবাসীর জন্য শতভাগ পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন সুবিধাসহ এর নিরাপদ ব্যবহার ও কার্যকরী ব্যবস্থাপনা নিশ্চিতকরণের মাধ্যমে জনসাধারনের জীবনমান উন্নয়ন করা।উপর্যুক্ত লক্ষ্য ও উদ্দেশ্যপূরণের জন্য এবং ভবিষ্যতে নগরবাসীর জীবনমানের আরো উন্নয়নের জন্য ঢাকা ওয়াসা Water Master Plan I Sewerage Master Plan প্রণয়ন করেছে। পানি সরবরাহের ক্ষেত্রে, ২০২৫ সালের মধ্যে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির অনুপাত ৩০:৭০ ভাগে উন্নীত করাই উক্ত মহাপরিকল্পনার লক্ষ্য।

২। লক্ষ্য ও উদ্দেশ্য ঃ

ঢাকা ওয়াসার আওতাধীন এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে নগরবাসীর জীবন যাত্রার মান উন্নয়ন করাই ঢাকা ওয়াসার মূল লক্ষ্য ও উদ্দেশ্য।

- ঢাকা ওয়াসার ভিশন ঃ

এশিয়ার পাবলিক সেক্টরে পরিবেশ বান্ধব, গণমুখি ও টেকসই পানি ব্যবস্থাপনার মাধ্যমে সর্বোত্তম পানি সরবরাহকারী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হওয়া।

- **ঢাকা ওয়াসার মিশনঃ**
  - সর্বদা গ্রাহককে উন্নত সেবা প্রদান।
  - দ্রুত ও কার্যকরভাবে প্রকল্পসমূহ বাস্তবায়ন ।
  - ভূগর্ভস্থ পানির পরিবর্তে ভূ-উপরিস্থ পানি সরবরাহ।
  - প্রশাসন ও পরিচালনা বিভাগে কর্পোরেট কালচার বাস্তবায়ন করা।
  - সর্বোচ্চ পর্যায়ে স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত ।
  - দক্ষতা বৃদ্ধি এবং পরিচালন ব্যয় কমানো।

উপর্যুক্ত লক্ষ্য এবং উদ্দেশ্য পূরণকল্পে চলতি অর্থ বছরে- ক. **তেতুলঝরা-ভাকুর্তা ওয়েল ফিল্ড নির্মাণ প্রকল্প, খ. পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার নির্মাণ প্রকল্প** এবং গ. **অন্তবর্তীকালীন পানি সরবরাহ প্রকল্প** শীর্ষক ৩টি প্রকল্পের বাস্তবায়ন কাজ শেষ করা সম্ভব হয়েছে:



চিত্র-১: আয়রন রিমুভাল প্লান্ট-১

চিত্র-২: আয়রন রিমুভাল প্লান্ট-২

চিত্র-৩: সাপ্লাই লাইনের রিভার ক্রসিং ওয়ার্কস্

খ. **পদ্মা (যশলদিয়া) পানি শোধনাগার প্রকল্প (সং-২):** এ প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল পদ্মা নদীর পানি শোধনের মাধ্যমে দৈনিক ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা মহানগরীতে সরবরাহ করা। চীন সরকারের আর্থিক সহায়তায় প্রকল্পটি জুন,২০১৯ সাল নাগাদ তা সমাপ্ত হয়। প্রকল্পটির প্রাক্কলিত মোট প্রকল্প ব্যয় ছিল ৩৬৭০.৫০ কোটি টাকা।

চিত্র-১: পানি শোধনাগার কম্পাউন্ড

চিত্র-২: প্রসেসিং ইউনিট

চিত্র-৩: ফিল্টার সেকশন

চিত্র-৪: শোধনাগারের বুস্টার পাম্প

গ. **অন্তবর্তীকালীন পানি সরবরাহ প্রকল্প (সংশোধিত):** বিদ্যমান পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার স্বার্থে অন্তর্বর্তী সময়ে এ প্রকল্পটির মাধ্যমে মহানগরীতে প্রায় দৈনিক ১২১ কোটি লিটার ভূ-গর্ভস্থ নিরাপদ পানি সরবরাহ করাই ছিল মূল উদ্দেশ্য। প্রকল্পটির জুন,২০১৯ নাগাদ বাস্তবায়ন কাজ সম্পন্ন করা হয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ছিল ৬১২.০০ কোটি টাকা।

চিত্র-১: নির্মিত পাম্প হাউজ

চিত্র-২: বোরহোল সংলগ্ন এলাকা

চিত্র-৩: সংগৃহিত মাটির নমুনা

চিত্র-৪: পাম্প স্থাপন কার্যক্রম

এছাড়াও, বর্তমানে ঢাকা ওয়াসা তার মিশন-ভিশনকে সামনে রেখে সপ্তম পঞ্চমবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে বেশ কয়েকটি বৃহৎ (গবমধ) প্রকল্প গ্রহণ করা হয়েছে। এর মধ্যে যে সকল প্রকল্প উল্লেখযোগ্য তাদের সংক্ষিপ্ত বর্ণনা নীচে তুলে ধরা হলো:

১) **গন্ধবপুর পানি শোধনাগার:** মেঘনা নদী থেকে প্রায় দৈনিক ৫০ কোটি লিটার পরিশোধিত পানি **'ঢাকা এনভায়রনমেন্টালি সাসটেনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট'** এর অধীন এ শোধনাগারের মাধ্যমে ঢাকা শহরে সরবরাহ করা হবে। এডিবি, ইআইবি ও এএফডি এর আর্থিক সহায়তায় প্রকল্পের কাজ শুরু করা হয়েছে এবং তা জুন,২০২২ সাল নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। প্রাথমিকভাবে প্রকল্পটির প্রাক্কলিত মোটব্যয় ছিল ৫২৪৮ কোটি টাকা। পরবর্তীতে তা সংশোধন করে ৮২৩১.৬৭ কোটি টাকায় বাস্তবায়নের প্রস্তাব করা হয়েছে।

২) **সায়েদাবাদ পানি শোধনাগার (ফেজ-৩) প্রকল্প:** প্রকল্পটি বাস্তবায়ন করার মাধ্যমে মেঘনা নদী থেকে দৈনিক ৪৫ কোটি লিটার পরিশোধিত পানি ঢাকা শহরে সরবরাহ করা সম্ভব হবে। ড্যানিডা, ইআইবি, কেএফডব্লিউ ও এএফডি এর আর্থিক সহায়তায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের ঋণচুক্তি সম্পন্ন না হওয়ায় ২০২০ সাল নাগাদ প্রকল্পটির কাজ সম্পন্ন করার সময় নির্ধারিত থাকলেও তা যথাসময়ে বাস্তবায়ন করা সম্ভব হবেনা। ফলে উক্ত সময়ের মধ্যে কাজটি সম্পাদন না করতে পাড়ায় সময় বর্ধিতকরণসহ ডি পি পি সংশোধনের জন্য শীঘ্রই প্রশাসনিক মন্ত্রণালয়ে পাঠানো হবে। প্রাথমিকভাবে প্রকল্পটির প্রাক্কলিত মোটব্যয় ৪৫৯৭.৩৬ কোটি টাকা।

৩) **ঢাকা পানি সরবরাহ 'নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট' প্রকল্প:** ঢাকা মহানগরবাসীকে সার্বক্ষণিক নির্ভরযোগ্য পানির সরবরাহ এবং ঢাকা ওয়াসার সেবার মান ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সকল পানি সরবরাহ নেটওয়ার্ক ও গ্রাহক সাধারণের পানির সংযোগ পুনর্বাসন, শক্তিশালী করে ডিস্ট্রিক্ট মিটাররিং এরিয়া (উগঅ) প্রতিষ্ঠা করে স্বল্প আয়ের জনগোষ্ঠী, বস্তিবাসীসহ সকল নগরবাসীকে সুপেয় পানি সরবরাহ করা এবং ঘড়হ-জবাবহঁব ডধঃবৎ (ঘজড) এর পরিমাণ শূন্য পর্যায়ে কমিয়ে

আনার লক্ষ্যে এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংকের আর্থিক সহয়তায় **'নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট '** নামে একটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত মোটব্যয় ৩১৮২.৩০কোটি টাকা।

এছাড়া পয়ঃ সেবা সম্প্রসারণ, পয়ঃশোধনাগার আধুনিকায়ন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ৬০% এ উন্নীতকরণের লক্ষ্যে ঢাকা ওয়াসা নিম্ন বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে :

১. দাশেরকান্দি পয়: শোধনাগার নির্মাণ প্রকল্প : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৯ আগস্ট,২০১৮ সোনারগাও হোটেলে এক আরম্ভরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে দাশেরকান্দি পয়:শোধনাগার প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ প্রকল্পের মাধ্যমে হাতিরঝিল, গুলশান, বনশ্রী, বারিধারা, বসুন্ধরা, বনানী, রাজাবাজার, তেজগাও এবং তৎসংলগ্ন এলাকার প্রায় ৫০ লক্ষ লোক আধুনিক পয়:নিস্কাশন ব্যবস্থার সুবিধাদি লাভ করবে। দাশেরকান্দি পয়:শোধনাগার স্থাপন প্রকল্পটি ঢাকা ওয়াসা একটি বৃহৎ প্রকল্প যার মাধ্যমে ২০২৫ সালের মধ্যে মহানগরবাসীকে পাইপ লাইনের মাধম্যে পয়:সেবা প্রদান করা সম্ভব হবে। প্রকল্পটি চীনের আর্থিক সহায়তায় বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির প্রাক্কলিত মোটব্যয় ৩৩১৭.৭৭ কোটি টাকা এবং এটি ডিসেম্বর, ২০১৯ সাল নাগাদ সমাপ্তির জন্য নির্ধারিত হলেও তা যথাসময়ে সমাপ্ত করা সম্ভব হবেনা।

২.প্রিপারেটরি এক্টিভিটিস অব ঢাকা স্যানিটেশন ইম্প্রুভমেন্ট প্রজেক্ট : প্রকল্পটি বিশ্ব ব্যাংকের এর আর্থিক সহায়তায় বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় ৪১.৮৭ কোটি টাকা। এ প্রকল্পের মাধ্যমে পরবর্তীতে এ সংক্রান্ত একটি বিনিয়োগ প্রকল্পের পরামর্শক সেবা গ্রহণ সংক্রান্ত ডকুমেন্ট প্রস্তুত, প্রকল্পের ড্রইং-ডিজাইন, দরপত্র ও অন্যান্য আনুষাঙ্গিক ডকুমেন্ট প্রস্তুত করা হবে।

এছাড়াও, ঢাকা মহানগরীকে জলজটমুক্ত ও পরিবেশবান্ধব করার লক্ষ্যে বিশ্ব ব্যাংকের আর্থিক সহায়তা ঢাকা ওয়াসায় একটি ড্রেনেজ মাস্টারপ্লান প্রণয়ন করা হয়েছে। এ মহাপরিকল্পনা অনুযায়ি মহানগরীর খাল উন্নয়নের নিমিত্তে দুটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্প দুটি নীচে তুলে ধরা হলোঃ

ক. হাজারী, বাইশটেকি, কুর্মিটোলা, মান্ডা ও বেগুন বাড়ী খালে ভুমি অধিগ্রহণ এবং খনন/ পুনঃখনন প্রকল্প: প্রকল্পটির প্রক্কলিত মোটব্যয় ৬০৭.১৬ কোটি টাকা। যার মেয়াদ এপ্রিল,২০১৮ -ডিসেম্বর,২০১৯ সাল পর্যন্ত ।

খ. ঢাকা মহানগরীর ড্রেনেজ নেটওয়ার্ক সম্প্রসারণ এবং খাল উন্নয়ন প্রকল্প: প্রকল্পটির মোট প্রকল্প ব্যয় ৫৫০.৫০ কোটি টাকা। যার মেয়াদ জুলাই,২০১৮-ডিসেম্বর,২০২০ সাল পর্যন্ত।

৩.সাংগঠনিক কাঠামো ও জনবল :

ক্রঃ নং	শ্রেণী	কর্মরত পদের সংখ্যা
০১.	১ম শ্রেণী	২৬৭
০২.	২য় শ্রেণী	২৬৮
০৩.	৩য় শ্রেণী	১২৫০
০৪.	৪র্থ শ্রেণী	১৩৫১

৪. ২০১৮ -১৯ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী ঃ

খাত	লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়)	অর্জন (লক্ষ টাকায়)	বকেয়া (লক্ষ টাকায়)	বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা
রাজস্ব বিলিং (পানি ও পয়ঃ) এবং রাস্তার কল	১৩০৬২৪.০০	১৩০৬৬৮.০০	৪৫৮৩৭.৯০	বকেয়া আদায়ে ১। পারস্যুয়েশন, ২। বকেয়রা প্রত্যয়ন পত্র জারী। ৩। সংযোগ বিচ্যুতির নোটিশ জারী ও সংযোগ বিচ্যুতির মাধ্যমে বকেয়া আদায়। ৪। পিডিআর এ্যাক্ট- এর মাধ্যমে বকেয়া আদায়। ৫। ভ্রাম্যমান আদালত পরিচালনার মাধ্যমে বকেয়া আদায়ের জন্য ড্রাইভ পরিচালনা।
গভীর নলকূপ	১৮০৬.২১	১৯৮১.২৭	১৬৭২.৪৬	
জার/বোতল এর মাধ্যমে পানি অনুমতি	১০.০০	১০.২৬	১৭.৫৪	
মোট	১৩২৪৪০.২১	১৩২৬৫৯.৫৩	৪৭৫২৭.৯০	

৫. চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বিবরণী ঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম /অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষন/সমাপ্তি কাল	প্রকল্পের উদ্দেশ্য		লক্ষ্য মাত্রা		অগ্রগতি	
			প্রধান অংগের নাম	বাস্তব	আর্থিক (লক্ষ টাকা)	বাস্তব	আর্থিক (লক্ষ টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮
১।	প্রকল্পের নাম :সাভারের তেতুলঝড়া -ভাকুর্তা সংলগ্ন এলাকায় ওয়েলফিল্ড নির্মাণ (১ম পর্ব) অর্থায়নের উৎসঃ এডাই/ কড়ৎরধ আর্থিক সংশ্লেষন (লক্ষ টাকায়) মোট ৫৭৩০০.০০ টাকা ঃ ২০০০৫.০০ ঢাকা ওয়াসা ঃ ১০০০.০০ প্রকল্প সাহায্য ঃ ৩৬২৯৫.০০ সমাপ্তিকাল ঃ জুন, ২০১৯	ঢাকা ওয়াসার বর্তমান পানি সরবরাহ ব্যবস্থাপনায় দৈনিক ১৫ কোটি লিটর পানি সরবরাহ ব্যবস্থাপনা অন্তর্ভূক্তির মাধ্যমে বর্তমান ঢাকাসহ বৃহত্তর মিরপুর এলাকার পানির চাহিদা পূরন করতঃ মিরপুরের ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরতা হ্রাসকরণ।	১। ওয়াটার ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিশন লাইন	০.৭৮ কি.মি	২১৪.৮১	০.৭৮ কি.মি	১০০.০০
			২। গভীর নলকূপ স্থাপন	৬.০০ টি	২০১৭.৮৩	৬ টি	১৯৯৬.৬
			৩। ইলেট্রিক সাব স্টেশন, রোড কাটিং চার্জ ও অন্যান্য		৫৫৯২.৩৬		৫৫৮৪.৪২
	মোট(লক্ষ টাকা) ঃ				৭৮২৫.০০	১০০%	৭৬৮১.০২ (৯৮.১৬%)
২।	প্রকল্পের নাম :পদ্মা(জশলদিয়া) পানি শোধনাগার প্রকল্প অর্থায়নের উৎসঃ এডাই/ ঈঐওঘঅ আর্থিক সংশ্লেষন (লক্ষ টাকায়) মোটঃ ৩৬৭০৪৯.৪২ টাকাঃ ১২৪৩৫৭.৮২ ঢাকা ওয়াসাঃ ২২০০.০০ প্রকল্প সাহায্যঃ ২৪০৪৯১.৬০ সমাপ্তিকালঃ জুন, ২০১৯	প্রকল্পটির মূল উদ্দেশ্য হলো মুন্সিগঞ্জ জেলার লৌহজং উপজেলাধীন (মাওয়া থেকে ৩ কি:মি: পশ্চিমে) যশলদিয়ায় একটি পানি শোধনাগার ও আনুসঙ্গিক অবকাঠামো নির্মাণ করে বর্তমান সরবরাহের অতিরিক্ত দৈনিক প্রায় ৪৫০ মিলিয়ন লিটার পরিশোধিত পানি ঢাকা শহরে সরবরাহ করা।	১। পানি শোধনাগার নির্মাণ	১০০%	১০৭৩৫৩.০০	১০০%	১০৭৩৫২.৬০
			২। সিডি ও আইটি ভ্যাট		২৯৮৩২.০০		২৯৮৭৩.২৩
			৩। অন্যান্য-		৮৮৬০.০০		৭৯৪৮.২৭
	মোট(লক্ষ টাকা) ঃ				**১৪১৮৪৫.০০**	**১০০.১৪%**	**১৪৫১৭৪.১ (৯৯.৪০%)**
	প্রকল্পের নাম : ঢাকা এনভায়রণ মেন্টালি সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রজেক্ট।	ভূ-উপরিস্থ ৫০০ এমএলডি পানি পরিশোধন ও সরবরাহ করা যার মাধ্যমে ঢাকা মহানগরীর পানি	১।পানির লাইন নির্মাণ ও পূনর্বাসন	২০০.০০ কি.মি	৫২৩০.০০	২০০.০০ কি.মি	৫৮৪৮.১৪

ক্রমিক নং	প্রকল্পের নাম /অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষন/সমাপ্তি কাল	প্রকল্পের উদ্দেশ্য		লক্ষ্য মাত্রা		অগ্রগতি	
			প্রধান অংগের নাম	বাস্তব	আর্থিক (লক্ষ টাকা)	বাস্তব	আর্থিক (লক্ষ টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮
